Banglajobguide.blogspot.com T.me/BanglaJobGuide T.me/BangoSongbad

কাজের খবরে ১ নম্বর কর্মক্ষেত্র কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2019 Q3

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765
★ www.ekarmakshetra.com

পি এস সি-র মাধ্যমে ডব্লু বি সি এস প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর ...পৃঃ ১০

বর্ষ ৪০ সংখ্যা ২৭ কলকাতা বুধবার, ২৯ জানুয়ারি ২০২০/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ১৪ মাঘ ১৪২৬ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80

# আর্মিতে শতাধিক ইঞ্জিনিয়ার

১৮৬ জন ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট নেবে ভারতীয় সেনাবাহিনী। পুরুষদের ৫৫তম শর্ট সার্ভিস কমিশন (টেকনিক্যাল) কোর্স এবং মহিলাদের ২৬তম শর্ট সার্ভিস কমিশন (টেকনিক্যাল) কোর্সে ট্রেনিং দিয়ে নিয়োগ করা হবে বিভিন্ন টেকনিক্যাল শাখায়। কোর্স শুরু হবে ২০২০-এর অক্টোবরে।

৫৫তম শর্ট সার্ভিস কমিশনের (টেকনিক্যাল) মাধ্যমে টেকনিক্যাল বিভাগে পুরুষদের ১৭৩টি শূন্যপদ পূরণ করা হবে। নিয়োগ হবে বিভিন্ন শাখায়। **শাখা অনুসারে শূন্যপদের বিন্যাস**: সিভিল: ৪২টি। মেকানিক্যাল: ১৪টি। ইলেক্ট্রিক্যাল/ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স: ১৭টি। ইনফর্মেশন টেকনোলজি/ কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার টেকনোলজি/ এম এসসি (কম্পিউটার সায়েন্স): ৫৮টি। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকম/ টেলি-কমিউনিকেশন/স্যাটেলাইট কমিউনি-কেশন: ২১টি। ইলেক্ট্রনিক্স/অপ্টো ইলেক্ট্রনিক্স/ফাইবার অপটিক্স/ মাইক্রো ইলেক্ট্রনিক্স অ্যান্ড মাইক্রোওয়েভ: ৮টি। আর্কিটেকচার/ বিল্ডিং কনস্ট্রাকশন টেকনোলজি: ৫টি। অ্যারোনটিক্যাল/ অ্যাভিওনিক্স/ব্যালিস্টিক্স/অ্যারোস্পেস: ৮টি।

## অনলাইন দরখাস্ত করা যাবে ২০ ফেব্রুয়ারি পর্যন্ত

২৬তম শর্ট সার্ভিস কমিশনে মহিলাদের জন্য মোট শূন্যপদের সংখ্যা ১৩টি। **শাখা অনুসারে শূন্যপদ**: সিভিল: ৩টি। মেকানিক্যাল: ২টি। ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স: ২টি। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন/ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকম/ টেলিকমিউনিকেশন/ স্যাটেলাইট কমিউনিকেশন: ৩টি। ইনফর্মেশন টেকনোলজি/ কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার টেকনোলজি/এম এসসি (কম্পিউটার সায়েন্স): ৩টি।

**শিক্ষাগত যোগ্যতা**: নির্ধারিত শাখায় নিম্নলিখিত তালিকা অনুসারে যে-কোনও একটি বিষয়ে ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে। সিভিলের ক্ষেত্রে সিভিল ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং (স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং), স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং। মেকানি-ক্যালের ক্ষেত্রে মেকানিক্যাল

*এরপর পনেরোর পাতায়*

# কেন্দ্রীয় বাহিনীগুলির ৮৪ হাজার শূন্যপদে নিয়োগের উদ্যোগ

**নিজস্ব প্রতিনিধি**: বিপুল শূন্যপদ তৈরি হয়েছে কেন্দ্রীয় আধা সামরিক বাহিনীগুলিতে। সবক'টি বাহিনী মিলিয়ে শূন্যপদের সংখ্যা প্রায় ৮৪ হাজার। কেন্দ্রীয় সরকারের তরফে এই শূন্যপদের কথা জানানো হয়েছে। ২০২০-২১ আর্থিক বছরে সি আই এস এফ, বি এস এফ, সি আর পি এফ, সশস্ত্র সীমা বল, আই টি বি পি-র মতো কেন্দ্রীয় বাহিনীগুলিতে বড় সংখ্যক শূন্যপদ পূরণের তোড়জোড় চলছে। বাহিনীগুলির কনস্টেবল ও সাব-ইনস্পেক্টরের প্রচুর সংখ্যক শূন্যপদে নিয়োগের সম্ভাবনা তৈরি হয়েছে।

উল্লেখ্য, আধা সামরিক বাহিনীগুলির কনস্টেবল, সাব-ইনস্পেক্টরের মতো পদগুলির জন্য প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে লিখিত পরীক্ষার সঙ্গে দৈহিক সক্ষমতার পরীক্ষা নেওয়া হয়। ফলে এইসব পদের চাকরিতে আগ্রহীদের অনেক আগে থেকেই বিভিন্ন স্তরের পরীক্ষার জন্য প্রস্তুতি নেওয়ার দরকার রয়েছে।

# কলকাতা দূরদর্শনে চাকরি

সংবাদ পাঠক, সহকারী বার্তা সম্পাদক, কম্পিউটার গ্রাফিক্স অপারেটর-সহ বিভিন্ন পদে কিছু কর্মী নেবে প্রসার ভারতী। অস্থায়ী ও প্রয়োজনভিত্তিক চুক্তিতে নিয়োগ হবে কলকাতা দূরদর্শন কেন্দ্রে।

শূন্যপদের বিবরণ: **সংবাদ পাঠক**: স্নাতক। বাংলা ভাষায় ব্যুৎপত্তি থাকতে হবে। উচ্চারণ, বাচনভঙ্গি ভালো হতে হবে। স্থানীয়, জাতীয় এবং আন্তর্জাতিক খবরাখবর এবং বিখ্যাত ব্যক্তিত্বদের বিষয়ে জ্ঞান থাকতে হবে। ইংরেজি ও হিন্দি ভাষা জানলে, ইন্টারভিউ নেওয়া, নিউজ রিপোর্টিং ও নিউজ লেখার ক্ষমতা থাকলে, টেলিভিশন বা রেডিও মাধ্যমে কাজের অভিজ্ঞতা থাকলে, সাংবাদিকতার অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ২৫-১-২০২০ তারিখে ২১ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।

**পোস্ট প্রোডাকশন অ্যাসিস্ট্যান্ট**: শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে ফিল্ম অ্যান্ড ভিডিও এডিটিংয়ে ডিগ্রি বা ডিপ্লোমা। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

*এরপর পনেরোর পাতায়*

## হায়দরাবাদ আই আই টিতে ১১৩

জুনিয়র টেকনিশিয়ান, মাল্টি স্কিল অ্যাসিস্ট্যান্ট গ্রেড-১, এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট-সহ নানা পদে ১১৩ জনকে নেবে হায়দরাবাদের ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: IITH/2020/Rec/NF/8.

শূন্যপদের বিবরণ: **স্পোর্টস অফিসার গ্রেড-১**: ৫টি (সাধারণ ৪, ও বি সি ১)। **এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট**: ১৮টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, ও বি সি ৬, আর্থিকভাবে অনগ্রসর ৩)। **জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট**: ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)। **জুনিয়র টেকনিশিয়ান**: ৩৬টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৪, ও বি সি ৯, আর্থিকভাবে অনগ্রসর ৬)। **মাল্টি স্কিল অ্যাসিস্ট্যান্ট গ্রেড-১**: ২২টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬, আর্থিকভাবে অনগ্রসর ২)। **টেকনি-ক্যাল সুপারিন্টেন্ডেন্ট**: ২৬টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭, আর্থিকভাবে অনগ্রসর ৪)।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://recruitment.iith.ac.in দরখাস্তের শেষ তারিখ ১৭ ফেব্রুয়ারি। আবেদনের যোগ্যতা, দরখাস্ত ও ফি-সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# সেন্ট্রাল টিচার এলিজিবিলিটি টেস্ট ৫ জুলাই

দেশের সহস্রাধিক কেন্দ্রীয় সরকারি স্কুলে শিক্ষকতার যোগ্যতা নির্ণায়ক সেন্ট্রাল টিচার এলিজিবিলিটি টেস্ট (সি টি ই টি) ৫ জুলাই। পরীক্ষা পরিচালনা করবেন সেন্ট্রাল বোর্ড অব সেকেন্ডারি এডুকেশন (সি বি এস ই)। এই পরীক্ষার জন্য অনলাইন দরখাস্ত করা যাবে ২৪ ফেব্রুয়ারি পর্যন্ত। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে।

এই পরীক্ষায় সফল হলে গোটা দেশের সমস্ত কেন্দ্রীয় বিদ্যালয়, নবোদয় বিদ্যালয় এবং সেন্ট্রাল টিবেটান স্কুলগুলিতে অষ্টম শ্রেণি পর্যন্ত শিক্ষকতার যোগ্যতা অর্জন করা যাবে। এছাড়াও চণ্ডীগড়, লাক্ষাদ্বীপ, আন্দামান-নিকোবর দ্বীপপুঞ্জ, দমন ও দিউ, দাদরা ও নগর হাভেলি ও দিল্লি প্রশাসনের অধীন স্কুলগুলিতেও এইসব ক্লাসে শিক্ষকতার জন্য বিবেচিত হবেন এই পরীক্ষায় সফল হলে। দেশের বেসরকারি স্কুলগুলি এবং দেশের কোনও রাজ্যের সরকার রাজ্যস্তরে শিক্ষক নিয়োগের যোগ্যতা নির্ণায়ক পরীক্ষা (টিচার এলিজিবিলিটি টেস্ট) না নিলে সি টি ই টি পরীক্ষাটির ফলাফলকে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে গ্রাহ্য করতে পারবে। তবে কোনও ক্ষেত্রেই সি টি ই টি-তে সফল হলেই নিয়োগ পাবেন না। বিভিন্ন স্কুল তাদের প্রয়োজনমতো শিক্ষক নিয়োগের বিজ্ঞাপন দিলে এই যোগ্যতা থাকলে আবেদন করতে পারবেন। সি-টেট সার্টিফিকেট রেজাল্ট ঘোষণার পর থেকে সাত বছর পর্যন্ত বৈধ থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা**: প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিক্ষক পদের প্রার্থীদের ক্ষেত্রে: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক বা

*এরপর পনেরোর পাতায়*

# কটন কর্পোরেশনে চাকরি

ম্যানেজমেন্ট ট্রেনি, জুনিয়র কমার্শিয়াল এক্সিকিউটিভ ও জুনিয়র অ্যাসিস্ট্যান্ট পদে ৫৯ জন কর্মী নেবে কটন কর্পোরেশন অব ইন্ডিয়া। এটি কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে বিভিন্ন বিভাগে। প্রথমে এক বছরের প্রবেশন। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

**শূন্যপদের বিন্যাস**: পোস্ট কোড ১৬: **ম্যানেজমেন্ট ট্রেনি (মার্কেটিং)**: ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা**: এগ্রি বিজনেস ম্যানেজমেন্টে এম বি এ। এগ্রিকালচার সংক্রান্ত বিষয়ে এম বি এ ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে।

পোস্ট কোড ১৭: **ম্যানেজমেন্ট ট্রেনি (অ্যাকাউন্টস)**: ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা**: সি এ বা সি এম এ বা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ ডিগ্রি। এম এম এস বা এম কম ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। কমার্স শাখায় স্নাতকোত্তর ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে।

পোস্ট কোড ১৮: **জুনিয়র**

*এরপর পনেরোর পাতায়*

# শিপিং কর্পোরেশনে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে ৪৫ জনকে নেবে শিপিং কর্পোরেশন অব ইন্ডিয়া। প্রথমে ১ বছরের ট্রেনিং। ট্রেনিং শেষে নিয়োগ করা হবে ২ বছরের চুক্তিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 02/2019.

শূন্যপদের বিবরণ: **ফিনান্স**: ১০টি। শিক্ষাগত যোগ্যতা: চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি বা কস্ট অ্যাকাউন্ট্যান্সি পাশ।

**হিউম্যান রিসোর্স**: ১০টি। শিক্ষাগত যোগ্যতা: পার্সোনেল ম্যানেজমেন্ট হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বা ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বা লেবার

*এরপর পনেরোর পাতায়*




# ইন্ডিয়ান ব্যাঙ্কে ১১০ ম্যানেজার

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ক্রেডিট), ম্যানেজার (ক্রেডিট) এবং ম্যানেজার (ফোরেক্স) পদে ১১০ জনকে নেবে ইন্ডিয়ান ব্যাঙ্ক। ১ থেকে ২ বছরের প্রবেশন। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে।

**শূন্যপদের বিবরণ**: পোস্ট কোড ১: অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ক্রেডিট)-স্কেল ওয়ান: ৮৫টি (সাধারণ ৩৫, তফসিলি জাতি ১৩, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২৩, আর্থিকভাবে অনগ্রসর ৮)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থিসংক্রান্ত, দৃষ্টিসংক্রান্ত এবং শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত।

পোস্ট কোড ২: ম্যানেজার (ক্রেডিট)-স্কেল টু: ১৫টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিকভাবে অনগ্রসর ১)।

পোস্ট কোড ৪: ম্যানেজার (ফোরেক্স)-স্কেল টু: ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে বৌদ্ধিক প্রতিবন্ধীর জন্য ১টি শূন্যপদ সংরক্ষিত।

শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে বিজনেস বা ম্যানেজমেন্ট বা ফিনান্স বা ব্যাঙ্কিংয়ে অন্তত ২ বছর মেয়াদের স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পাশ। অথবা সি এ বা আই সি ডব্লু এ বা সি এফ এ। উপরোক্ত যোগ্যতার পাশাপাশি ম্যানেজার (ক্রেডিট) পদের ক্ষেত্রে কোনও ব্যাঙ্কে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা এবং ম্যানেজার (ফোরেক্স) পদের ক্ষেত্রে কোনও ব্যাঙ্কে ইন্টারব্যাঙ্ক অ্যান্ড ক্রস কারেন্সি ডিল বা ট্রেড ফিনান্স পোর্টফোলিও হ্যান্ডলিংয়ের কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স**: ১-৭-২০১৯ তারিখে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদের ক্ষেত্রে ২০ থেকে ৩০ বছর এবং ম্যানেজার পদের ক্ষেত্রে ২৫ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

বেতনক্রম: স্কেল-ওয়ান পদের ক্ষেত্রে ২৩,৭০০-৪২,০২০ টাকা এবং স্কেল-টু পদের ক্ষেত্রে ৩১,৭০৫-৪৫,৯৫০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ৮ মার্চ। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র বৃহত্তর কলকাতা এবং শিলিগুড়ি। পরীক্ষার কললেটার ২০ ফেব্রুয়ারি থেকে ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.indianbank.in

*এরপর ষোলোর পাতায়*

Banglajobguide.blogspot.com T.me/BanglaJobGuide T.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com T.me/BanglaJobGuide T.me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# রসগোল্লা তৈরির মেশিন

**'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



**নিজস্ব প্রতিনিধি:** রসগোল্লা বাঙালির অতি প্রিয়। সম্প্রতি বাংলার রসগোল্লার জি আই স্ট্যাটাস পেয়েছে পশ্চিমবঙ্গ। সারা বছরই রসগোল্লার চাহিদা থাকে। এই মেশিনের সাহায্যে ছানা থেকে স্বয়ংক্রিয় পদ্ধতিতে রসগোল্লার বল তৈরি হবে। যে-কোনও মিষ্টির দোকানে যেমন এই মেশিনের চাহিদা আছে, তেমনই নিজেও এই মেশিন কিনে রসগোল্লা তৈরি করে দোকানে বা উৎসব-অনুষ্ঠানে সাপ্লাই করতে পারেন।

**কীভাবে করবেন:** প্রথমে ৫ কেজি ছানা মেশিনের হপারে দিতে হবে। এরপর মেশিন চালু করলেই সম্পূর্ণ স্বয়ংক্রিয় পদ্ধতিতে সেই ছানা মাখা হয়ে যে মাপের রসগোল্লা করতে চান সেই মাপের গোল বল তৈরি হয়ে বেরিয়ে আসবে। ৫ কেজি ছানা থেকে মাত্র ৩০ মিনিটে ২০০টি রসগোল্লার বল তৈরি হবে। এরপর একটি কড়াইয়ে চিনির রস তৈরি করে, তাতে ওই বলগুলি ফেলে ফুটিয়ে নিলেই রসগোল্লা তৈরি হয়ে যাবে। এই মেশিনটি চালাতে ½ হর্সপাওয়ার বিদ্যুৎ লাগবে।

**কোন মেশিনের কী দাম:** সম্পূর্ণ স্বয়ংক্রিয় রসগোল্লা তৈরির এই মেশিনটির দাম ৩ লক্ষ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086, E-mail: bharatmachinetools1@rediffmail.com

# শিল্পজিজ্ঞাসা

**'কর্মক্ষেত্র'-য় 'স্বনির্ভরতার নানা পথ' দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক'টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে 'শিল্পজিজ্ঞাসা' বিভাগে চিঠি লিখুন।**

□ ***রপ্তানির ব্যবসার জন্য কোথা থেকে** আবেদনের ফর্ম সংগ্রহ করব? —অরিন্দম সরকার, বেলগাছিয়া, কলকাতা।*

□□ রপ্তানি ব্যবসার ফর্ম সংগ্রহের জন্য অ্যাডিশনাল ডিরেক্টর জেনারেল অব ফরেন ট্রেডের অফিসে যোগাযোগ করতে হবে। ঠিকানা: ৪, এসপ্ল্যানেড ইস্ট, কলকাতা-৬৯। ফোন: ২২৪৮-৬৮৩১। ওয়েবসাইট: www.dgftkolkata.wb.nic.in

□ ***আমি ছোট আকারের বাগান তৈরি** শিখতে চাই। বাড়ি-সংলগ্ন ছোট জায়গায়, ছাদে, ব্যালকনিতে ফুল, সবজি, স্ট্রবেরির মতো ফল ইত্যাদির বাগান। বাগান তৈরির নানা উপাদান, যেমন— মাটি, সার, কীটনাশক, বীজ, চারাগাছ ইত্যাদি একত্রে কোথা থেকে কিনতে পাওয়া যাবে সে-কথাও জানাবেন। —সিরাজ মণ্ডল, রাজারহাট, উত্তর ২৪ পরগনা।*

□□ এগ্রি-হর্টিকালচারাল সোসাইটি অব ইন্ডিয়ায় হোম গার্ডেনিং শেখানো হয়। ২ মাসের প্রশিক্ষণ। এই সংস্থারই বিক্রয়কেন্দ্র থেকে বাগান তৈরির জন্য প্রয়োজনীয় সব উপকরণই কিনতে পাওয়া যায়। বিক্রি হয় মাটিও। যোগাযোগের ঠিকানা: ১, আলিপুর রোড, কলকাতা-২৭। ফোন: ২৪৭৯-৩৫৮০।

□ ***খামার গড়ে পশুপালনের ব্যবসা** করতে চাই। এ ব্যাপারে কিছু তথ্যের প্রয়োজন। কোথায় যোগাযোগ করলে তথ্যগুলো জানতে পারব? —দেবাশিস মল্লিক, দাসপুর, পূর্ব বর্ধমান।*

□□ আপনি আপনার নিকটবর্তী বিডিও অফিসে গিয়ে ব্লক লাইভস্টক ডেভেলপমেন্ট অফিসারের সঙ্গে যোগাযোগ করুন। এই অফিসার আপনাকে প্রয়োজনীয় তথ্য দিয়ে সহায়তা করবেন।

□ ***পুকুরে পমফ্রেট মাছ চাষের উদ্যোগ** নিয়েছে রাজ্য সরকার, এরকম একটি খবর পড়েছিলাম কোনও একটি খবরের কাগজে। এই উদ্যোগ কতটা সফল হয়েছে জানতে চাই। পুকুরে পমফ্রেট মাছের চাষ কোথায় হচ্ছে? চাষপদ্ধতি কীভাবে জানা যায়? —অর্জুন নস্কর, পাঁচলা, হাওড়া।*

□□ মাছটির নাম 'সিলভার প্যামপিনো'। পমফ্রেট গোত্রেরই মাছ। গত পুজোয় মৎস্য বিভাগের ভ্রাম্যমাণ গাড়িতে করে এই মাছ বিক্রি করা হয়েছে বিভিন্ন পুজো মণ্ডপের সামনে। কেজিপ্রতি ৩৫০ টাকা দরে বিক্রি করা হয়েছিল। মাছটির চাষ শুরু হয়েছিল পূর্ব মেদিনীপুরের আলমপুরে। চাষপদ্ধতি এবং প্রয়োজনীয় অন্যান্য তথ্য জানার জন্য ব্লক মৎস্য আধিকারিকের সঙ্গে যোগাযোগ করুন।

□ ***কাঁকড়া চাষের পদ্ধতি সম্পর্কে** জানতে চাই। কোথা থেকে জানা যেতে পারে? —মানিক দাস, লক্ষ্মীকান্তপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ আপনি মেরিন প্রোডাক্টস এক্সপোর্ট ডেভেলপমেন্ট অথরিটির সঙ্গে যোগাযোগ করতে পারেন। কেন্দ্রীয় সরকারের এই সংস্থায় সময়ে সময়ে প্রশিক্ষণের আয়োজন করা হয়। কাঁকড়া চাষের প্রশিক্ষণও আয়োজিত হয়। তথ্য-পরামর্শও পাবেন। সংস্থার কলকাতা অফিসের ঠিকানা: টি বোর্ড বিল্ডিং, ষষ্ঠ তল, ১৪, ব্রাবোর্ন রোড, কলকাতা-১। ফোন: ২২৩৪-৫৯০৮। ওয়েবসাইট: www.mpeda.gov.in

□ ***ফুলের ব্যবসা করতে চাই।** গোলাপ, রজনীগন্ধা ও পদ্ম পাঠাতে চাই বিভিন্ন রাজ্যে। কোন রাজ্যগুলিতে এইসব ফুলের ভালো চাহিদা আছে? —রতন হালদার, কাঁচরাপাড়া, উত্তর ২৪ পরগনা।*

□□ আপনাকে ট্রেনে ফুল পাঠাতে হবে। ফুল স্পর্শকাতর পণ্য। পরিবহণে অনেক সময় লেগে গেলে নষ্ট হওয়ার আশঙ্কা থেকেই যায়। তাই প্রথমদিকে পশ্চিমবঙ্গ লাগোয়া বা কাছাকাছি রাজ্যগুলিতে বিপণনের ওপর জোর দিন। ওড়িশা, ঝাড়খণ্ড, বিহার, অসম প্রভৃতি রাজ্যে ফুল পাঠাতে পারেন। একটু দূরে যেতে চাইলে বেনারসের কথা ভাবতে পারেন। মথুরা-বৃন্দাবনে সারা বছরই ফুলের চাহিদা থাকে। যদি প্রচুর পরিমাণে সরবরাহের পরিকল্পনা থাকে তাহলে দিল্লির ফুলের বাজারে সরবরাহের কথা ভাবতে পারেন। এখান থেকে দেশের বিভিন্ন প্রান্তে ফুল যায়। রপ্তানি হয় বিদেশেও।

Banglajobguide.blogspot.com T.me/BanglaJobGuide T.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com T.me/BanglaJobGuide T.me/BangoSongbad



কর্মক্ষেত্র
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
Website: www.swarnakshar.in

বর্ষ ৪০ সংখ্যা ২৭ □ ২৯ জানুয়ারি ২০২০

ই-মেল ঠিকানা
সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
swarnakshar.prakasani@gmail.com

## কর্মখালি

**SBI / HDFC / UCO / YES BANK-এ** KYC/ DOC ভেরিফিকেশন কাজে স্মার্ট বাংলাভাষী MF (18-36) সরাসরি নিয়োগ। বেতন: 12,284/- – 34,850/- (PF + ESI + Inc). W2C, Kol-56. বেলঘরিয়া / ব্যারাকপুর: 83348-59516, বেহালা / ধর্মতলা: 62892-51870, বিধাননগর / হাওড়া: 90513-83837 গড়িয়া / টালিগঞ্জ: 62911-81432.

□

**SBI / Naptol / Jio কাস্টঃ কেয়ারে** বাংলা ভাষা জানা M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন : INC + OT-সহ 12,800/-, Z. M. Group, Salt Lake, Sec-V, Kol-91. M: 96744-97493 / 90517-45132.

□

**20 Salesperson Recruitment for** Districts Bankura, Bardhaman, Birbhum, Purulia, Medinipur, Murshidabad, Nadia. Average Salary for 2 Years Rs. 7,452/- (PF, ESI, TA, DA Extra) Average CTC for 2 Years: 1,65,908/- Per Year. Company Name: Aradhya Kedia Distribution House Pvt. Ltd. Address, Andal, Burdwan. Cont.: 81700-20763.

□

### এয়ারপোর্ট, মেট্রো ও ব্যাঙ্কে সরকারি কন্ট্রাক্টরের অধীনে 7 দিনে স্পট জয়েনিং

**Govt RL-5389 কোনও ডোনেশন** ছাড়াই Airport ও মেট্রোতে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম/স্নাতক। বেতন: 17,400/- – 48,300/-. থাকা খাওয়া ফ্রী, S. C. Pvt. Ltd, C.I.T. Rd, Kol-54. M: 73191-75488.

□

**Urgently required Fitter** Instructor EQ: ITI in Fitter Trade with CTIS Certificate Send CV to itigreenfield@gmail.com Green Field Agrotech Pvt. ITI. Vill: Dharampur, P.O. Duki, C. K. Road, Pin-721 253, Dist.: Paschim Medinipur. M: 97344-83962.

□

### আর্জেন্ট রিক্রুটমেন্ট

**সরকারি নিয়ম অনুসারে স্ট্যাম্প পেপারে** লিখিত-সহ মেট্রোরেল ও ব্যাঙ্কে সরাসরি জয়েনিং। যোগ্যতা: ৮ম থেকে স্নাতক। বয়স: ১৮-৪৫, বেতন: ১৮,৫০০/- - ৪৫,২০০/-, থাকা খাওয়া অন্যান্য সুব্যবস্থা আছে। সত্বর যোগাযোগ: M: 98605-94752. KER বিধানগর স্টেশন।

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১ ফেব্রুয়ারি দুপুর ২টো পর্যন্ত।

□□□

১২ ফেব্রুয়ারি কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৮ ফেব্রুয়ারি দুপুর ২টো পর্যন্ত।

□□□

**বিজ্ঞাপন গ্রহণের সময়**
রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

## কর্মখালি

### আর্জেন্ট ভ্যাকান্সি

**সম্পূর্ণ গ্যারান্টি সহকারে দমদম** Airport-এ সরাসরি কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম/স্নাতক, বেতন: 18,000/- – 42,900/- থাকা খাওয়া ফ্রী-তে। বয়স: 18-42, S.J.S, বিধাননগর, কলি-64. (M): 75518-35027.

□

### আর্জেন্ট ভ্যাকান্সি

**সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport, মেট্রো** ও ব্যাঙ্কে (DSA)-তে কন্ট্রাক্টারের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,800/- – 48,700/-. থাকা খাওয়া সম্পূর্ণ ফ্রী। Dum Dum Rd, Kol-74, SJS, M: 83439-38078.

□

### বিবিধ শূন্যপদ- জব গ্যারান্টি

**সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport, মেট্রো** ও ব্যাংক (DSA)-তে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম/স্নাতক, বেতন: 17,600/- – 48,700/-, থাকা খাওয়া ফ্রী-তে। M: 94337-27137. (G. C).

□

### দমদম Airport ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে পার্মানেন্ট চাকরি

**সম্পূর্ণ বিনা ডোনেশনে গ্যারান্টি-** সহকারে বিভিন্ন অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 18,300/- – 42,700/-. PF, ESI, OT-সহ থাকা খাওয়া সম্পূর্ণ ফ্রী। S.C. Pvt. Ltd., দমদম, Kol-74, M: 97320-36474.

□

**Vodafone/Amazon কাস্টঃ কেয়ারে** বাংলাভাষী M/F নিয়োগ চলছে। যোগ্যতা: MP-Graduate বেতন: INC + OT-সহ 12,000/-, Z.M.S., Salt Lake, Sec-V, Kol-91. M: 90513-76362.

□

### সরাসরি কর্মী নিয়োগ

**প্রতিটি জেলায় ATM গার্ড, টাওয়ার Co,** নার্সিং হোম, Pvt. হাসপাতাল, Co-তে কর্মী নিয়োগ চলছে। বেতন: (12,500/- – 18,500/-). M.J.S., Kol-9, (M): 89728-69872.

□

### Urgent Vacancy

**Computer & English জানা Back** Office-এ job-এর জন্য লোক চাই। Office time 10 a.m-6 p.m. Salary Negotiable. Global Technical Institute, বেলেঘাটা (ফুলবাগান)। M: 92315-51285 / 92301-13485.

□

### সরাসরি নিয়োগ

**জেলাভিত্তিক চাকরি। নামসই-স্নাতক।** বেতন: 16,500/- – 24,500/- অফিস স্টাফ, S/V, স্টোরকিপার, ব্যাঙ্ক (DSA)-তে, লেবার পিওন, ATM-এ M/F চাই। D. J. S: 18/3, ব্র্যাবোর্ন Rd, Kol-01. M: 97321-07900.

□

### আর্জেন্ট ভ্যাকান্সি

**লিখিত এগ্রিমেন্ট পেপার-সহ ব্যাংক** (DSA) ও Airport-এ কন্ট্রাক্টরের অধীনে M/F জয়েনিং চলছে। যোগ্যতানুযায়ী পদ ও বেতন: 18,000/- – 45,500/-, S. J. S, দমদম, Kol-74, M: 96477-81962.

□

## কর্মখালি

**প্রতিটি জেলায় Pvt হসপিটাল, নার্সিং** হোম, শপিং মলে কাজের জন্য M/F চাই। বেতন: 11,500/- – 18,500/-. (M): 78727-52502, M.J.S., Kol-9.

□

### বহু পুরাতন সংস্থা
### Govt. Regd. Office

**জরুরী ভিত্তিতে কন্ট্রাক্টারের অধীনে** মেট্রোরেল ও এয়ারপোর্টে কর্মপ্রার্থী নিয়োগ। সম্পূর্ণ বিনা ডোনেশনে। যোগ্যতা: নামসই-স্নাতক, বেতন: 16,700/- – 34,500/-. PF, ESI, OT-সহ থাকা খাওয়া ও বোনাসে সুবিধা আছে। শীঘ্রই যোগাযোগ করুন: P. E, কলি-56. M: 96472-60375.

□

### এয়ারপোর্ট ও Pvt ব্যাঙ্কে জব

**সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ** Airport ও ব্যাঙ্কে বিভিন্ন অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,200/- – 45,900/-, PF, ESI, OT-সহ অন্যান্য ব্যবস্থা। S. R. C. Pvt. Ltd, Kol-1. 96148-53426.

□

### কন্ট্রাক্টারের অধীনে সরাসরি দমদম Airport ও মেট্রোতে 147 জন কর্মী চাই

**গভঃ লাইসেন্সপ্রাপ্ত Office-এ বিনা** ডোনেশনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,500/- – 48,300/-, PF, ESI, OT-সহ থাকা খাওয়া ফ্রীতে। B. S., দমদম, Kol-74. (M): 86957-26932.

□

### মহিলা ও পুরুষ নিয়োগ
### Airport ও Metro-তে

**সরাসরি নামসই থেকে স্নাতক নিয়োগ** হবে। GST নং: 19AAACB5343J, শূন্যপদ: ১৮২, ISO-9001-2008. বেতন: 15,600/- – 38,200/-, কন্ট্রাক্টরের অধীনে SV, ট্রলিবয়, চেকিং ইনচার্জ, Cargo লোডার, Back Office ও অন্যান্য বিভিন্ন পদের সুযোগ। ESI + PF + খাওয়া + থাকা ফ্রী। A. P Dum Dum, Kol-28. (M): 97330-29347.

□

### Airport ও Metro-তে ২১৫ জন মহিলা ও পুরুষ চাই

লাইসেন্স নং: **WB/829/Sl বেতন:** 16,500/- – 38,200/-. Tag বয়, ট্রলি বয়, SV, চেকিং, লোডার, Cargo, ড্রাইভার, Road কন্ট্রাকশন, ইলেক্ট্রিক্যাল, মেন্টেন্যান্স পদে কন্ট্রাক্টরের অধীনে বিনা ডোনেশনে নিয়োগ। ESI, PF-সহ থাকা ও খাওয়ার সুব্যবস্থা। 83273-51937, BS, গড়িয়া, Kol-94.

## স্কুল-কলেজ শিক্ষা

**Math, G.I, G.K, Eng. : দুর্গানগর** C.G.L, W.B.C.S রেল, কম্বাইন্ড কোর্সে ভর্তি চলছে। মালাকার কমপেটিটিভ ট্রেনিং সেন্টার। কলি-49। M: 70036-96011.

□

### বিনামূল্যে সরকারি ট্রেনিং ও চাকরি

**পঃ বঃ সরকারের সহায়তায় সম্পূর্ণ** বিনামূল্যে 'ফার্মাসী অ্যাসিস্ট্যান্ট' কোর্স করুন। যোগ্যতা: 10 + 2, কোর্সশেষে চাকরির সহায়তা। IASBM, শোভাবাজার: 92318-66225.

### কর্মক্ষেত্র কার্যালয়ে যোগাযোগের ঠিকানা

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: info@swarnakshar.in
**বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন:**
অর্ণব দাশগুপ্ত: **৯৮৩০৬-০০৭৩৩**
সুমনা সেনগুপ্ত: **৯৮৩০০-২৬১৩৬**

### DISCLAIMER

**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

### পাঠকের প্রতি

**কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।**

### ভাবা অ্যাটমিক রিসার্চে
# প্রশিক্ষণ দিয়ে চাকরি

ইঞ্জিনিয়ারিংয়ের স্নাতক এবং বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রিধারীদের প্রশিক্ষণ দিয়ে সায়েন্টিফিক অফিসার পদে নিয়োগ করবে ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টার। এটি কেন্দ্রের অ্যাটমিক এনার্জি দপ্তরের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। ওরিয়েন্টেশন কোর্স ফর ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েটস অ্যান্ড সায়েন্স পোস্ট-গ্র্যাজুয়েটস (ও বি ই এস) এবং ডিপার্টমেন্ট অব অ্যাটমিক এনার্জি (ডি এ ই) গ্র্যাজুয়েট ফেলোশিপ স্কিম ফর ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েটস অ্যান্ড ফিজিক্স পোস্ট-গ্র্যাজুয়েটস (ডি জি এফ এস) কোর্সে ট্রেনিং দেবে ভাবা অ্যাটমিক রিসার্চ ট্রেনিং স্কুল। কোর্স চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে সফলভাবে কোর্স শেষ করার পর অ্যাটমিক এনার্জি দপ্তরের বিভিন্ন ইউনিটে সায়েন্টিফিক অফিসার পদে চাকরির সুযোগ পাওয়া যাবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং) বা এম টেক। সেইসঙ্গে গেট ২০১৯ বা ২০২০ পরীক্ষায় সংশ্লিষ্ট পত্রে উত্তীর্ণ হতে হবে।

শাখাগুলি হল: মেকানিক্যাল, কেমিক্যাল, মেটালার্জিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, কম্পিউটার সায়েন্স/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্টেশন, সিভিল, নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং।

ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন।

**বয়স:** ১-৮-২০২০ তারিখের মধ্যে ২৬ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। **স্টাইপেন্ড:** প্রতি মাসে ৫৫,০০০ টাকা। এছাড়াও বইয়ের খরচ বাবদ এককালীন দেওয়া হবে ১৮,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে একটি সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষা, গেট পরীক্ষায় প্রাপ্ত স্কোর এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা নেওয়া হবে ১৩ থেকে ১৯ মার্চ।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.barconline exam.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের আগে রেজিস্ট্রেশন করতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ৩ ফেব্রুয়ারি। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর জেপিজি ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো এবং সই আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। ফি জমা দিতে হবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী প্রার্থী এবং কর্মরত অবস্থায় মৃত্যুপ্রাপ্ত সমরকর্মীদের সন্তানদের কোনও ফি লাগবে না। আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর রেজিস্ট্রেশন নম্বর পাওয়া যাবে। এর পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### কর্মক্ষেত্র কারা পড়েন?

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঞ্ঝঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ৩০০ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
**Phone:** 2283-2320, 2280-8818 □ **Fax:** 2287-6448
**E-mail:** advt@swarnakshar.in


## স্বর্ণাক্ষরে বেড়াবার বই ছোটদের বই

নবনীতা দেব সেনের
**ভ্রমণের নবনীতা**
নানা মহাদেশের মাটির জলস্পর্শ আছে এ বইয়ে।
তৃতীয় মুদ্রণ ₹১২৫

প্রথম ভারতীয় ভূপর্যটক
বিমল মুখার্জির
**দুচাকায় দুনিয়া**
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা।
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
সপ্তম মুদ্রণ ₹৩০০

শঙ্খ ঘোষের **ইছামতীর মশা**
কবির লেখা কবির লেখা একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা।
পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০

**বেড়াতে যাবার সিঁড়ি** ₹১২০

অমরেন্দ্র চক্রবর্তীর
**বন্ধুভরা বসুন্ধরা**
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য। সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই।
দ্বিতীয় সংস্করণ ₹১২০

রবীন চক্রবর্তীর
**বাঁধা পথের বাঁধন ছেড়ে**
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে।
২য় সংস্করণ। ₹৯০

শঙ্কররঞ্জন রায়চৌধুরীর
**চিন তিব্বত মোঙ্গোলিয়া**
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। ২য় মুদ্রণ। ₹৯০

**সেরা ভ্রমণকাহিনী**
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
প্রখ্যাত লেখক-পর্যটকদের দেশ-বিদেশ ভ্রমণের অন্তরঙ্গ কাহিনী।
১ম খণ্ড। সহস্রাধিক পাতা। ৪র্থ মুদ্রণ ₹৫০০
২য় খণ্ড। ৭০০ পাতা। ৩য় মুদ্রণ ₹৩০০
৩য় খণ্ড। ₹৩০০

মহাশ্বেতা দেবীর বিস্ময়কর বই
**তুতুল** তৃতীয় মুদ্রণ ₹৬০
সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই
**বকবকম** ₹১৫
কানাইলাল চক্রবর্তীর
খুব ছোটদের জন্য এক আশ্চর্য সুন্দর বই
**চলো দেখে আসি**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹৫০
**চড়ুইয়ের সঙ্গে** ₹১৫
**কুমির হয়ে জলে গেল** ₹৩০
মৈত্রেয়ী নাগের
**বাঘ বেড়ালের ছড়া ছবি** ₹৩০
**আষাঢ়ে গল্প** ₹৬০

অমরেন্দ্র চক্রবর্তীর
**ছোটদের বই**
**চোখে দেখা গল্প** ₹১৫০
**মাতলাগাঙের ভূত** ₹৭৫
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
**গরিলার চোখ** ₹৮০
**লিচুবাগানের চৌকিদার** ₹৮০
**বরফের বাগান** ₹১২০
**ছেঁড়াকাঁথার গল্প** ₹৭৫
**আমাজনের জঙ্গলে**
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০
**হীরু ডাকাত**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২০
সঙ্গে বিনামূল্যে: অবাক করা গানে-সুরে বাদ্যি-বাজনায় অভিনয়ে জমজমাট দু'ঘণ্টার অখণ্ড MP3 সিডি
**শাদা ঘোড়া** ৭ম মুদ্রণ ₹৭০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত।
**গৌর যাযাবর**
বিশ্বভারতীর আশালতা সেন পুরস্কারপ্রাপ্ত।
পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
**টিয়াগ্রামের ফিঙেনদী**
যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫
**ঋষিকুমার** ₹২০ **পাখির খাতা** ₹৪০
**ভূতের বাঁশি** ₹৪০
**তালগাছের ডোঙা** ₹২০

স্বর্ণাক্ষর
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Ph: 2283-2320 Fax: 2287-6448


Banglajobguide.blogspot.com T.me/BanglaJobGuide T.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com T.me/BanglaJobGuide T.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

**নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।**



*স্বপ্ন দেখো। স্বপ্নটাকে ভাবনায় রূপান্তরিত করো। তারপর ভাবনাটাকে কাজে পরিণত করো।*
*— এ পি জে আব্দুল কালাম*
*(ভারতের প্রাক্তন রাষ্ট্রপতি)*

***✓ বাংলা সাহিত্যের গ্র্যাজুয়েট। অনার্সে ৫৪ শতাংশ নম্বর আছে। কম্পিউটার টাইপিং জানি। টাইপিংয়ের দরকার হয় এমন কিছু চাকরির কথা জানাবেন।***

*অমিতাভ পাল, কল্যাণী, নদিয়া।*

☐ টাইপিং জানার দরকার হয় এমন নানা চাকরিই আছে। সবক্ষেত্রেই টাইপিং টেস্টে ডাক পাওয়ার আগে আপনাকে লিখিত পরীক্ষায় সফল হতে হবে। ফলে লিখিত পরীক্ষার জন্যও ভালো প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** কিছু জুনিয়র অ্যাসিস্ট্যান্ট নেবে দিল্লি সরকার। নিয়োগ হবে দিল্লি ট্যুরিজম অ্যান্ড ট্রান্সপোর্ট ডেভেলপমেন্ট কর্পোরেশনে। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। কম্পিউটারে মিনিটে ৩৫টি ইংরেজি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২২ জানুয়ারি সংখ্যায় 'দিল্লি সরকারে ১২২' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ৫/২০। **২৭ ফেব্রুয়ারির** মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.dsssbonline.nic.in

> কিছু জুনিয়র অ্যাসিস্ট্যান্ট নেবে দিল্লি সরকার। নিয়োগ হবে দিল্লি ট্যুরিজম অ্যান্ড ট্রান্সপোর্ট ডেভেলপমেন্ট কর্পোরেশনে। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। কম্পিউটারে মিনিটে ৩৫টি ইংরেজি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে।

কিছু আপার ডিভিশন ক্লার্ক নেবে হেভি ওয়াটার বোর্ড। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক। অর্থাৎ আপনি এই পদের জন্য আবেদন করতে পারছেন। 'কর্মক্ষেত্র'-র ৮ জানুয়ারি সংখ্যায় 'হেভি ওয়াটার বোর্ডে ২৭১' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। **৩১ জানুয়ারির** মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.hwb.gov.in

১০৪জন জুনিয়র ক্লার্ক নেবে দিল্লি সরকার। নিয়োগ হবে দিল্লি ট্রান্সপোর্ট কর্পোরেশনে। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। মিনিটে ৩০টি ইংরেজি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। আপনি আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-র ৮ জানুয়ারি সংখ্যায় 'দিল্লি সরকারে আরও ২০৬' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত তথ্য জানানো হয়েছে। **৬ ফেব্রুয়ারির** মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.dssbonline.nic.in

***পরে আবেদন করতে পারবেন:*** রেলে বুকিং ক্লার্ক, সিনিয়র টাইমকিপার, অ্যাকাউন্টস ক্লার্ক, টাইপিস্ট, ক্লার্ক প্রভৃতি পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারে লোয়ার ডিভিশন ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারে লোয়ার ডিভিশন ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গের সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলগুলিতে ক্লার্ক পদে আবেদন করতে পারবেন স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে। বিভিন্ন আদালতে টাইপিস্ট পদে আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আছে আরও চাকরি।

***✓ কেমিস্ট্রির অনার্স গ্র্যাজুয়েট। চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি চলছে। চাকরির খোঁজ দেবেন।***

*সৌম্য বন্দ্যোপাধ্যায়, শ্রীরামপুর, হুগলি।*

☐ বিভিন্ন চাকরির জন্যই আপনি আবেদনের যোগ্য। পছন্দ অনুসারে চাকরি বাছাই করে পরীক্ষার জন্য প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** কিছু ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট নেবে দিল্লি সরকার। নিয়োগ হবে ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরিতে। শিক্ষাগত যোগ্যতা: বি এসসি। স্নাতকে অন্যতম বিষয় হিসেবে কেমিস্ট্রি পড়ে থাকতে হবে।

> কিছু ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট নেবে দিল্লি সরকার। নিয়োগ হবে ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরিতে। শিক্ষাগত যোগ্যতা: বি এসসি। স্নাতকে অন্যতম বিষয় হিসেবে কেমিস্ট্রি পড়ে থাকতে হবে।

আপনি আবেদন করতে পারেন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ৩/২০। পোস্ট কোড নম্বর: ৪৫/২০। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২২ জানুয়ারি সংখ্যায় 'দিল্লি সরকারে ১৭৫' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে **২০ ফেব্রুয়ারির** মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www. dsssbonline.nic.in

***পরে আবেদন করতে পারবেন:*** বিভিন্ন সরকারি সংস্থায় ল্যাব অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারবেন। কেন্দ্রীয় সরকারের অফিসার গ্রেডের চাকরির জন্য কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারবেন। বিভিন্ন সরকারি সংস্থায় অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলির অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। রেলের কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস ও ট্র্যাফিক অ্যাপ্রেন্টিস, অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার, গুডস গার্ড পদে আবেদন করতে পারবেন। আগ্রহ থাকলে ডব্লু বি সি এসের মতো প্রশাসনিক চাকরির পরীক্ষায় বসতে পারেন। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলির প্রবেশনারি অফিসার, ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। এক্ষেত্রে অবশ্য আগে আপনাকে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের (আই বি পি এস) পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। তবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার ক্লার্ক, প্রবেশনারি অফিসার এবং কাস্টমার রিলেশনশিপ অফিসার পদের ক্ষেত্রে আই বি পি এস পরীক্ষার স্কোর দরকার হবে না। স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া কর্তৃপক্ষ সরাসরি প্রার্থী বাছাই করে থাকেন।

***✓ পিওর সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ করার পরে ভূগোল অনার্স পড়েছি। উচ্চমাধ্যমিকে প্রথম শ্রেণির এবং অনার্সে ৫৭ শতাংশ নম্বর আছে। চাকরির খোঁজ দেবেন।***

*স্নেহাশিস রায়, বাঘাযতীন, কলকাতা।*

☐ চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিন। চাকরি আছে নানা প্রকারের।

***এখনই আবেদন করতে পারেন:*** ট্রেনিং দিয়ে বেশকিছু অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট নেবে ভারতীয় উপকূলরক্ষী বাহিনী। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। উচ্চমাধ্যমিকে ম্যাথমেটিক্স ও ফিজিক্স পড়ে থাকতে হবে। উচ্চমাধ্যমিকেও ৫৫ শতাংশ নম্বর থাকা দরকার। 'কর্মক্ষেত্র'-র ২২ জানুয়ারি সংখ্যায় 'ট্রেনিং দিয়ে কোস্টগার্ডে অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। দরখাস্ত করা যাবে **৯ থেকে ১৫ ফেব্রুয়ারি** পর্যন্ত।

> ট্রেনিং দিয়ে বেশকিছু অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট নেবে ভারতীয় উপকূলরক্ষী বাহিনী। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। উচ্চমাধ্যমিকে ম্যাথমেটিক্স ও ফিজিক্স পড়ে থাকতে হবে। উচ্চমাধ্যমিকেও ৫৫ শতাংশ নম্বর থাকা দরকার।

## উদ্যোগ থাকলে কাজও আছে



**ডঃ সমীরকুমার সামন্ত**
প্রাক্তন জয়েন্ট ডিরেক্টর (গবেষণা), বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়

পেশাদারি কাজ করতে হলে কাজের ধরনধারণ, প্যাঁচ-পয়জারগুলো তো জানতেই হয়। ওই প্যাঁচ-পয়জারগুলোই দক্ষতা। গাছপালা নিয়ে আমার কাজ। দেখেছি, কোনওদিন স্কুল-কলেজে যাননি, এরকম একজন কৃষিজীবী মানুষ কী অনায়াস দক্ষতায় ফসল ফলাচ্ছেন। আমাদের পরামর্শ শুনছেন, সেগুলো বিচার-বিবেচনা করছেন, নতুন ধ্যানধারণা প্রয়োগ করছেন। প্রয়োজনে আমরাও তাঁদের পরামর্শ, প্রস্তাব গ্রহণ করেছি। চাষের ব্যাপারে এই যে দক্ষতা তাঁরা অর্জন করেছেন, তা একেবারে হাতেকলমে কাজের মধ্য দিয়ে। ক্রমশ অভিজ্ঞতা বেড়েছে। ছাত্রছাত্রীদের কাছে এটা একটা শিক্ষাপ্রদ ব্যাপার হতে পারে। বিশেষ করে যাঁরা প্রথাগত পথে উচ্চশিক্ষা নিতে পারছেন না, পারবেন না, তাঁদের কাছে।

একেবারে হাতেকলমে কাজ শিখে কাজের দরবারে নিজেকে পেশ করুন। এখন বিভিন্ন প্রতিষ্ঠানে কম খরচে, এমনকী কখনও কখনও নিখরচায় হাতের কাজের প্রশিক্ষণ নেওয়ার সুযোগ তৈরি হয়েছে। ক্লাস এইট পাশ, মাধ্যমিক, উচ্চমাধ্যমিক যোগ্যতায় সেই সব প্রশিক্ষণ নেওয়া যাচ্ছে। পছন্দের একটা কাজ বেছে নিয়ে সেই কাজটির প্রশিক্ষণ নিন। দেখবেন, আপনার কাজ আছে। এখন জলের কল ছাড়া মানুষের জীবন অচল। কলের কানেকশন, পাইপলাইন তৈরি, কল মেরামতির জন্য প্লাম্বার লাগবেই। সুদক্ষ প্লাম্বারের অভাব রয়েছে। এক-একটা বহুতল বাড়িতে সুচারুভাবে পাইপলাইনের কাজ করা মোটেই সহজ কাজ নয়। আবার, এ ধরনের কাজ শেখার দুটো সুবিধাজনক দিক আছে। প্রশিক্ষণ নেওয়ার পরে আপনি কয়েক বছর চাকরি করে অভিজ্ঞ হয়ে উঠলেন। কিছু অর্থ সঞ্চয় করলেন। তারপর আগ্রহী হলে ব্যবসা করতে পারেন। এরকম হরেক কাজ আছে। 'কর্মক্ষেত্র'-য় এ রকম নানা হাতের কাজের প্রশিক্ষণের খবর দেখি। কথাগুলো বলছি এ কারণে যে, অনেককে বলতে শুনি, লেখাপড়া তো বেশি করিনি, তাই আমার কিছু হওয়ার নেই; কিংবা, পরিবারের আর্থিক অবস্থা ভালো নয়, তাই আমার কাছে সুযোগও নেই। আজকালকার দিনে এ রকম ভাবনার সারবত্তা নেই। উদ্যোগ যদি আপনার থাকে তাহলে পথও আছে আপনার জন্য। অর্থের চেয়ে বড় মূলধন উদ্যোগ। গ্রামাঞ্চলের কোনও ছেলে বা মেয়ের হয়তো চাষের ইচ্ছা। কিন্তু অর্থকরী চাষের উপযোগী বড় আকারের জমি নেই। কী করতে পারেন তিনি। ফল-সবজির চারা তৈরির ব্যবসা করা যায়। এখন এ রাজ্যে স্ট্রবেরির ভালো চাষ হচ্ছে। যাঁরা স্ট্রবেরির বাণিজ্যিক চাষ করেন, তাঁরা বীজ বপন করে চাষ করেন না। চারা রোপণ করেন। সেই চারা কিনতে হয়। সেই স্বল্প আয়তনের জমিটিকে চারা তৈরির কাজে ব্যবহার করা যায়। স্ট্রবেরির চারাই করতে হবে এমনটা নয়। বিভিন্ন সবজি, ফল, ফুলের চারা তৈরির ব্যবসা হতে পারে।

মোদ্দা কথাটা হল, হাতের কাছে যে-সুযোগটা পাচ্ছেন, তাকে অবহেলা না করে কাজে লাগান। দেখবেন, আপনার উদ্যোগই আপনাকে কাজের জগতের দিশা দেখাচ্ছে।

অনলাইন দরখাস্ত করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiancoastguard.gov.in

***পরে আবেদন করতে পারবেন:*** পশ্চিমবঙ্গ সরকারের মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারবেন। কেন্দ্রীয় সরকারের অফিসার গ্রেডের চাকরির জন্য কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারবেন। বিভিন্ন সরকারি সংস্থায় অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলির অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। রেলের কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস ও ট্র্যাফিক অ্যাপ্রেন্টিস, অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার, গুডস গার্ড পদে আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলির প্রবেশনারি অফিসার, ক্লার্ক, কাস্টমার রিলেশনশিপ পদে আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত গ্রামীণ ব্যাঙ্কগুলিতে অফিস অ্যাসিস্ট্যান্ট ও অফিসার পদে আবেদন করতে পারবেন। আর্মি, নেভি ও এয়ারফোর্সে অফিসার র‍্যাঙ্কে চাকরির সুযোগ আছে।

***✓ ৬৬ শতাংশ-সহ ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা সম্পূর্ণ করেছি এ বছর। চাকরির চেষ্টা চলছে। চাকরির খোঁজ দিলে উপকৃত হব।***

*সুজিত দাশ, বরানগর, কলকাতা।*

☐ চাকরি আছে সরাসরি সরকারি ও রাষ্ট্রায়ত্ত বিভিন্ন সংস্থায়। চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** বেশ কিছু ডিপ্লোমা ইঞ্জিনিয়ার নেওয়া হবে নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশনে। নিয়োগ হবে সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (বি) পদে। ইনস্ট্রুমেন্টেশন-সহ বিভিন্ন ইঞ্জিনিয়ারিং শাখার ডিপ্লোমাধারীরা আবেদনের যোগ্য। ডিপ্লোমায় মোট অন্তত ৬০ শতাংশ নম্বর থাকতে হবে। অর্থাৎ আপনি আবেদন করতে পারছেন। 'কর্মক্ষেত্র'-র ১৫ জানুয়ারি সংখ্যায় 'নিউক্লিয়ার পাওয়ারে ১০২' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। **৩১ জানুয়ারির** মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.npcilcareers.co.in

***পরে আবেদন করতে পারবেন:*** বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ম্যানুফ্যাকচারিং ও প্রোডাকশন সংস্থায় চাকরি আছে। রেলে জুনিয়র ইঞ্জিনিয়ার পদে আবেদন করতে পারবেন। চাইলে রেলের টেকনিশিয়ান পদেও আপনি আবেদন করতে পারবেন।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

- ✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
- ✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
- ✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

Banglajobguide.blogspot.com T.me/BanglaJobGuide T.me/BangoSongbad

## কী পড়বেন, কোথায় পড়বেন

### অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশনে চার বৃত্তিমূলক প্রশিক্ষণ



ভারত সরকারের ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন (এন এস ডি সি) কর্তৃক স্বীকৃত টু-হুইলার টেকনিশিয়ানের প্রশিক্ষণ দেবে অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশন।

সংস্থার তরফে জানানো হয়েছে, ৩ মাসের এই কোর্সে অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার করে টু-হুইলার মেরামতির প্রশিক্ষণ দেওয়া হবে।

প্রশিক্ষণ শেষে পরীক্ষা হবে। সফলরা এন এস ডি সি-র সার্টিফিকেট পাবেন। প্রশিক্ষিতদের টু-হুইলার মেরামতের উপযোগী কিছু যন্ত্রপাতিও দিয়ে দেওয়া হবে। এছাড়া চাকরির ব্যাপারেও সহায়তা করা হবে বলে সংস্থার তরফে জানানো হয়েছে।

যে-কোনও জেলার অন্তত ক্লাস এইট পাশ তরুণ-তরুণীরা ভর্তির জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। আগে এলে আগে সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া হবে। ফি ১ হাজার টাকা। প্রশিক্ষণ শুরু হবে ১ ফেব্রুয়ারি থেকে। ভর্তির শেষ তারিখ ৩১ জানুয়ারি। আগ্রহীরা ভর্তির জন্য যোগাযোগ করবেন এই ঠিকানায়: অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশন (সেডি), ধূলাগড়ী, সাঁকরাইল, হাওড়া। ফোন: ৯৬৮১৪-৬৪১৫৬, ৮৫৩৬০-০৩১৭১।

**নিখরচায় প্রশিক্ষণ:** হাওড়া, হুগলি ও মুর্শিদাবাদ জেলার তফসিলি জাতি ও উপজাতি এবং বি পি এল-পরিবারভুক্ত মাধ্যমিক পাশ তরুণ-তরুণীদের অটোমোবাইল রিপেয়ারিং (২/৩ চাকা), কাস্টমার কেয়ার এক্সিকিউটিভ ও সোয়িং মেশিন অপারেটরের প্রশিক্ষণ দেবে অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশন। প্রতি কোর্সের মেয়াদ ৩ মাস। সবক'টি কোর্সের ক্ষেত্রেই প্রতিষ্ঠানের হোস্টেলে থেকে প্রশিক্ষণ নিতে হবে। থাকা-খাওয়া ও প্রশিক্ষণ নেওয়ার জন্য কোনও ফি লাগবে না। দীনদয়াল উপাধ্যায় গ্রামীণ কৌশল যোজনার আওতায় এই প্রশিক্ষণ দেওয়া হবে।

অটোমোবাইল রিপেয়ারিংয়ের (২/৩ চাকা) প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করতে পারবেন শুধু হুগলি জেলার তরুণ-তরুণীরা। কাস্টমার কেয়ার এক্সিকিউটিভ ও সোয়িং মেশিন অপারেটর কোর্সে প্রশিক্ষণ নিতে পারবেন হাওড়া ও মুর্শিদাবাদ জেলার তরুণ-তরুণীরা। তফসিলি ও বি পি এল-পরিবারভুক্ত তরুণ-তরুণীরাই শুধু এই তিন কোর্সে প্রশিক্ষণ নিতে পারবেন। প্রার্থীর বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে।

প্রশিক্ষণ শুরু হবে ৫ ফেব্রুয়ারি। ভর্তির শেষ তারিখ ৩১ জানুয়ারি।

**ভর্তির জন্য যোগাযোগের ঠিকানা:** অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশন (সিমেন্ট কারখানার ভেতরে), ধূলাগড়ী, সাঁকরাইল। ফোন: ৯৭৪৮৪-০৭৯০০, ৭৯৮০৭-২০৮৬৮।

### রুর‍্যাল ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স



রুর‍্যাল ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে হায়দরাবাদের ন্যাশনাল ইনস্টিটিউট অব রুর‍্যাল ডেভেলপমেন্ট অ্যান্ড পঞ্চায়েতিরাজ। কোর্সটির পুরো নাম: পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট-রুর‍্যাল ম্যানেজমেন্ট। কোর্সের মেয়াদ ২ বছর। এটি একটি আবাসিক কোর্স। কোর্স শুরু হবে জুনে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ স্নাতক, সঙ্গে ক্যাট বা ম্যাট বা সি-ম্যাট বা জি-ম্যাট বা জেভিয়ার্স অ্যাপ্টিটিউড টেস্ট বা এইমস টেস্ট ফর ম্যানেজমেন্ট অ্যাডমিশনস (এ টি এম এ) পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদন করতে পারেন। সেক্ষেত্রে ১৫ জুনের মধ্যে ফাইনাল রেজাল্ট পেয়ে থাকতে হবে। সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

কোর্স ফি: বছর প্রতি ১,৮০,০০০ টাকা। হস্টেল ফি অতিরিক্ত।

প্রাথমিকভাবে জাতীয় স্তরের প্রবেশিকা পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে গ্রুপ ডিসকাশন এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nirdpr.org.in আবেদনের শেষ তারিখ ১০ এপ্রিল। প্রার্থীর চালু ই-মেল আই ডি এবং মোবাইল নম্বর থাকতে হবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ৪০০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২০০ টাকা)।

আবেদনের পদ্ধতি-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০৪০) ২৪০০৮৫৪০।

## ক্রাফটস অ্যান্ড ডিজাইন কোর্স



ক্রাফটস অ্যান্ড ডিজাইনের ব্যাচেলর অব ভোকেশনাল এডুকেশন এবং মাস্টার অব ভোকেশনাল এডুকেশন কোর্সে ভর্তি নেবে রাজস্থানের ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ক্রাফটস অ্যান্ড ডিজাইন। প্রার্থী বাছাই করা হবে একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ১২ এপ্রিল। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে। কোর্স শুরু হবে জুলাইয়ে।

কোর্সের বিবরণ: **(১) ইন্টিগ্রেটেড ব্যাচেলর অব ভোকেশনাল এডুকেশন:** স্পেশ্যালাইজেশনের বিষয়গুলি হল: ফায়ার্ড মেটিরিয়াল ডিজাইন, হার্ড মেটিরিয়াল ডিজাইন, সফট মেটিরিয়াল ডিজাইন, ফ্যাশন ডিজাইন। কোর্সের মেয়াদ ৪ বছর। মোট আসনসংখ্যা: ১২০টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক।

**(২) ইন্টিগ্রেটেড মাস্টার অব ভোকেশনাল এডুকেশন:** স্পেশ্যালাইজেশনের বিষয়গুলি হল: ফায়ার্ড মেটিরিয়াল স্পেশ্যালাইজেশন, হার্ড মেটিরিয়াল স্পেশ্যালাইজেশন, সফট মেটিরিয়াল স্পেশ্যালাইজেশন, ফ্যাশন ডিজাইন। কোর্সের মেয়াদ ৫ বছর। মোট আসনসংখ্যা: ২৫টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক।

**(৩) মাস্টার্স ইন ভোকেশনাল এডুকেশন:** স্পেশ্যালাইজেশনের বিষয়গুলি হল: সফট মেটিরিয়াল, হার্ড মেটিরিয়াল এবং ফায়ার্ড মেটিরিয়াল। কোর্সের মেয়াদ ২ বছর। মোট আসনসংখ্যা ৪৫টি। শিক্ষাগত যোগ্যতা: আর্কিটেকচার অ্যান্ড ডিজাইনে স্নাতক।

**(৪) মাস্টার্স ইন ভোকেশনাল এডুকেশন:** স্পেশ্যালাইজেশনের বিষয়গুলি হল: সফট মেটিরিয়াল, হার্ড মেটিরিয়াল এবং ফায়ার্ড মেটিরিয়াল। কোর্সের মেয়াদ ৩ বছর। মোট আসনসংখ্যা ৪৫টি। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। সে ক্ষেত্রে অতিরিক্ত ১ বছর মেয়াদের ফাউন্ডেশন প্রোগ্রাম ফর ডিজাইনের সার্টিফিকেট প্রোগ্রাম সম্পূর্ণ করতে হবে।

ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদনের যোগ্য। সে ক্ষেত্রে ৩১-১০-২০২০-এর মধ্যে ফল প্রকাশিত হয়ে থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে একটি সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা নেওয়া হবে দু'টি পার্টে। পার্ট-এ পরীক্ষা ১২ এপ্রিল, সকাল ১০টা থেকে দুপুর ১টা। জেনারেল অ্যাওয়্যারনেস এবং ক্রিয়েটিভিটি অ্যান্ড পারসেপশন টেস্ট নেওয়া হবে এই পরীক্ষায়। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। পার্ট-এ পরীক্ষার ফল প্রকাশিত হবে ২২ এপ্রিল। মেটেরিয়াল, কালার অ্যান্ড কনসেপচুয়াল টেস্ট নেওয়া হবে পার্ট বি-তে। পরীক্ষাকেন্দ্র জয়পুর। এর পর পার্সোন্যাল ইন্টারভিউ। পরীক্ষা জুনে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iicd.ac.in আবেদনের শেষ তারিখ ২০ মার্চ। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। আবেদনের সময় আপলোড করতে হবে প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা ফটো (১০০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে), সই (২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং আধার কার্ড (১০০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে)। ফি বাবদ অনলাইন ব্যবস্থায় দিতে হবে ১,৭৫০ টাকা। অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন।

বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই ফোন নম্বরে: ০১৪১-২৭০-১২০৩, ৯৪৬০৬৭৩২৯৭ অথবা এই ই-মেল ঠিকানায়: admissions@iicd.ac.in

### ওয়েস্ট বেঙ্গল স্টেট ইউনিভার্সিটিতে পি এইচ ডি

অ্যানথ্রপলজি এবং জুলজিতে পি এইচ ডি কোর্সে ভর্তি নিচ্ছে ওয়েস্ট বেঙ্গল স্টেট ইউনিভার্সিটি।

**বিষয় অনুসারে আসনসংখ্যা:** অ্যানথ্রপলজি: ৮টি। জুলজি: ১০টি। **শিক্ষাগত যোগ্যতা:** নেট অথবা স্লেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনপত্রের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.wbsubregistration.org ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৫০০ টাকা)। বিশ্ববিদ্যালয়ের কাউন্টারে যে-কোনও কাজের দিন সকাল ১১টা থেকে দুপুর ৩টে পর্যন্ত নগদে ফি জমা দেওয়া যাবে। অথবা ডিমান্ড ড্রাফটের মাধ্যমেও ফি জমা দেওয়া যাবে। সেক্ষেত্রে ড্রাফটটি 'West Bengal State University'-র অনুকূলে বারাসাত বা কলকাতায় প্রদেয় হতে হবে. আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ১৭ ফেব্রুয়ারি।

বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট। ফোন নম্বর: 03325241975 প্রতিষ্ঠানের ঠিকানা: West Bengal State University (Barasat, North 24 Parganas) Berunanpukuria, P.O. Malikapur, North 24 Parganas,Kolkata 700126.

### নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ে পি এইচ ডি

বিভিন্ন পি এইচ ডি প্রোগ্রামে ভর্তি নিচ্ছে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়। বিষয়গুলি হল: ইংরেজি, সমাজবিদ্যা, ইতিহাস, অর্থনীতি, ভূগোল, পরিবেশ বিজ্ঞান, পলিটিক্যাল সায়েন্স, কমার্স, ম্যানেজমেন্ট, কম্পিউটার সায়েন্স।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর সহ স্নাতকোত্তর পাশ। পাশপাশি, প্রার্থীকে অবশ্যই নেট বা স্লেট পরীক্ষায় পাস করে থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

আগ্রহীরা ৩০ জানুয়ারির পর দেখুন এই ওয়েবসাইট: www.phd.wbnsouadmissions.com

## কলকাতা বিশ্ববিদ্যালয়ে মিডিয়া ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা




মিডিয়া ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে কলকাতা বিশ্ববিদ্যালয়। কোর্সটি পড়ানো হবে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট (আই আই এস ডব্লু বি এম) এবং কলকাতা মিডিয়া ইনস্টিটিউটের (সি এম আই) যৌথ উদ্যোগে। কোর্সের মেয়াদ এক বছর। স্পেশ্যালাইজেশন করা যাবে এই সমস্ত বিষয়ে: ব্রডকাস্ট ম্যানেজমেন্ট, ইন্টিগ্রেটেড মার্কেটিং কমিউনিকেশন ম্যানেজমেন্ট এবং ডিজিটাল মার্কেটিং অ্যান্ড সোশ্যাল মিডিয়া।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক।

আগে এলে আগে সুযোগের পদ্ধতিতে ভর্তি নেওয়া হবে। প্রার্থী বাছাই করা হবে গ্রুপ ডিসকাশন পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে।

আবেদনপত্র ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.iiswbm.edu www.cmi.net.in এ ছাড়া আই আই এস ডব্লু বি এম বা সি এম আইয়ের কাউন্টার থেকেও আবেদনপত্র সংগ্রহ করা যাবে।

বিশদ জানতে দেখুন ওয়েবসাইট। ফোন নম্বর: (০৩৩) ৪০২৩৭৪৭৪, ২২৪১৩৭৫৬ (আই আই এস ডব্লু বি এম), ৯০৫১৬৫৩৮৭৭, (০৩৩) ৪০৫৭৬৬১৩ (সি এম আই)।

### ন্যাশনাল আর্কাইভসে রেপ্রোগ্রাফির সার্টিফিকেট কোর্স

রেপ্রোগ্রাফির সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে ন্যাশনাল আর্কাইভস অব ইন্ডিয়ার স্কুল অব আর্কাইভাল স্টাডিজ। এটি একটি অনাবাসিক কোর্স। কোর্স চলবে ১৩ এপ্রিল থেকে ২২ মে পর্যন্ত।

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত দ্বিতীয় শ্রেণিতে যে-কোনও শাখায় স্নাতক। বিজ্ঞান শাখায় স্নাতক প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে। স্পনসর্ড প্রার্থীদের ক্ষেত্রে ৫০ বছরের নীচে বয়স হলে আবেদন করতে পারেন।

**কোর্স ফি:** ৩০০ টাকা।

তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য নিয়মানুসারে আসন সংরক্ষিত থাকবে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.nationalarchives.nic.in

#### পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

✓ফি বাবদ দিতে হবে ১০০ টাকার ইন্ডিয়ান পোস্টাল অর্ডার বা ব্যাঙ্ক ড্রাফট। ফি 'Director General of Archives, National Archives of India, Janpath, New Delhi-110 001'-এর অনুকূলে প্রদেয় হতে হবে।
✓প্রার্থীর বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের প্রত্যয়িত নকল।
✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ১৩ মার্চের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Director General of Archives, National Archives of India, Janpath, New Delhi-110 001.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### গাইডেন্স ও কাউন্সেলিংয়ের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স

গাইডেন্স ও কাউন্সেলিংয়ের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের লাইফলং লার্নিং ডিপার্টমেন্ট। কোর্সের মেয়াদ ১ বছর।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। দূরশিক্ষা মাধ্যমে স্নাতক পাশ প্রার্থীরা আবেদন করবেন না।

প্রার্থী বাছাই করা হবে মেধার ভিত্তিতে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.buruniv.ac.in এ ছাড়া সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় থেকেও ফর্ম সংগ্রহ করতে পারেন। চালানের মাধ্যমে ফি বাবদ দিতে হবে ১৫০ টাকা।

#### পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
✓বয়সের প্রমাণপত্রের প্রত্যয়িত নকল।
✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
✓দক্ষ খেলোয়াড়দের ক্ষেত্রে যথাযথ স্পোর্টস সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র যে-কোনও কাজের দিন সকাল ১১টা থেকে বিকেল ৩টের মধ্যে সরাসরি জমা দিতে হবে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ে। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ৫ ফেব্রুয়ারি।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

Banglajobguide.blogspot.com T.me/BanglaJobGuide T.me/BangoSongbad



# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## ইউ পি এস সি

□ ***ইউনিয়ন পাবলিক সার্ভিস*** *কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রকে এনফোর্সমেন্ট অফিসার/অ্যাকাউন্টস অফিসার পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —সাত্যকি দত্ত, বৈদ্যনাথপুর, বাঁকুড়া।*

□□ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রকে এনফোর্সমেন্ট অফিসার/অ্যাকাউন্টস অফিসার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। আইনে ব্যাচেলর্স ডিগ্রি বা ৫ বছরের ইন্টিগ্রেটেড ডিগ্রি অথবা এম বি এ বা ম্যানেজমেন্টে স্নাতকোত্তর ডিপ্লোমা অথবা কোম্পানি সেক্রেটারি বা চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি বা কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্সি পাশ করে থাকলে অগ্রাধিকার। এ ছাড়া কোনও সংস্থায় লিগাল বা অ্যাকাউন্টস বা অ্যাডমিনিস্ট্রেশন-সংক্রান্ত বিষয়ে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকলেও অগ্রাধিকার পাবেন। ৩১ জানুয়ারির মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in

□ ***ইউ পি এস সি আয়োজিত*** *'ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস' এক্সামিনেশন সম্পর্কে বিস্তারিত জানাবেন। —প্রণতি ধর, বালি, হাওড়া।*

□□ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস এক্সামিনেশন' হয় দু'টি পর্যায়ে। প্রথম পর্যায়ের পেপার-ওয়ানে থাকে জেনারেল স্টাডিজ ও ইঞ্জিনিয়ারিং অ্যাপ্টিটিউড এবং পেপার-টুয়ে ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট ডিসিপ্লিন-সংক্রান্ত প্রশ্ন। অবজেক্টিভ টাইপ প্রশ্ন হয়। পেপার-ওয়ানের মোট নম্বর ২০০ (সময় ২ ঘণ্টা), পেপার-টুয়ের মোট নম্বর ৩০০ (সময় ৩ ঘণ্টা)। দ্বিতীয় পর্যায়ে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং বিষয়ে কনভেনশনাল প্রশ্ন হয় দু'টি পত্রে। প্রতি পত্রের নম্বর ৩০০, সময় ৩ ঘণ্টা করে। অর্থাৎ লিখিত পরীক্ষার মোট নম্বর ১,১০০। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং থাকে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে পার্সোন্যালিটি টেস্টের (২০০ নম্বর) জন্য ডাক পাওয়া যায়। খুঁটিনাটি জানতে দেখতে পারেন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

## পি এস সি

□ ***ওয়েস্ট বেঙ্গল পাবলিক সার্ভিস*** *কমিশনের মাধ্যমে রাজ্য সরকারের বিভিন্ন পলিটেকনিকে ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগে ওয়ার্কশপ ইনস্ট্রাক্টর পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? মিতালি মালাকার, জাঙ্গিপাড়া, হুগলি।*

□□ ওয়েস্ট বেঙ্গল পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে রাজ্য সরকারের বিভিন্ন পলিটেকনিকে ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগে ওয়ার্কশপ ইনস্ট্রাক্টর পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে ইলেক্ট্রনিক্স মেকানিক বা মেকানিক (রেডিয়ো অ্যান্ড টেলিভিশন) ট্রেডে স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক অনুমোদিত ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট (এন টি সি) বা ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট (এন এ সি)। ন্যাশনাল ট্রেড সার্টিফিকেটের ক্ষেত্রে ৫ বছর এবং ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেটের ক্ষেত্রে ৪ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। অথবা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা-সহ ৩ বছরের অভিজ্ঞতা। ব্রড বেসড বেসিক ট্রেনিংয়ে ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট-সহ ইলেক্ট্রনিক সেক্টরে ৫ বছরের অভিজ্ঞতা থাকলেও আবেদন করা যাবে। ৫ ফেব্রুয়ারির মধ্যে অনলাইন দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://wbpsc.gov.in

## ব্যাঙ্ক

□ ***আই বি পি এসের মাধ্যমে*** *স্পেশ্যালিস্ট অফিসার ক্যাটেগরিতে অফিসার স্কেল-ওয়ান (অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার) পদে নিয়োগের জন্য যোগ্যতামান যাচাইয়ের কেন্দ্রীয় পরীক্ষা 'কমন রিক্রুটমেন্ট প্রসেস ফর রিক্রুটমেন্ট অব স্পেশ্যালিস্ট অফিসার্স ইন পারটিসিপেটিং অর্গানাইজেশনস'-এর জন্য কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? পরীক্ষায় কী কী বিষয় থেকে কত নম্বরের প্রশ্ন হয়? —সুষমা সোম, ইলামবাজার, বীরভূম।*

□□ আই বি পি এসের মাধ্যমে অফিসার স্কেল-ওয়ান (অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার) পদের জন্য প্রবেশিকা পরীক্ষায় বসার ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট বা সমতুল। এগ্রিকালচার, হর্টিকালচার, ফরেস্ট্রি, অ্যানিম্যাল হাজবেন্ড্রি, ভেটেরিনারি সায়েন্স, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, পিসিকালচার, এগ্রিকালচারাল মার্কেটিং অ্যান্ড কো-অপারেশন, ইনফর্মেশন টেকনোলজি, ম্যানেজমেন্ট, ল, ইকনমিক্স ও অ্যাকাউন্ট্যান্সি— যে-কোনও একটিতে স্নাতক হলে অগ্রাধিকার। কম্পিউটার জ্ঞান অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। সেই সঙ্গে যে-এলাকার ব্যাঙ্কে নিয়োগ পেতে চান সেখানকার স্থানীয় ভাষা জানতে হবে এবং অষ্টম শ্রেণিতে একটি বিষয় হিসেবে সেই ভাষা পড়ে থাকতে হবে। অবশ্য স্থানীয় ভাষা না জানলেও আবেদন করা যাবে। সেক্ষেত্রে কাজে নিয়োগের ৬ মাসের মধ্যে তাঁদের সংশ্লিষ্ট ভাষা শিখে নিতে হবে। 'কমন রিক্রুটমেন্ট প্রসেস ফর রিক্রুটমেন্ট অব স্পেশ্যালিস্ট অফিসার্স ইন পারটিসিপেটিং অর্গানাইজেশনস' হয় দু'টি পর্বে— প্রিলিমিনারি ও মেন। প্রিলিমিনারি পরীক্ষা ১২৫ নম্বরের। সময় ২ ঘণ্টা। থাকে রিজনিং (৫০), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (২৫) ও কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৫০) বিষয়ে প্রশ্ন। অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। তবে কোনও উত্তরের ঘর ফাঁকা রাখলে তার জন্য নেগেটিভ মার্কিং হবে না। মেন পরীক্ষায় থাকবে ৬০ নম্বরে পেশাদারি বিষয়ে প্রশ্ন। খুঁটিনাটি জানতে দেখতে পারেন এই ওয়েবসাইট: www.ibps.in

## নার্সিং

□ ***নয়াদিল্লি এইমসে বি এসসি নার্সিং*** *(পোস্ট বেসিক) কোর্সে ভর্তি হতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —আনন্দ সাহা রায়, নন্দনপুর, পশ্চিম মেদিনীপুর।*

□□ নয়াদিল্লির অল ইন্ডিয়ান ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস (এইমস)-এ বি এসসি নার্সিং (পোস্ট বেসিক) কোর্সে ভর্তির ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চ-মাধ্যমিক। সেই সঙ্গে ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। পাশাপাশি, স্টেট নার্সিং কাউন্সিলে নার্স বা মিডওয়াইফ হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে। তবে, পুরুষ নার্সরা যদি ২০০৩ সালে ইন্টিগ্রেটেড কোর্স চালু হওয়ার আগে জেনারেল নার্সিংয়ের সার্টিফিকেট কোর্স পাশ করে থাকেন সেক্ষেত্রে মিডওয়াইফারির ডিপ্লোমা কোর্স না করে থাকলেও আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে স্টেট নার্সিং কাউন্সিলে নার্স হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে। সেই সঙ্গে ও টি টেকনিক বা অপথ্যালমিক নার্সিং বা লেপ্রোসি নার্সিং বা টি বি নার্সিং বা সাইকিয়াট্রিক নার্সিং বা নিউরো-লজিক্যাল অ্যান্ড নিউরো সার্জিক্যাল নার্সিং বা কমিউনিটি হেলথ নার্সিং বা ক্যানসার নার্সিং বা অর্থোপেডিক নার্সিংয়ে অন্তত ৬ মাস মেয়াদের প্রশিক্ষণ নিয়ে থাকতে হবে। ওয়েবসাইট: www.aiimsexams.org

## উচ্চশিক্ষা

□ ***'পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স*** *এক্সামিনেশন'-এ ইঞ্জিনিয়ারিং শাখায় পরীক্ষায় বসার ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? —জুঁই সাঁতরা, মথুরাপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ 'পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন'-এ ইঞ্জিনিয়ারিং শাখায় পরীক্ষায় বসার ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, ম্যাথমেটিক্স এবং কেমিস্ট্রি বা বায়োলজি বা বায়োটেকনোলজি বা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশন বা টেকনিক্যাল ভোকেশনাল বিষয়ের মধ্যে যে-কোনও একটি বিষয়-সহ উচ্চ-মাধ্যমিক পাশ। তিনটি বিষয়ে মোট অন্তত ৪৫ শতাংশ (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। বিশদ জানার জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.wbjeeb.in

## কোর্স, ট্রেনিং

□ ***রামকৃষ্ণ মিশন শিল্পমন্দিরে সিভিল*** *শাখায় ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —আকাশ সরকার, চম্পাহাটি, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ সিভিল ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে রামকৃষ্ণ মিশন শিল্পমন্দির। প্রার্থী বাছাই করা হবে একটি প্রবেশিকা পরীক্ষা (শিল্পমন্দির অ্যাডমিশন টেস্ট) এবং জেক্সপো পরীক্ষায় প্রাপ্ত র‍্যাঙ্কের ভিত্তিতে। আসনসংখ্যা ৬০। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক। সেই সঙ্গে অঙ্ক ও ফিজিক্যাল সায়েন্সে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। পাশাপাশি, জেক্সপো পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। বয়স হতে হবে ২১ বছরের মধ্যে। প্রবেশিকা পরীক্ষার সম্ভাব্য তারিখ ১৯ এপ্রিল (রবিবার), সকাল ১০টা থেকে দুপুর ১২টা। আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনপত্র ৫০ টাকার বিনিময়ে সরাসরি সংগ্রহ করা যাবে প্রতিষ্ঠান থেকে, যে-কোনও কাজের দিন সকাল সাড়ে ১০টা থেকে বিকেল ৪টে (শনিবার সকাল সাড়ে ১০টা থেকে দুপুর ১টা) পর্যন্ত। আবেদনপত্র সংগ্রহের শেষ তারিখ ২১ মার্চ। পরীক্ষার ফি বাবদ দিতে হবে ৩০০ টাকা। আবেদনপত্র ২৩ মার্চের মধ্যে জমা দিতে হবে এই ঠিকানায়: 208, G.T. Road, Belur Math, Howrah-711 202. ওয়েবসাইট: www.shilpamandira.org, www.rkmscc.org ফোন: (০৩৩) ২৬৫৪ ৯৩৮১/৭৯০৭।

□ ***আকুপাংচারের সার্টিফিকেট কোর্সে*** *ভর্তি হতে চাই। বিশদে জানাবেন। —মধুরিমা সরকার, বারাকপুর, উত্তর ২৪ পরগনা।*

□□ আকুপাংচারের সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে ডঃ বি কে বসু মেমোরিয়াল রিসার্চ অ্যান্ড ট্রেনিং ইনস্টিটিউট অব আকুপাংচার। কোর্সটি রাজ্যের কাউন্সিল অব আকুপাংচার থেরাপি দ্বারা অনুমোদিত। কোর্সের মেয়াদ ১৬ সপ্তাহ। কোর্স শুরু হবে ২৪ ফেব্রুয়ারি থেকে। ক্লাস হবে সোম, মঙ্গল এবং বুধবার, সকাল ১১টা থেকে বিকেল ৩টে পর্যন্ত। শিক্ষাগত যোগ্যতা: এম বি বি এস বা বি এইচ এম এস বা বি এ এম এস। কোর্স ফি: ২,৫০০ টাকা। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.wbhealth.gov.in প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ পূরণ করা আবেদনপত্র ১৫ ফেব্রুয়ারির মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Director, Dr. B.K. Basu Memorial Research & Training Institute of Acupuncture, 188/87, Prince Anwar Shah Road, Kolkata-700 045.

□ ***গার্ডেন রিচ শিপবিল্ডার্সে গ্র্যাজুয়েট*** *অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? —সৌরাংশু হালদার, মিনাখাঁ, উত্তর ২৪ পরগনা।*

□□ গার্ডেন রিচ শিপবিল্ডার্সে গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় স্নাতক। শাখা-সহ ইঞ্জিনিয়ারিংয়ের বিষয়গুলি হল: মেকানিক্যাল শাখার ক্ষেত্রে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং। ইলেক্ট্রিক্যাল শাখার ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং। ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলি-কমিউনিকেশন শাখার ক্ষেত্রে ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং। ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন শাখার ক্ষেত্রে অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশনস কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্টেশন টেকনোলজি। কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি শাখার ক্ষেত্রে কম্পিউটার সায়েন্স, কম্পিউটার টেকনোলজি, ইনফর্মেশন টেকনোলজি। সিভিল শাখার ক্ষেত্রে সিভিল ইঞ্জিনিয়ারিং, সিভিল অ্যান্ড স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং, স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং। বিশদ জানার জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.grse.nic.in

## অন্যান্য চাকরি

□ ***দিল্লি সরকারে পলিটিক্যাল সায়েন্স*** *বিষয়ে পি জি টি পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —শঙ্খদীপ রায়চৌধুরি, মধুসূদনপুর, হুগলি।*

□□ দিল্লি সরকারে পলিটিক্যাল সায়েন্স বিষয়ে পোস্ট-গ্র্যাজুয়েট টিচার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে শিক্ষক-শিক্ষণে ডিগ্রি বা ডিপ্লোমা। সংশ্লিষ্ট বিষয়ে পি এইচ ডি করে থাকলে অথবা উচ্চমাধ্যমিক, স্নাতক এবং স্নাতকোত্তর স্তরে প্রথম শ্রেণিতে উত্তীর্ণ হয়ে থাকলে প্রশিক্ষণহীন প্রার্থীরাও দরখাস্ত করতে পারেন। সেক্ষেত্রে নিয়োগ পাওয়ার পরবর্তী ৩ বছরের মধ্যে শিক্ষক শিক্ষণের ডিগ্রি পেতে হবে। কোনও কলেজে বা হায়ার সেকেন্ডারি বা হাই স্কুলে ৩ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র দিল্লি। লিখিত পরীক্ষা নেওয়া হবে দু'টি পর্যায়ে— টিয়ার-ওয়ান এবং টিয়ার-টু (প্রযোজ্য ক্ষেত্রে)। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল অ্যাওয়্যারনেস, জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং এবিলিটি, অ্যারিথমেটিক্যাল অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি, হিন্দি এবং ইংরেজি ভাষার দক্ষতা, মেন্টাল এবিলিটি অ্যান্ড রিজনিং এবিলিটি (প্রযোজ্য ক্ষেত্রে), নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড অ্যান্ড ডেটা ইন্টারপ্রিটেশন (প্রযোজ্য ক্ষেত্রে) এবং সংশ্লিষ্ট বিষয়ে (প্রযোজ্য ক্ষেত্রে)। নেগেটিভ মার্কিং আছে। ২৩ ফেব্রুয়ারির মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.dsssbonline.nic.in

□ ***দিল্লি সরকারে ফরেস্ট গার্ড পদের*** *ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? —শ্যামল জানা, কল্যাণপুর, হাওড়া।*

□□ দিল্লি সরকারে ফরেস্ট গার্ড পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। হিন্দি জানা বাধ্যতামূলক। পাশাপাশি, উচ্চতা থাকতে হবে ১৬৩ সেমি। বুকের ছাতি না-ফুলিয়ে ৮৪ সেমি হতে হবে। উভয় ক্ষেত্রে বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা চাই। প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষা, দৈহিক মাপজোক যাচাই এবং দৈহিক সক্ষমতার পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই সমস্ত বিষয়ে— জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, জেনারেল অ্যাওয়্যারনেস, কোয়ান্টিটেটিভ অ্যাপটিটিউড, ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন এবং হিন্দি ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন। প্রতিটি বিষয়ে নম্বর ৪০। মোট ২০০ নম্বরের পরীক্ষা। মোট সময়সীমা ২ ঘণ্টা। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে মোট ৪ ঘণ্টায় ২৫ কিলোমিটার হাঁটা। পরীক্ষার সম্ভাব্য তারিখ ১২ এবং ১৩ মার্চ। দেখুন এই ওয়েবসাইট: http://forest.delhigovt.nic.in/

□ ***দিল্লি সরকারে ভেটেরিনারি অ্যান্ড*** *লাইভস্টক ইনস্পেক্টর পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পর্কে বিশদে জানাবেন। —স্বস্তিক দাশগুপ্ত, রাণাঘাট, নদিয়া।*

□□ দিল্লি সরকারে ভেটেরিনারি অ্যান্ড লাইভস্টক ইনস্পেক্টর পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে ভেটেরিনারি অ্যান্ড অ্যানিম্যাল হাজবেন্ড্রিতে ২ বছরের ডিপ্লোমা। পাশাপাশি, সংশ্লিষ্ট ক্ষেত্রে এক বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। নিয়োগ হবে ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টের অ্যানিম্যাল হাজবেন্ড্রি ইউনিটে। প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের পরীক্ষা ও প্রযোজ্য ক্ষেত্রে স্কিল টেস্টের মাধ্যমে। প্রথম পর্যায়ের পরীক্ষায় থাকবে জেনারেল অ্যাওয়্যারনেস, জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং এবিলিটি, এরিথমেটিক্যাল অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি, হিন্দি ও ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন। দ্বিতীয় পর্যায়ের প্রথম সেকশনে থাকবে জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং এবিলিটি, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, জেনারেল অ্যাওয়্যারনেস, ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন বিষয়ে অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন এবং দ্বিতীয় সেকশনে থাকবে লেটার রাইটিং, এসে রাইটিং, এক্সপ্যানশন অব আইডিয়াজ বিষয়ে ডেসক্রিপ্টিভ ধরনের প্রশ্ন। খুঁটিনাটি জানার জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: http://dsssbonline.nic.in

□ ***ভারতীয় নৌবাহিনীতে খেলোয়াড়*** *বিভাগে ডাইরেক্ট এন্ট্রি পেটি অফিসার ক্যাটেগরিতে সেলর পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত ও খেলাধুলার যোগ্যতা এবং দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? —গৌরাঙ্গ হাজরা, নিমতিতা, মুর্শিদাবাদ।*

□□ ভারতীয় নৌবাহিনীতে খেলোয়াড় বিভাগে ডাইরেক্ট এন্ট্রি পেটি অফিসার ক্যাটেগরিতে সেলর পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। খেলাধুলার যোগ্যতা: দলগত ইভেন্টের ক্ষেত্রে জুনিয়র বা সিনিয়র স্তরে আন্তর্জাতিক বা জাতীয় বা রাজ্য স্তরে প্রতিনিধিত্ব করে থাকতে হবে। ব্যক্তিগত ইভেন্টের ক্ষেত্রে সংশ্লিষ্ট খেলায় জাতীয় স্তরে সিনিয়র লেভেলে অন্তত ষষ্ঠ স্থান বা জুনিয়র লেভেলে অন্তত তৃতীয় স্থান বা ইন্টার ইউনিভার্সিটি মিটে তৃতীয় স্থান অধিকার করে থাকতে হবে। পাশাপাশি, উচ্চতা থাকতে হবে ১৫৭ সেমি। বুকের ছাতি ৫ সেমি পর্যন্ত ফোলানোর ক্ষমতা থাকতে হবে। বয়স ও উচ্চতা অনুসারে ওজন হতে হবে। রং চেনার ক্ষমতা সি পি-টু মানের হতে হবে।

নাম : ..........................................
ঠিকানা : ......................................
..................................................
..................................................
আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

Banglajobguide.blogspot.com T.me/BanglaJobGuide T.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com T.me/BanglaJobGuide T.me/BangoSongbad



# ফুটওয়্যার ডিজাইনে চাকরি

বিভিন্ন পদে ৩০ জন কর্মী নেবে ফুটওয়্যার ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট ইনস্টিটিউট। এটি কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্প মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। অফিস এক্সিকিউটিভ, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার, সিস্টেম অ্যাসিস্ট্যান্ট ও ক্রাফটসম্যান/অ্যাসিস্ট্যান্ট ক্রাফটসম্যান পদে নিয়োগ করা হবে সংস্থার কলকাতা-সহ বিভিন্ন ক্যাম্পাসে। ৩ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। কর্তৃপক্ষ মনে করলে চুক্তির মেয়াদ বাড়াতে পারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: FDDI/HO/48(2)/HR/ADVT/2020/01.

**ক্যাম্পাস অনুসারে শূন্যপদ: অফিস এক্সিকিউটিভ:** শূন্যপদ ১৩টি (কলকাতা ১, নয়ডা ৩, হায়দরাবাদ ২, চেন্নাই ২, অঙ্কলেশ্বর ২, রোহতক ১, গুনা ১, যোধপুর ১)। শিক্ষাগত যোগ্যতা: সেক্রেটারিয়াল প্র্যাক্টিসে স্নাতক বা ডিপ্লোমা। অফিস অটোমেশনে ডিপ্লোমা থাকলেও আবেদন করা যাবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা থাকতে হবে।

**সিস্টেম অ্যাসিস্ট্যান্ট (আই টি এস সি):** শূন্যপদ ৫টি (গুনা ১, ছিন্দওয়াড়া ১, হায়দরাবাদ ১, বানুর ১, যোধপুর ১)। শিক্ষাগত যোগ্যতা: এম সি এ বা বি সি এ অথবা এম এসসি বা বি এসসি। বি সি এ ডিগ্রির ক্ষেত্রে কম্পিউটার অ্যাপ্লিকেশন বা সমতুল বিষয়ে ডিপ্লোমা থাকতে হবে। এ ছাড়া ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার সায়েন্সে বি টেক ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

**অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (অ্যাডমিনিস্ট্রেশন):** শূন্যপদ ৫টি (কলকাতা ১, চেন্নাই ১, রোহতক ১, ছিন্দওয়াড়া ১, গুনা ১)। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ স্নাতক। এম বি এ ডিগ্রি বা ম্যানেজমেন্টে ২ বছরের পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা থাকলেও আবেদন করা যাবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

**ক্রাফটসম্যান/অ্যাসিস্ট্যান্ট ক্রাফটসম্যান:** শূন্যপদ ৪টি (কলকাতা ১, ছিন্দওয়াড়া ১, বানুর ১, যোধপুর ১)। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট পাশ। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ট্রেনিং):** শূন্যপদ ৩টি (কলকাতা ১, পাটনা ১, বানুর ১)। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ স্নাতক। এম বি এ ডিগ্রি বা ম্যানেজমেন্টে ২ বছরের পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা থাকলেও আবেদন করা যাবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://fddiindia.com অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৪ ফেব্রুয়ারি।

# কেন্দ্রীয় সরকারে ৪২১ অফিসার

এনফোর্সমেন্ট অফিসার/অ্যাকাউন্টস অফিসার পদে ৪২১ জন কর্মী নেবে কেন্দ্রের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রক। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। ২ বছরের প্রবেশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 51/2020.

**শূন্যপদের বিন্যাস:** ভ্যাকেন্সি নম্বর: ২০০১৫১০১৪১১: ৪২১টি (সাধারণ ১৬৮, তফসিলি জাতি ৬২, তফসিলি উপজাতি ৩৩, ও বি সি ১১৬, আর্থিকভাবে অনগ্রসর ৪২)। এর মধ্যে শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য ৮টি এবং চলাফেরায় অসুবিধা আছে এমন প্রতিবন্ধী প্রার্থীদের জন্য ৩টি শূন্যপদ সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। আইনে ব্যাচেলর্স ডিগ্রি বা ৫ বছরের ইন্টিগ্রেটেড ডিগ্রি অথবা এম বি এ বা ম্যানেজমেন্টে স্নাতকোত্তর ডিপ্লোমা অথবা কোম্পানি সেক্রেটারি বা চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি বা কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্সি পাশ করে থাকলে অগ্রাধিকার। এছাড়া কোনও সংস্থায় লিগাল বা অ্যাকাউন্টস বা অ্যাডমিনিস্ট্রেশন-সংক্রান্ত বিষয়ে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকলেও অগ্রাধিকার পাবেন।

**বয়স:** ৩১-১-২০২০ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**বেতনক্রম:** সপ্তম বেতন কমিশনের লেভেল-৮ অনুসারে।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ৪ অক্টোবর। পরীক্ষার সময়সীমা ২ ঘণ্টা। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে এই সব বিষয়ে: জেনারেল ইংলিশ, ইন্ডিয়ান ফ্রিডম স্ট্রাগল, কারেন্ট ইভেন্টস অ্যান্ড ডেভেলপমেন্টাল ইস্যুস, ইন্ডিয়ান পলিটি অ্যান্ড ইকনমি, জেনারেল অ্যাকাউন্টিং প্রিন্সিপলস, ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস অ্যান্ড লেবার ল, জেনারেল সায়েন্স অ্যান্ড নলেজ অব কম্পিউটার অ্যাপ্লিকেশনস, জেনারেল মেন্টাল এবিলিটি অ্যান্ড কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট এবং সোশ্যাল সিকিউরিটি ইন ইন্ডিয়া। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৩১ জানুয়ারি পর্যন্ত। দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো, সই এবং সচিত্র পরিচয়পত্র আপলোড করতে হবে। অনলাইন দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিট করার পর সেটির একটি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউট নেওয়া যাবে ১ ফেব্রুয়ারি পর্যন্ত। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। ইন্টারভিউয়ের সময় সঙ্গে নিয়ে যেতে হবে।

ফি বাবদ দিতে হবে ২৫ টাকা। নগদে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায় ফি জমা দিতে পারেন। অথবা অনলাইন পদ্ধতিতে এস বি আই নেট ব্যাঙ্কিং বা ভিসা বা মাস্টার ক্রেডিট বা ডেবিট কার্ডের সাহায্যেও ফি জমা দেওয়া যাবে। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে হবে না। ফি জমা দেওয়ার পর রসিদ বা ই-রিসিপ্ট (প্রযোজ্য ক্ষেত্রে) নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রাজ্য সরকারে অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর

৫০ জন অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর নেবে রাজ্য সরকারের ফুড প্রসেসিং ইন্ডাস্ট্রিজ অ্যান্ড হর্টিকালচার দপ্তর। প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ৪/২০২০।

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ২৬, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৩, ও বি সি-এ ৬, ও বি সি-বি ৩, দৈহিক প্রতিবন্ধী ৩)। **শিক্ষাগত যোগ্যতা:** হর্টিকালচার বা এগ্রিকালচারে স্নাতক ডিগ্রি। এগ্রিকালচারের ক্ষেত্রে অন্যতম বিষয় হিসেবে হর্টিকালচার পড়ে থাকতে হবে। হর্টিকালচারে স্নাতকোত্তর ডিগ্রি থাকলে অগ্রাধিকার। এ ছাড়া বাংলা ভাষা পড়তে, লিখতে ও বলতে পারা বাধ্যতামূলক।

**বয়স:** ১-১-২০২০ তারিখে ৩৬ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছরের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা ৪৫ বছর পর্যন্ত বয়সে ছাড় পাবেন।

**বেতনক্রম:** ১৫,৬০০-৪২,০০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৫,৪০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। তবে কর্তৃপক্ষ মনে করলে প্রিলিমিনারি স্ক্রিনিং টেস্টের ব্যবস্থাও করতে পারে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://wbpsc.gov.in অনলাইন দরখাস্ত করা যাবে ৬ ফেব্রুয়ারি পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে।

ফি বাবদ দিতে হবে ২১০ টাকা। অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। কনভিনিয়েন্স ফি এবং জি এস টি অতিরিক্ত। অফলাইনে পেমেন্ট চালানের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়। এ ক্ষেত্রে সার্ভিস চার্জ বাবদ অতিরিক্ত ২০ টাকা দিতে হবে। অফলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ৭ ফেব্রুয়ারি। পেমেন্ট চালান ডাউনলোড করা যাবে ৬ ফেব্রুয়ারি পর্যন্ত। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ফি দিতে লাগবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# এক বছরে রেলে তৈরি হবে ৯০ হাজার শূন্যপদ

**নিজস্ব প্রতিনিধি:** বিপুল সংখ্যক কর্মীর অবসরের কারণে ২০২১ সালে রেলে প্রায় ৯০ হাজার শূন্যপদ তৈরি হতে চলেছে। রেলমন্ত্রক সূত্রে খবর, এ বছর মার্চ মাসের মধ্যে প্রায় ৪৭ হাজার রেলকর্মী অবসর নেবেন। ২০২১-এর মার্চ মাসের মধ্যে অবসর নেবেন আরও ৪১ হাজার কর্মী।

প্রসঙ্গত, রেলে প্রায় ৩ লক্ষ ৬ হাজার শূন্যপদ ফাঁকা রয়েছে আগে থেকেই। সূত্রের খবর, এর মধ্যে ২ লক্ষ ৯৪ হাজার শূন্যপদে নিয়োগের জন্য উদ্যোগ নেওয়া হয়েছে। রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট, টেকনিশিয়ান, লেভেল-ওয়ান ও জুনিয়র ইঞ্জিনিয়ার পদে নিয়োগের প্রক্রিয়া শেষের পথে। এইসব নিয়োগের প্রক্রিয়া সম্পূর্ণ করার পরও আগামী ১ বছরের মধ্যে বিপুল শূন্যপদ তৈরি হবে। 'অ্যান্টিসিপেটেড ভ্যাকেন্সি'-র আওতায় চলতি নিয়োগ প্রক্রিয়ার মাধ্যমেই সম্ভাব্য শূন্যপদের কিছু অংশ পূরণ করার চেষ্টা হলেও ২০২১-এর মার্চ মাসের পর রেলে বহু পদ ফাঁকা থেকে যাবে। ফলে বছরখানেকের মধ্যে রেলে বিপুল সংখ্যক কর্মী নিয়োগের সম্ভাবনা জোরালো হচ্ছে।

# বাঁকুড়ার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতিতে চাকরি

স্টাফ নার্স, ল্যাব টেকনিশিয়ান, মেডিক্যাল সোশ্যাল ওয়ার্কার-সহ বিভিন্ন পদে ২২ জনকে নেবে বাঁকুড়ার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। নিয়োগ হবে চুক্তিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ২৭৭।

শূন্যপদের বিন্যাস: **মেডিক্যাল অফিসার:** ২টি, **স্টাফ নার্স:** ৫টি, **ল্যাব টেকনিশিয়ান:** ৫টি, **সিনিয়র ট্রিটমেন্ট সুপারভাইজর:** ১টি, **ডিস্ট্রিক্ট কনসালটেন্ট:** ১টি, **মেডিক্যাল সোশ্যাল ওয়ার্কার:** ১টি, **সহায়িকা (মহিলা):** ২টি, **কম্পোনেন্ট ল্যাবরেটরি টেকনিশিয়ান:** ১টি, **টেকনিক্যাল সুপারভাইজর:** ১টি, **ডিস্ট্রিক্ট পি পি এম কো-অর্ডিনেটর:** ১টি, **টিউবারক্যুলোসিস হেলথ ভিজিটর:** ২টি।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.bankura.gov.in ফি বাবদ এন ই এফ টি-র মাধ্যমে দিতে হবে ১০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৫০ টাকা)।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ২০ ফেব্রুয়ারির মধ্যে স্পিড পোস্টের মাধ্যমে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়। দরখাস্ত ভরা খামের উপর যে-পদের জন্য আবেদন করেছেন তার নাম, সিরিয়াল নম্বর লিখে দেবেন।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

RABINDRA BHARATI UNIVERSITY
COMPUTER CENTER
56A, B.T. ROAD, KOLKATA-700 050
Ref. No: RB/REG/17/2020
Date: 17/01/2020
Admission going on for Madhyamik and H.S. Students.
Courses offered: Office Automation O-Level (NIELIT, formerly DOEACC) and DTP (Desk Top Publishing).
Attractive discount and Installment facility available
Contact No. 9163365949.
Registrar

সুশ্রুত আই ফাউন্ডেশন অ্যান্ড রিসার্চ সেন্টার-এ স্টাইপেন্ড সহ সরকারি কোর্স
অপথ্যালমিক কেয়ার টেকনোলজি সার্টিফিকেট প্রোগ্রাম
(মৌলানা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি /MAKAUT, পূর্বে পরিচিত - ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অফ টেকনোলজি দ্বারা স্বীকৃত)
শিক্ষাগত যোগ্যতা: ১২ পাশ।
বয়সসীমা: ১৮ থেকে ৩৫ বছর।
অ্যানেস্থেসিয়া টেকনিশিয়ান
(ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন/NSDC দ্বারা স্বীকৃত)
কোর্সের মেয়াদকাল: ৬ মাস।
শিক্ষাগত যোগ্যতা: ১২ পাশ। (বিজ্ঞান বিভাগ)
বয়সসীমা: ১৮ থেকে ৩৫ বছর।
কোর্স ফি: ১০,০০০ টাকা।
৬ মাসের জন্য স্টাইপেন্ড: ৩,০০০ টাকা।
প্রবেশিকা পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ৮০% স্কলারশিপের ব্যবস্থা।
ট্রেনিং সেন্টার: সুশ্রুত আই ফাউন্ডেশন অ্যান্ড রিসার্চ সেন্টার (সল্টলেক ও বহরমপুর)।
যোগাযোগ:
8622980053, 9875579240
email: hr.susrut@gmail.com
(সোম থেকে শনি- সকাল ১০ টা থেকে সন্ধ্যা ৬ টা)
কোর্সগুলি শুধুমাত্র মহিলাদের জন্য। হোস্টেলের ব্যবস্থা আছে

কর্মক্ষেত্র বাঙালির কর্মজীবনের প্রবেশপথ
shine.com Great careers start here
Shine.com now brings you great jobs in partnership with KARMAKSHETRA
Companies Recruiting This Week

DIKSHA
Company: A client of Diksha
Position Title: Retail Supervisor
Experience, Location: 2 - 6 year, Kolkata
Profile: Responsible for overall operations, administration of the retail outlet including team management, customer service, billing, stock management and MIS. Smart, female graduates (upto 38 years) from Retail/ Fashion/ Hospitality/ BPO/ Sales/ Other sectors. Salary : INR 12K - 17K per month (negotiable). Phone: 9674484100 & Email: sudip135@gmail.com.
To apply for this job, log on to www.shine.com and search using 10592000 as keyword.

GOLDMAN CONSULTANTS
Company: Goldman Consultants
Position Title: HR Recruiter
Experience, Location: Both Fresher & Experienced, Kolkata
Profile: We need both fresher & experienced candidate to work in our company as HR Recruiter. Any Graduates can apply. Salary as per the standard for Fresher and for experienced candidate salary negotiable. Please contact with the below details for more information. Mob-9339556600,033-23354445.
Email- goldman_cons@hotmail.com.
Address- HA-56, Sector-3, Salt Lake, Kol- 97
To apply for this job, log on to www.shine.com

AVIATION CONNECT
Company: Aviation Connect
Position Title: Air Hostress & Ground staff
Experience, Location: Both Fresher & Experience, Kolkata, Bhubaneswar & Delhi
Profile: Aviation connect provide 100% placement to our students after completion of the courses or workshop.Age : 18years to 27 years. Education : Min Higher Secondary, Salary : 11,000-34,000/Month. Fresher may apply.call on 9051941467/03346037102 & also Apply to : info@aviationconnect.in
To apply for this job, log on to www.shine.com

Hinduja Global Solutions Ltd
Company: Hinduja Global Solutions Ltd
Position Title: Field Sales Officer
Experience, Location: 1 - 5 year, Kolkata
Profile: We are looking for a competitive field sales representative to develop sales strategies and should be having experience in field sales related with Banking Sales, FMCG and Telecom. The successful salesperson will source new sales opportunities and close sales to achieve quotas.
To apply for this job, log on to www.shine.com and search using 10537833 as keyword.

Teleperformance Global Services Pvt Ltd
Company: Teleperformance Global Services Pvt Ltd
Position Title: Customer Care Associates
Experience, Location: 0 - 4 year, Kolkata
Profile: We have openings for Customer Support Associate-International Non Voice/ Back-end process. Resolves product or service problems by clarifying the customer's complaint, determining the cause of the problem; selecting and explaining the best solution to solve the problem; expediting correction or adjustment; following up to ensure resolution.
To apply for this job, log on to www.shine.com and search using 10354026 as keyword.

IndiaMart Intermesh Ltd
Company: IndiaMart Intermesh Ltd
Position Title: Business Manager
Experience, Location: 2 - 7 year, Kolkata
Profile: Servicing the existing clients. Achievement of monthly, quarterly and annual sales targets by generating revenue from existing paid members. Responsible for client retention, per client revenue optimization & renewals with his/her team.
To apply for this job, log on to www.shine.com and search using 10522798 as keyword.

To apply log on to www.shine.com and search using the relevant Job ID as keyword.
For more jobs, log on to Shine.com now!
To avail Shine.com Data Base Services, Call Atanu Ghosh @ 7980979203*
*Not for Candidates
shine.com Great careers start here

Banglajobguide.blogspot.com T.me/BanglaJobGuide T.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com T.me/BanglaJobGuide T.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

শেষ মুহূর্তের মহড়া

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

পরীক্ষা ৯ ফেব্রুয়ারি

**Direction (1 to 5):** *Choose the one which can be substituted for the given words/sentence.*

1. Place where wine is made:
(a) Bakery (b) Cloakroom (c) Tannery (d) Brewery
2. A paper written by hand:
(a) Handicraft (b) Handiwork (c) Manuscript (d) Thesis
3. The art of preserving skin of animals, birds:
(a) Taxonomy (b) Taxidermy (c) Topology (d) Seismology
4. Related to moon:
(a) Solar (b) Moony (c) Lunar (d) Honeymoon
5. The plants and vegetation of a region:
(a) Flora (b) Fauna (c) Landscape (d) Environment

**Direction (6 to 10):** *Find the correctly spelt word.*

6. (a) Systamatically (b) Systematically (c) Systematicaly (d) Systimatically
7.(a) Erthiness (b) Earathines (c) Eartahhiness (d) Earthiness
8. (a) Truely (b) Truly (c) Truily (d) Trueily
9. (a) Allienate (b) Aliennate (c) Alienatte (d) Alienate
10. (a) Vacillation (b) Vasillation (c) Vacciliation (d) Vacilation

**Direction (11 to 15):** *Choose the alternatives which best expresses the meaning of the given Idiom/Phrase and mark it in the answer sheet.*

11. As a businessman, my father always maintained that his transactions constituted as open book.
(a) an account book always open (b) a book of open confessions (c) an opening of new ventures (d) straightforward and honest dealings
12. The project advanced by leaps and bounds.
(a) repidly (b) slowly (c) sharply (d) simply
13. She is too fond of her own voice.
(a) loves singing (b) very selfish (c) does not listen properly to anyone else (d) very talkative
14. Indian police is on the whole, high handed in dealing with citizens.
(a) kind (b) overbearing (c) prompt (d) adept
15. I take exception to your statement that I am bad tempered.
(a) do not agree (b) feel unhappy (c) object (d) feel angry

**Direction (16 to 20):** *Choose the word opposite in meaning.*

16. Quiet
(a) Strong (b) Noisy (c) Incomplete (d) Violent
17. Vague
(a) Clear (b) Dull (c) Unknown (d) Shady
18. Incredible
(a) Believable (b) Possible (c) Imaginable (d) Enjoyable
19. Invitable
(a) Avoidable (b) Unnecessary (c) Inseparable (d) Uncertain
20. Humility
(a) Dignity (b) Cruelty (c) Anger (d) Pride

**Direction (21 to 25):** *A part of the sentence is bold. Below are given alternatives to the bold part at a, b and c which may improve the sentence. Choose the correct alternative. In case no improvement is needed, your answer is 'd'.*

21. My foot is **paining**.
(a) aching (b) ailing (c) husting (d) No improvement
22. The light went out **while I read**.
(a) I was reading (b) I am reading (c) I had read (d) No improvement
23. She **said me about** her holiday in Kerala.
(a) told about (b) said about (c) told me about (d) No improvement
24. Why do you prefer the theatre **than** the cinema ?
(a) for (b) against (c) to (d) No improvement
25. He is the only man I know **who** can laugh at himself.
(a) whose (b) whom (c) which (d) No improvement
26. উচ্চশিক্ষার জন্য ইংরেজি ভাষাকে মাধ্যম হিসেবে গ্রহণ করা হয় কোন গভর্নর জেনারেল-এর সময়?
(a) লর্ড ওয়েলেসলি (b) লর্ড মিন্টো (c) লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক (d) লর্ড নর্থব্রুক
27. স্বাধীন ভারতের শেষ গভর্নর জেনারেল হলেন:
(a) রাজেন্দ্র প্রসাদ (b) চক্রবর্তী রাজা গোপালাচারি (c) জওহরলাল নেহরু (d) এঁদের কেউই নন
28. 'অধীনতামূলক মিত্রতা' নীতি কার দ্বারা প্রবর্তিত হয়:
(a) লর্ড ওয়েলেসলি (b) ওয়ারেন হেস্টিংস (c) কর্নওয়ালিস (d) মিন্টো
29. সিন্ধুসভ্যতার আবিষ্কার কে করেন?
(a) স্যার লিওনার্ড উলি (b) ভি এস আগরওয়াল (c) রাখালদাস ব্যানার্জি (d) এ এল ব্যাসাম
30. সিন্ধুবাসীর কোন ধাতু অজানা ছিল?
(a) তামা (b) লোহা (c) ব্রোঞ্জ (d) স্বর্ণ
31. হরপ্পা সভ্যতার অধিবাসীরা কোন দেশের সঙ্গে বাণিজ্য করত?
(a) চিন (b) ইরান (c) রাশিয়া (d) সুমেরু
32. মার্কিন যুক্তরাষ্ট্রের সান ফ্রান্সিসকোয় গদর পার্টি কে প্রতিষ্ঠা করেন?
(a) লালা হরদয়াল (b) অজিত সিং (c) লালা লাজপৎ রায় (d) পি মিত্র
33. 1919 সালের আইন কী নামে পরিচিত ছিল?
(a) রাওলাট অ্যাক্ট (b) মর্লে-মিন্টো অ্যাক্ট (c) মন্ট-ফোর্ড অ্যাক্ট (d) সাইমন অ্যাক্ট
34. মানুষের আবিষ্কৃত প্রথম ধাতুটি হল:
(a) লোহা (b) অ্যালুমিনিয়াম (c) দস্তা (d) তামা
35. ইতিহাস প্রসিদ্ধ বৃহৎ স্নানাগারটি কোথায় পাওয়া গেছে?
(a) লোথাল (b) হরপ্পা (c) মহেঞ্জোদাড়ো (d) কালিবঙ্গান
36. নীচের কোন সম্প্রদায় ইলবার্ট বিলের তীব্র বিরোধিতা করেছিলেন?
(a) হিন্দুরা (b) মুসলমানরা (c) ইঙ্গ-ভারতীয় সম্প্রদায় (d) সকলেই
37. ভারতের শেষ ব্রিটিশ ভাইসরয় ছিলেন:
(a) লর্ড ওয়াভেল (b) লর্ড মাউন্টব্যাটেন (c) লর্ড লিনলিথগো (d) এটলি
38. লর্ড আরউইনের পরে কে ভারতের ভাইসরয় হন?
(a) লর্ড ওয়াভেল (b) লর্ড রিডিং (c) লর্ড উইলিংডন (d) লর্ড লিনলিথগো
39. ভারতে 'সিভিল সার্ভিস' কে শুরু করেন?
(a) লর্ড হার্ডিঞ্জ (b) উইলিয়াম বেন্টিঙ্ক (c) ওয়ারেন হেস্টিংস (d) লর্ড ডালহৌসি
40. ভারতের রেল ব্যবস্থার প্রবর্তন কে ঘটান?
(a) লর্ড ডালহৌসি (b) লর্ড ক্যানিং (c) লর্ড হার্ডিঞ্জ (d) লর্ড রিপন
41. লর্ড মাউন্টব্যাটেন কাকে 'একাই এক সীমান্তবাহিনী' বলে উল্লেখ করেন?
(a) আবদুল গফফর খান (b) সুভাষচন্দ্র বসু (c) শরৎ বসু (d) এম কে গান্ধী
42. প্রথম মারাঠা যুদ্ধ ঘটে কার শাসনকালে?
(a) ওয়ারেন হেস্টিংস (b) উইলিয়ম বেন্টিঙ্ক (c) মার্কুয়েস কর্নওয়ালিস (d) চার্লস ক্যানিং
43. ভার্নাকুলার প্রেস অ্যাক্ট প্রণয়ন করেন:
(a) লর্ড লিটন (b) লর্ড ডালহৌসি (c) লর্ড ওয়েলেসলি (d) লর্ড কার্জন
44. ভারতের কোন ইংরেজ গভর্নর জেনারেলকে হত্যা করেন আন্দামান দ্বীপের এক কয়েদি?
(a) ক্লাইভ (b) রিপন (c) মেয়ো (d) নর্থব্রুক
45. সংবাদপত্রের মুক্তিদাতারূপে কে পরিচিত ছিলেন?
(a) বেন্টিঙ্ক (b) মেকলে (c) হেস্টিংস (d) মেটাকাফে
46. কোন গভর্নর জেনারেলের শাসনকালে ভারতীয় সিভিল সার্ভিস (ICS) প্রবর্তিত হয়েছিল?
(a) লর্ড ডালহৌসি (b) লর্ড কার্জন (c) লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক (d) লর্ড কর্নওয়ালিশ
47. 1942-এর ভারতছাড়ো আন্দোলনের সময় কে ভারতের ভাইসরয় ছিলেন?
(a) লিনলিথগো (b) উইলিংটন (c) ওয়াভেল (d) মিন্টো
48. 'সতী' প্রথা আইনত নিষিদ্ধ করার বছর ছিল:
(a) 1795 (b) 1800 (c) 1829 (d) 1858
49. সিন্ধুসভ্যতায় কোনটি একটি বড় বন্দর ছিল?
(a) লোথাল (b) কালিবঙ্গান (c) চানহুদাড়ো (d) মেহেরগড়
50. হরপ্পার কোন অঞ্চল ধান চাষের সঙ্গে যুক্ত?
(a) কালিবঙ্গান (b) লোথাল (c) কোটডিজি (d) রোপার
51. 'ইনকিলাব জিন্দাবাদ' ধ্বনিটি কে প্রথম তোলেন?
(a) ভগৎ সিং (b) হজরত মোহানি (c) এ সি বোস (d) এম কে গান্ধী
52. নিম্নলিখিত ঐতিহাসিকদের মধ্যে কে বিদ্যাসাগরকে 'ঐতিহ্যবাহী আধুনিকতাবাদের প্রবক্তা' বলে অভিহিত করেছেন?
(a) রমেশচন্দ্র মজুমদার (b) বিনয় ঘোষ (c) অমলেশ ত্রিপাঠী (d) যদুনাথ সরকার
53. 1897 সালে কে 'স্বদেশিভাণ্ডার' স্থাপন করেন?
(a) সরলাদেবী (b) রবীন্দ্রনাথ ঠাকুর (c) মহাত্মা গান্ধী (d) বিপিনচন্দ্র পাল
54. 1913 সালে 'গদরপার্টি' প্রতিষ্ঠিত হয়:
(a) বোম্বেতে (b) পাঞ্জাবে (c) কলকাতায় (d) সানফ্রান্সিসকোয়
55. অসহযোগ আন্দোলন চলাকালীন অযোধ্যায় কৃষক আন্দোলনে নেতৃত্বদান করেন:
(a) মহাত্মা গান্ধী (b) বাবা রামচন্দ্র (c) মাদারি পার্শি (d) সর্দার বল্লভভাই প্যাটেল
56. ভারতে শেষ গভর্নর জেনারেল কে ছিলেন?
(a) লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক (b) লর্ড ক্যানিং (c) লর্ড মাউন্টব্যাটেন (d) চক্রবর্তী রাজাগোপালাচারি
57. কোন শহরকে 1826 সালে ওয়াহাবি আন্দোলনের মূল কেন্দ্র হিসেবে বেছে নেওয়া হয়েছিল?
(a) কান্দাহার (b) কোয়েটা (c) পেশোয়ার (d) চারসাড্ডা
58. একজন অগ্রগণ্য ব্রিটিশ পার্লামেন্টের সদস্য এবং রাজনীতিবিদ যিনি স্বীকার করেছিলেন যে 1857 সালের বিদ্রোহ নিছক সিপাহি বিদ্রোহ ছিল না, এটি ছিল একটি 'জাতীয় বিদ্রোহ':
(a) ডেভিড জর্জ (b) উইলিয়াম হিলডের ব্যান্ড (c) ডিসরেইলি (d) জর্জ বিংসলে
59. সৈয়দ আহম্মদ খানের প্রধান পরামর্শদাতা এবং বিশ্বাসভাজন ছিলেন:
(a) ডব্লিউ ডব্লিউ হান্টার (b) থিয়োডর বেক (c) থিয়োডর মরিসন (d) নাসান লিস
60. 1920 সালে পাঞ্জাবে যে অকালি আন্দোলন শুরু হয় তার মূল উদ্দেশ্য কী ছিল?
(a) শিখদের রাজনৈতিক অভাব-অভিযোগ প্রকাশ করা (b) শিখদের সামাজিক রীতিনীতিতে আধুনিকীকরণের প্রচলন ঘটানো (c) গুরু দোয়ারা বা শিখদের পবিত্র স্থানের পরিচালন ব্যবস্থাকে সরলীকৃত করা (d) কুসংস্কারের বৃদ্ধি ও অযৌক্তিক কঠিন আবরণ থেকে শিখধর্মকে বিশোধিত করা

এরপর এগারোর পাতায়

পি এস সি-র মাধ্যমে

## মিসলেনিয়াস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

পরীক্ষা ৮ মার্চ

1. আয়নমুক্ত জলের ক্ষরতার মাত্রা কত?
(a) দুই (b) চার (c) শূন্য (d) এক
2. চারটি ধাতুর মিশ্রণে উৎপন্ন সংকর ধাতুটির নাম লিখুন।
(a) পিতল (b) জার্মান সিলভার (c) অ্যালয় স্টিল (d) ডুরালুমিন
3. কোন উপাদানের শিখা ঝালাইয়ের কাজে ব্যবহৃত হয়?
(a) অক্সি-হাইড্রোজেন শিখা (b) অক্সি-অ্যাসিটিলিন শিখা (c) অক্সি-ইথিলিন শিখা (d) অক্সি-নাইট্রোজেন শিখা
4. কোন উষ্ণতায় গ্লোবার লবণের দ্রাব্যতা সর্বোচ্চ?
(a) 25° C (b) 32.4° C (c) 40° C (d) 59° C
5. বিজ্ঞানী ফ্যারাডে কোথা থেকে বেঞ্জিন আবিষ্কার করেন?
(a) কয়লার অন্তর্ধূম পাতন থেকে (b) তিসির তেল থেকে (c) অ্যাসিটিলিন থেকে (d) পেট্রোলিয়াম থেকে
6. বাতাসে কোন গ্যাস থাকার জন্য তেল ছবির সাদা রং কালো হয়ে যায়?
(a) $NO_2$ (b) $H_2S$ (c) $CO_2$ (d) $SO_2$
7. কোন পদ্ধতিকে দশমিক পদ্ধতি বলা হয়?
(a) C.G.S (b) F.P.S (c) S.I (d) সবক'টি
8. স্ক্রু গেজ যন্ত্র কেন ব্যবহার করা হয়?
(a) ক্ষুদ্র নির্ভুল দৈর্ঘ্য মাপার জন্য (b) সরু তারের ব্যাস মাপার জন্য (c) গোলকের আয়তন মাপার জন্য (d) ফাঁপা নলের ব্যাসার্ধ মাপার জন্য
9. $F = G, \frac{m_1 m_2}{r^2}$ এই সূত্রে G-এর অর্থ কী?
(a) অভিকর্ষজ ত্বরণ (b) গতিবেগের পরিবর্তন (c) সর্বজনীন অভিকর্ষজ ধ্রুবক (d) অভিকর্ষজ মন্দন
10. A এবং B দু'টি সমান ভরের তরলে সমান তাপ দেওয়া হল। B-এর আপেক্ষিক তাপ A-এর দ্বিগুণ। A ও B-এর তাপমাত্রা বৃদ্ধির অনুপাত কত?
(a) 2 : 1 (b) 1 : 2 (c) 1 : 1 (d) 4 : 1
11. শীতের দেশে মোটরগাড়ির রেডিয়েটারের জলের সঙ্গে কী মেশানো হয়?
(a) গ্লিসারল (b) কেরোসিন (c) পেট্রোল (d) ডিজেল
12. চাঁদে সাধারণ উষ্ণতায় রাখা জলভর্তি ফ্লাস্কের ছিপি খুললে জল ফুটতে থাকে কেন?
(a) বায়ু চাপশূন্য (b) চাঁদের অভিকর্ষ বল কম (c) চাঁদের অভিকর্ষজ বল বেশি (d) সঠিক ব্যাখ্যা নেই
13. ${}_{17}Cl^{35}$-এর নিউট্রন সংখ্যা কত?
(a) 17 (b) 18 (c) 35 (d) 52
14. ${}_{29}Cu^{63}$-এর পরমাণু ক্রমাঙ্ক কত?
(a) 29 (b) 34 (c) 63 (d) 92
15. ETS কে ব্যক্ত করেন?
(a) ইমারসন (b) হিল (c) বার্নেস (d) কেল্‌ভিন
16. MAB-এর পুরো নাম কী?
(a) ম্যান অ্যান্ড বায়োলজিক্যাল প্রোগ্রাম (b) ম্যান অ্যান্ড বায়ো ডাইভারসিটি প্রোগ্রাম (c) ম্যান অ্যান্ড বায়োস্ফিয়ার প্রোগ্রাম (d) ম্যান অ্যান্ড বোটানিক্যাল প্রোগ্রাম
17. ABS বা অ্যালকালাইন বেঞ্জিন সালফোনেট কোন ব্যবহার্য দ্রব্য উৎপাদনে পাওয়া যায়?
(a) খাবার সোডা (b) ডিটারজেন্ট (c) কীটনাশক (d) অজৈব সার
18. মাইটোকন্ড্রিয়ার অন্তঃপর্দার অন্তঃগাত্রে অবস্থিত টেনিস র‍্যাকেটের ন্যায় বৃন্তযুক্ত গঠনকে কী বলে?
(a) ডিপ্লোজোম (b) কোয়ান্টোজোম (c) অক্সিজোম (d) মাইক্রোজোম
19. বাষ্পমোচনের হার কোন যন্ত্রের সাহায্যে পরিমাপ করা হয়?
(a) আর্কইন্ডিকেটর (b) প্রোটোমিটার (c) অক্সানোমিটার (d) হিমনোমিটার
20. জিয়াটিন কী?
(a) প্রাকৃতিক সাইটোকাইনিন (b) প্রাকৃতিক অক্সিন (c) প্রাকৃতিক ইথিলিন (d) কৃত্রিম অক্সিন
21. $C_3$ উদ্ভিদের অন্ধকার দশায় প্রথম স্থায়ী যৌগ কোনটি?
(a) PGALd (b) রাইবুলোজ (c) PGA (d) ফ্রুকটোজ
22. পলিটিন ক্রোমোজোম কথাটি কে প্রবর্তন করেন?
(a) ওয়াটসন (b) ওয়াটসন ও ক্রিক (c) মেন্ডেল (d) ই জি বালবিয়ানি
23. বেমতন্তু বিশ্লিষ্টকারী উপাদান কোনটি?
(a) কলচিসিন (b) রেসারপিন (c) অ্যাট্রোপিন (d) অ্যাসিটোকারমিন
24. নীচের কোনটি দেহের ভারসাম্য রক্ষা করে?
(a) কটিযন্ত্র (b) আইরিশ (c) অটোলিথ যন্ত্র (d) ইউস্টেচিয়ান নালি
25. মানব ত্বকে ভিটামিন D সংশ্লেষিত হয় কোন যৌগ থেকে?
(a) বিটা ক্যারোটিন (b) বিটা সায়ানিন (c) 7 ডিহাইড্রোকোলেস্টেরল (d) ক্যালসিফেরল
26. যে ভারতীয় নাগরিকের বয়স 80 বছর, তার ক্ষেত্রে আয়কর ছাড়ের পরিমাণ:
(a) Rs 2,00,000 (b) Rs. 2,50,000 (c) Rs. 4,00,000 (d) Rs. 5,00,000
27. নীচের কোনটি দাদাভাই নৌরজির লেখা?
(a) Wealth of Nation (b) Das Capital (c) Poverty and Unbritish rule in India (d) কোনওটিই নয়
28. কোন পরিভাষাটি ব্যাঙ্ক-এর ক্ষেত্রে ব্যবহৃত হয়?
(a) Interest rate swap (b) Cut motion (c) Zero hour (d) Privilege motion
29. কোন বিদেশি ব্যাঙ্কের এ-দেশে শাখার পরিমাণ অধিক?
(a) সিটি ব্যাঙ্ক (b) এইচ এস বি সি (c) স্ট্যান্ডার্ড চ্যাটার্ড ব্যাঙ্ক (d) ফেডারেল ব্যাঙ্ক

এরপর বারোর পাতায়

Banglajobguide.blogspot.com T.me/BanglaJobGuide T.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com T.me/BanglaJobGuide T.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

61. নীচের কোনটি 1929 সালের নেহরু কমিটির রিপোর্টের অন্তর্ভুক্ত ছিল না?
(a) ভারতকে ঔপনিবেশিক স্বায়ত্তশাসন প্রদান করা উচিত (b) মৌলিক অধিকার সমূহের ঘোষণা প্রস্তুতি (c) মুসলিমদের পৃথক ভোটদান রদ করা (d) ভারতের জন্য একটি যুক্তরাষ্ট্রীয় কাঠামোর প্রস্তাব রাখা

62. কত সালে সর্বভারতীয় কিষাণ সভা গঠিত হয়?
(a) 1991 (b) 1920 (c) 1928 (d) 1936

63. সম্পূর্ণভাবে সরকারি নিয়ন্ত্রণমুক্ত এবং সরকারি অনুদান ছাড়াই যে মুক্ত বিশ্ববিদ্যালয়টি ভারতে গড়ে ওঠে সেটি হল:
(a) বিশ্বভারতী, শান্তিনিকেতন (b) আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয় (c) মহিলা বিশ্ববিদ্যালয়, পুনে (d) বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়

64. লাহোর ট্রিবিউন নীচের কার সম্পর্কে এই মন্তব্যটি করে 'যদি কোনও মানুষ মহান কাজের জন্য শহিদ হন তাহলে তিনি বীরপুরুষ'?
(a) ভগৎ সিং (b) যতীন্দ্রনাথ দাস (c) চন্দ্রশেখর আজাদ (d) সূর্য সেন

65. মাদ্রাজে জাস্টিস পার্টি মুভমেন্ট কার সঙ্গে মিলিত হয়েছিল?
(a) আত্মসম্মান লিগ (Self respect League) (b) দ্রাবিড় মুন্নেত্রা কাজাগাম (D.M.K) (c) a এবং b উভয়ই (d) ডিপ্রেসড ক্লাসেস লিগ

66. নীচের ঘটনাবলীকে কালানুক্রম অনুসারে সাজান এবং নীচে দেওয়া উত্তরগুলির মধ্যে সঠিকটি বেছে নিন।
1. বালগঙ্গাধর তিলকের মৃত্যু 2. কংগ্রেসের নাগপুর অধিবেশন
3. মোপলা বিদ্রোহ 4. শান্তিনিকেতনে বিশ্বভারতীর আনুষ্ঠানিক উদ্বোধন
(a) 4, 2, 3, 1 (b) 3, 4, 2, 1 (c) 2, 1, 3, 4 (d) 3, 2, 4, 1

67. ক্ষমতাহস্তান্তর এবং ভারতবিভাজন কতদিনের মধ্যে সংঘটিত হয়েছিল?
(a) 94 (b) 86 (c) 72 (d) 68

68. বি জে তিলক কাকে 'ভারতের হীরা' আখ্যা দেন?
(a) রবীন্দ্রনাথ ঠাকুর (b) দাদাভাই নৌরজি (c) গোপাল কৃষ্ণ গোখলে (d) লালা লাজপত রায়

69. প্রথম উপজাতীয় নেতা যিনি মহাত্মা গান্ধী এবং তাঁর আদর্শের দ্বারা অনুপ্রাণিত হয়েছিলেন:
(a) যাদোনাঙ্গ (b) রানি গুইডালো (c) আল্লুরি সীতারাম রাজু (d) ঠক্কর বাপা

70. 'হিন্দু' পত্রিকার সম্পাদক ছিলেন:
(a) এস সুব্রমনিয়া (b) কস্তুরি রঙ্গা আয়েঙ্গার (c) এস সত্যমূর্তি (d) টি কে মাধবন

71. মহাত্মা গান্ধী কোন আন্দোলনে বল্লভভাই প্যাটেলের অসাধারণ সাংগঠনিক দক্ষতার পরিচয় পেয়ে তাঁকে সর্দার উপাধি দেন?
(a) খেদা সত্যাগ্রহ (b) বারদৌলি সত্যাগ্রহ (c) লবণ সত্যাগ্রহ (d) ব্যক্তিগত সত্যাগ্রহ

72. ভারতের জাতীয় কংগ্রেসের প্রথম মুসলিম সভাপতি ছিলেন:
(a) আজমল খান (b) এম এ জিন্নাহ (c) আবুল কালাম আজাদ (d) বদরুদ্দিন তায়েবজি

73. সঠিক জোড় কোনটি?
(a) মালব্য এবং জয়াকর (b) বিঠলভাই এবং মালব্য (c) মোতিলাল নেহরু এবং মালব্য (d) সি আর দাস এবং মোতিলাল নেহরু

74. 1905 সালে স্বদেশি আন্দোলনের সময় কোন গোষ্ঠী দূরত্ব বজায় রেখেছিল?
(a) মহিলাসমাজ (b) কৃষক সম্প্রদায় (c) ছাত্রসমাজ (d) বুদ্ধিজীবী সম্প্রদায়

75. গান্ধীজির মৃত্যু সম্পর্কে বলতে গিয়ে কে বলেছিলেন 'আমাদের জীবন থেকে বাঘ বিদায় নিল'?
(a) জে এল নেহরু (b) রাজেন্দ্র প্রসাদ (c) এস রাধাকৃষ্ণান (d) বিধানচন্দ্র রায়

76. নীচের কোন দ্রব্যটি 'গ্রিন গোল্ড' নামে অভিহিত?
(a) পাট (b) চা (c) কফি (d) প্রাকৃতিক রাবার

77. Traveller's Prince নামে কে পরিচিত ছিলেন?
(a) ইবনবতুতা (b) মেগাস্থিনিস (c) হিউয়েন সাঙ (d) ফা-হিয়েন

78. দন্ত চিকিৎসকরা দাঁত তোলার সময় অবশ করার জন্য কোন রাসায়নিকটি ব্যবহার করেন?
(a) ক্যালশিয়াম ক্লোরাইড (b) টাইটেনিয়াম ডাইঅক্সাইড (c) লিডোকেন (d) ক্যালশিয়াম ফ্লুওরাইড

79. কোন ব্যক্তির পদচ্যুতির জন্য সাংসদদের সিদ্ধান্ত নেওয়ার প্রয়োজন হয় না?
(a) রাজ্যপাল (b) মুখ্যনির্বাচন আধিকারিক (c) রাষ্ট্রপতি (d) উপরাষ্ট্রপতি

80. বাংলা ভাষায় প্রথম কে ধ্রুপদী সংগীত রচনা করেন?
(a) রবীন্দ্রনাথ ঠাকুর (b) যদুনাথ ভট্টাচার্য (c) কুমার প্রসাদ মুখোপাধ্যায় (d) রামশঙ্কর ভট্টাচার্য

81. কোন কমিটির পরামর্শে 24 পরগনা জেলা 1986 সালে দু'ভাগ হয়?
(a) ডঃ খুরানা কমিটি (b) নীশিথ অধিকারী কমিটি (c) ডঃ অশোক মিত্র কমিটি (d) যতীন সেনগুপ্ত কমিটি

82. ক্লিন ও জার্ক শব্দটি কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) ভারোত্তোলন (b) বক্সিং (c) আইস হকি (d) বেসবল

83. নীচের কোন প্রাণীটি নিজ শরীরের 450 গুণ ওজন বহন করে পৃথিবীর সব থেকে শক্তিশালী প্রাণীর তকমা পেয়েছে?
(a) জলহস্তী (b) হাতি (c) পিঁপড়ে (d) গুবরে পোকা

84. মুসলিম তন্তুবায় 'নীরু' কার পিতা ছিলেন?
(a) সুরদাস (b) কবির (c) নানক (d) শ্রীচৈতন্য

85. সত্যজিৎ রায় মোট ক'টি ফেলুদা-কাহিনি লিখেছেন?
(a) 31টি (b) 34টি (c) 35টি (d) 38টি

86. কলকাতার কোন থিয়েটার হলের পূর্বনাম ছিল 'এলফিনস্টোন পিকচার প্যালেস':
(a) উত্তরা (b) তপন থিয়েটার (c) স্টার থিয়েটার (d) চ্যাপলিন

87. কোন বিশ্ববিখ্যাত ভারতীয় পদার্থবিজ্ঞানী দামোদর ভ্যালি কর্পোরেশনের প্রথম নকশাটি করেন?
(a) বিক্রম সারাভাই (b) প্রশান্তচন্দ্র মহলানবিশ (c) মেঘনাথ সাহা (d) সি ভি রমন

88. ভারতের কোন রাজ্যে 'চৌসা' এবং 'দসেরি' আম পাওয়া যায়?
(a) মহারাষ্ট্র (b) গুজরাত (c) উত্তরপ্রদেশ (d) পশ্চিমবঙ্গ

89. নীচের কোন স্থানকে 'ল্যান্ড অব হোয়াইট অর্কিড' নামে অভিহিত করা হয়?
(a) দার্জিলিং (b) কার্শিয়াং (c) মেঘালয় (d) সিকিম

90. কোন প্রচার সংস্থার মূলমন্ত্র 'বহুজন হিতায়, বহুজন সুখায়'?
(a) অল ইন্ডিয়া রেডিও (b) দূরদর্শন (c) জি টিভি (d) ই টিভি বাংলা

91. ইন্টারন্যাশনাল ক্রিকেটার অব দ্য ইয়ার (পুরুষ) 2019 ক্যাটাগরিতে ভারতের কোন ক্রিকেটার নির্বাচিত হয়েছেন?
(a) চেতেশ্বর পুজারা (b) রোহিত শর্মা (c) বিরাট কোহলি (d) এম এস ধোনি

92. IB-এর বর্তমান ডিরেক্টর হলেন:
(a) ঋষি কুমার শুক্লা (b) অনিল ধাসমানা (c) অরবিন্দ কুমার (d) রজনীকান্ত মিশ্র

93. বর্তমান লোকসভার স্পিকার হলেন:
(a) এম ভেঙ্কাইয়া নাইডু (b) ওম বিড়লা (c) শ্রী হরিবংশ (d) এদের কেউই নন

94. ভারতের বর্তমান কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল হলেন:
(a) স্নেহলতা শ্রীবাস্তব (b) রাজীব মেহর্ষি (c) সুনীল আরোরা (d) দেশ দীপক ভার্মা

95. স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার বর্তমান চেয়ারম্যান হলেন:
(a) পল্লব মহাপাত্র (b) শক্তিকান্ত দাশ (c) রজনীশ কুমার (d) কে কে বেনুগোপাল

96. বর্তমানে ভারতের মুখ্য নির্বাচন কমিশনার হলেন:
(a) অরবিন্দ সাকসেনা (b) তুষার মেহতা (c) এন কে সিং (d) সুনীল আরোরা

97. বর্তমানে ISRO-এর চেয়ারম্যান হলেন:
(a) প্রসূন জোশী (b) এইচ এল ডাট্টু (c) কে শিবন (d) এঁদের কেউই নন

98. মহারাষ্ট্রের নবনির্বাচিত মুখ্যমন্ত্রী হলেন:
(a) দেবেন্দ্র ফড়নবিশ (b) আদিত্য ঠাকরে (c) উদ্ধব ঠাকরে (d) শারদ পাওয়ার

99. ভারতের বর্তমান বিদেশসচিব হলেন:
(a) বিজয়কেশব গোখলে (b) রাজীব গাউবা (c) সঞ্জয় মিত্র (d) বিবেক জোশী

100. ভারতের বর্তমান স্বরাষ্ট্রমন্ত্রী হলেন:
(a) অমিত শাহ (b) রাজনাথ সিং (c) জে পি নাড্ডা (d) এদের কেউই নন

101. লাক্ষাদ্বীপ কী দ্বারা গঠিত?
(a) নিমজ্জিত পর্বত (b) প্রবাল (c) লবণাক্ত মালভূমি (d) মৃত আগ্নেয়গিরি

102. মাজুলি দ্বীপ কোথায় অবস্থিত?
(a) ব্রহ্মপুত্র নদ, অসম (b) গঙ্গানদী, বিহার (c) শোন নদী, বিহার (d) মহানন্দা, পশ্চিমবঙ্গ

103. কোন নদী কাশ্মীর উপত্যকা দিয়ে প্রবাহিত হয়?
(a) শতদ্রু (b) ইরাবতী (c) চন্দ্রভাগা (d) ঝিলাম

104. নর্মদা নদীর উৎপত্তি কোথায়?
(a) অমরকণ্টক (b) বিন্ধ্য (c) বৈকাল (d) পালনি পর্বত

105. সিন্ধুনদের উৎপত্তিস্থল হচ্ছে:
(a) শেষনাগ হ্রদ (b) ভীমজল হ্রদ (c) নামের হ্রদ (d) মানস সরোবর হ্রদ

106. গঙ্গা নদী বঙ্গোপসাগরে কোন ভূমিরূপের মধ্য দিয়ে প্রবাহিত হয়?
(a) বদ্বীপ (b) এসচুয়ারি (c) Bird's foot বদ্বীপ (d) চ্যুতিরেখা

107. পূর্ব কলকাতা জলাভূমিকে কোন নামে অভিহিত করা হয়?
(a) World Heritage Site (b) Ramsar Site (c) জীববৈচিত্র অঞ্চল (d) কোনওটিই নয়

108. আঁধি নামক ঝড় কোন স্থানে ঘটে?
(a) পাঞ্জাব (b) পশ্চিমবঙ্গ (c) অসম (d) উত্তরপ্রদেশ

109. আপ্পিকো আন্দোলনের নেতৃত্ব দেন:
(a) আমেদাবাদের সরলাবেন (b) রাজাকোটের থিরাবেন (c) সিরসিকের পান্ডুরাও হেগড়ে (d) কৌসেনের সুন্দরলাল

110. ভারতের কোন রাজ্যে সর্বাধিক তুলা উৎপন্ন হয়?
(a) মহারাষ্ট্র (b) গুজরাট (c) অন্ধ্রপ্রদেশ (d) পাঞ্জাব

111. ভাকরানাঙ্গাল জলাধার কোন নদীর ওপর অবস্থিত?
(a) ঝিলাম (b) শতদ্রু (c) বিপাশা (d) সিন্ধু

112. ভারতের কয়লা প্রধানত:
(a) অ্যানথ্রাসাইট (b) বিটুমিনাস (c) লিগনাইট (d) পিট

113. দামোদর উপত্যকা অঞ্চলে পুরাতন কয়লাখনি:
(a) তালচের (b) বিসরামপুর (c) বোকারো (d) রানিগঞ্জ

114. ONGC-র পুরো নাম:
(a) অয়েল অ্যান্ড ন্যাচারাল গ্যাস কোম্পানি (b) অয়েল অ্যান্ড ন্যাচারাল গ্যাস কর্পোরেশন (c) অর্গানাইজেশন অব নন গভর্নমেন্ট কোম্পানি (d) অর্গানাইজেশন অব নন গভর্নমেন্ট কমিশন

115. ছত্তিশগড় রাজ্যের ভিলাই যে শিল্প কারখানার জন্য বিখ্যাত সেটি হল:
(a) কার্পাস শিল্প (b) সার (c) লৌহ-ইস্পাত (d) অ্যালুমিনিয়াম

116. কলকাতা মুম্বই জাতীয় সড়ক কী নামে পরিচিত?
(a) NH-5 (b) NH-8 (c) NH-4 (d) NH-6

117. ভারতের দ্বিতীয় জনবহুল জেলা (জনগণনা 2011):
(a) হাওড়া (b) উত্তর 24 পরগনা (c) পাটনা (d) কোনওটিই নয়

118. মানবিক উন্নয়ন সূচক প্রথম ব্যবহৃত হয়:
(a) 1980 সালে (b) 1990 সালে (c) 1995 সালে (d) 2000 সালে

119. জনসংখ্যার বিচারে ভারতের দ্বিতীয় বৃহত্তম রাজ্যটি হল:
(a) মধ্যপ্রদেশ (b) মহারাষ্ট্র (c) উত্তরপ্রদেশ (d) পশ্চিমবঙ্গ

120. তফসিলি উপজাতির জনসংখ্যার সর্বাধিক অনুপাত দেখা যায়:
(a) নাগাল্যান্ড (b) মেঘালয় (c) মণিপুর (d) মিজোরাম

121. জারোয়ারা বসবাস করে:
(a) লাক্ষাদ্বীপে (b) আন্দামান দ্বীপপুঞ্জে (c) মাজুলি দ্বীপে (d) মালদ্বীপে

122. পশ্চিমবঙ্গের কোন জেলার ওপর দিয়ে কর্কটক্রান্তি রেখা গেছে?
(a) মুর্শিদাবাদ (b) নদিয়া (c) মালদা (d) উত্তর 24 পরগনা

123. কলকাতা শহরের স্থানীয় স্বায়ত্তশাসনের প্রতিষ্ঠানটির নাম হল:
(a) KMC কলকাতা নগর নিগম (b) KC কলকাতা নিগম (c) KMDA কলকাতা নগর উন্নয়ন আধিকারিক (d) CIT কলকাতা উন্নয়ন ট্রাস্ট

124. পশ্চিমবঙ্গের উত্তর থেকে দক্ষিণ প্রান্তের দূরত্ব:
(a) 600 কিমি (b) 700 কিমি (c) 800 কিমি (d) 400 কিমি

125. পুরুলিয়া জেলার আদ্রা কীজন্য বিখ্যাত?
(a) মৎস্য শিল্প (b) রেল জংশন (c) জেলা সদর (d) স্বাস্থ্যকর স্থান

126. যে যন্ত্রে ফ্লেমিং-এর বামহস্ত নিয়ম প্রযোজ্য, সেটি হল:
(a) ডায়নামো (b) জেনারেটর (c) মোটর (d) স্পিড গভর্নর

127. বৃক্ক থেকে নিঃসৃত প্রধান হরমোন হল:
(a) সিক্রেটিন (b) রেনিন (c) গ্যাসট্রিন (d) ভিলিকাইনিন

128. নীচের কোন অঙ্গে গ্লোমেরুলাস থাকে?
(a) নেফ্রিডিয়া (b) নেফ্রন (c) যকৃৎ (d) অগ্ন্যাশয়

129. যান্ত্রিক সুবিধা সবসময় 1-এর কম হয় যে যন্ত্রটিতে সেটি হল:
(a) প্রথম শ্রেণির লিভার (b) দ্বিতীয় শ্রেণির লিভার (c) তৃতীয় শ্রেণির লিভার (d) আনত তল

130. চাঁদে দুই অভিযাত্রী পাশাপাশি দাঁড়িয়ে কথা বললে একে অন্যের কথা:
(a) স্বাভাবিকভাবেই শুনবেন (b) জোরে শুনবেন (c) আস্তে শুনবেন (d) আদৌ শুনতে পাবেন না

131. ব্লটিং পেপার কেন কালি শোষণ করে?
(a) সান্দ্রতার জন্য (b) কালিতে দ্রাবক থাকার জন্য (c) কালিতে দ্রাব্য থাকার জন্য (d) কৈশিক ক্রিয়ার জন্য

132. জেনেটিক ইঞ্জিনিয়ারিং দ্বারা উৎপাদিত প্রথম মনুষ্য হরমোন:
(a) থাইরক্সিন (b) ইনসুলিন (c) ইস্ট্রোজেন (d) টেস্টেটেরন

133. মানুষের ক্ষেত্রে কানের দু'প্রস্ত মাংস পেশি হল:
(a) সমসংস্থ অঙ্গ (b) অসমসংস্থ অঙ্গ (c) লুপ্তপ্রায় অঙ্গ (d) কোনওটিই নয়

134. খর্পরণ (Cupellation) পদ্ধতি কোন ধাতুর নিষ্কাশনের সঙ্গে জড়িত?
(a) তামা (b) রুপো (c) টিন (d) সীসা

135. বনস্পতি শিল্পোৎপাদনে কোন প্রভাবক ব্যবহৃত হয়?
(a) প্যালাডিয়াম (b) প্ল্যাটিনাম (c) কোবাল্ট (d) নিকেল

136. অ্যাসকারিস বা গোলকৃমি পাওয়া যায়:
(a) মানুষের পাকস্থলীতে (b) মানুষের ক্ষুদ্রান্ত্রে (c) মানুষের বৃহদন্ত্রে (d) কোনওটিই নয়

137. আলোক-তড়িৎ সূত্রের আবিষ্কারক:
(a) আইনস্টাইন (b) ম্যাক্সওয়েল (c) মাইকেলসন (d) মরলি

138. যে উৎসেচকটি প্রোটোজোয়া বা আদ্যপ্রাণী থেকে স্তন্যপায়ী প্রাণীতে পাওয়া যায়:
(a) এমাইলেজ (b) পেপসিন (c) ট্রিপসিন (d) ইনসুলিন

139. যে পদ্ধতিতে জীব থেকে জীবনের সৃষ্টি হয় তাকে বলে:
(a) বায়োজেনেসিস (b) বায়োসিনোসিস (c) জিওসিনোসিস (d) হোমিওস্ট্যাসিস

140. আলোকবর্ষ নীচের কোন রাশির একক?
(a) দূরত্ব (b) আলোর তীব্রতা (c) সময় (d) শক্তি

141. একটি চুল্লির ওপর হাত রাখলে তাপ পাওয়া যায়:
(a) কেবলমাত্র পরিবহণ দ্বারা (b) কেবলমাত্র পরিচলন দ্বারা (c) কেবলমাত্র বিকিরণ দ্বারা (d) কিছুটা পরিচলন ও কিছুটা বিকিরণ দ্বারা

142. কার্বলিক অ্যাসিডের রাসায়নিক নাম:
(a) ফেনল (b) বেঞ্জিন (c) জাইলিনল (d) রেসিনস

143. গ্রানা এবং স্ট্রোমা এই দু'টির সমন্বয়ে গঠিত হয়:
(a) ভিকটিওজোম (b) রাইবোজোম (c) ক্লোরোপ্লাস্ট (d) মাইটোকনড্রিয়া

144. জীবন সৃষ্টির সময় সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ ঘটনা হল:
(a) প্রোটিন তৈরি (b) নিউক্লিক অ্যাসিড তৈরি (c) অ্যামাইনো অ্যাসিড তৈরি (d) DNA তৈরি

145. শ্রেণিবিন্যাসের জনক বলা হয়:
(a) বেন্থাম হুকারকে (b) লিনিয়ামকে (c) হ্যাচিনসনকে (d) কেউই নন

146. ঊর্ধ্বপাতন হয়:
(a) জলের (b) লোহার (c) বরফের (d) নিশাদলের

147. নীচের অ্যাসিডগুলোর মধ্যে কোনটি আঙুরে পাওয়া যায়?
(a) অ্যাসিটিক অ্যাসিড (b) সাইট্রিক অ্যাসিড (c) নাইট্রাস অ্যাসিড (d) কার্বোলিক্সি অ্যাসিড

148. একটি ফিউজ তারের:
(a) রোধ বেশি ও গলনাঙ্ক কম (b) রোধ বেশি ও গলনাঙ্ক বেশি (c) রোধ কম ও গলনাঙ্ক কম (d) রোধ কম ও গলনাঙ্ক বেশি

149. 'অ্যাথলিক ফুট' রোগটি হওয়ার কারণ:
(a) ব্যাকটেরিয়া (b) ফাঙ্গাস (c) প্রোটোজোয়া (d) নিমটোক

150. চক্ষুদানের ক্ষেত্রে দাতার চোখের কোন অংশ প্রতিস্থাপিত হয়?
(a) কর্নিয়া (b) লেন্স (c) রেটিনা (d) সম্পূর্ণ চোখ

151. 2008 সালে SBI-এর সঙ্গে কোন ব্যাঙ্কের একত্রীকরণ হয়েছে?
(a) Bank of India (b) Bank of Maharashtra (c) State Bank of Indore (d) State Bank of Sourashtra

152. পঞ্চদশ অর্থ কমিশনের চেয়ারম্যানের নাম কী?
(a) কে সি পান্থ (b) মনমোহন সিং (c) মহাবীর ত্যাগি (d) এন কে সিং

153. গ্রামান্তরে সমবায় প্রতিষ্ঠানের নাম কী?
(a) প্রাথমিক কৃষিঋণ সমিতি (b) গ্রামীণ কৃষিঋণ সমিতি (c) কৃষিঋণ সমিতি (d) গ্রামীণ ব্যাঙ্ক

154. National Rural Employment Guarantee Scheme কত দিনের জন্য ধার্য করা হয়েছে?
(a) 70 দিন এক বছরে (b) 200 দিন এক বছরে (c) 100 দিন এক বছরে (d) 30 দিন এক বছরে

155. Prudential শব্দটি কীসের সঙ্গে যুক্ত?
(a) বাণিজ্যনীতি (b) ব্যাঙ্ক ব্যবস্থার সংস্কার (c) শিল্পনীতি (d) কৃষিনীতি

156. উন্নত অর্থনীতিতে সব থেকে বেশি কর্মসংস্থান কোথা থেকে আসে?
(a) প্রাথমিক ক্ষেত্র (b) গৌণ ক্ষেত্র (c) পরিষেবা ক্ষেত্র (d) কোনওটিই নয়

157. 'বেটি বাঁচাও বেটি পড়াও' পরিকল্পনার জন্য কত টাকা বরাদ্দ করা হয়েছে?
(a) 200 কোটি (b) 250 কোটি (c) 280 কোটি (d) কোনওটিই নয়

158. 1969 এবং 1980 সালে ভারতের জাতীয়করণ কৃত ব্যাঙ্কগুলির মোট সংখ্যা হল:
(a) 14 (b) 16 (c) 17 (d) 20

159. প্রতিরক্ষা খাতে ব্যয় হল ———।
(a) সরকারি বিনিয়োগ (b) বেসরকারি বিনিয়োগ (c) বেসরকারি ব্যয় (d) সরকারি ব্যয়

*এরপর বারোর পাতায়*

BanglaJobGuide

Banglajobguide.blogspot.com T.me/BanglaJobGuide T.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com T.me/BanglaJobGuide T.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*এগারোর পাতার পর*

160. অর্থনীতিতে জাতীয়করণের অগ্রদূত কে?
(a) বিপিনচন্দ্র পাল (b) গোখলে (c) আর সি দত্ত (d) অমর্ত্য সেন
161. ভারতে পঞ্চায়েতিরাজ কত সালে শুরু হয়েছিল?
(a) 1956 সালে (b) 1951 সালে (c) 1959 সালে (d) 1961 সালে
162. লোকসভার অধ্যক্ষের কার্যকালের মেয়াদ:
(a) 2 বছর (b) 3 বছর (c) 5 বছর (d) 6 বছর
163. লোকসভার কোরাম হয় মোট সদস্যের:
(a) অর্ধেক উপস্থিতিতে (b) এক-তৃতীয়াংশ উপস্থিতিতে (c) এক-পঞ্চমাংশ উপস্থিতিতে (d) এক-দশমাংশ উপস্থিতিতে
164. ভারতীয় যুক্তরাষ্ট্রের প্রতীক বলা হয়:
(a) রাজ্যসভাকে (b) বিধানসভাকে (c) লোকসভাকে (d) বিধানপরিষদকে
165. কোন দেশের অনুকরণে ভারতীয় সংবিধানে মৌলিক কর্তব্য গৃহীত হয়েছে?
(a) মার্কিন যুক্তরাষ্ট্র (b) ব্রিটেন (c) চিন (d) রাশিয়া
166. লোকসভায় বছরে কমপক্ষে কতবার অধিবেশন বসে?
(a) দু'বার (b) তিনবার (c) একবার (d) চারবার
167. নীচের রাজ্যগুলির মধ্যে কোন রাজ্যটির নিজস্ব হাইকোর্ট নেই?
(a) ওড়িশা (b) সিকিম (c) হিমাচল প্রদেশ (d) মিজোরাম
168. জিরো আওয়ার-এ ব্যবহৃত বিষয়বস্তু হল:
(a) প্রতিরক্ষা সংক্রান্ত (b) স্বরাষ্ট্র সংক্রান্ত (c) অর্থনীতি সংক্রান্ত (d) বিবিধ
169. পঞ্চায়েতের সদস্য হওয়ার জন্য ন্যূনতম কত বছর বয়স প্রয়োজন?
(a) 21 বছর (b) 30 বছর (c) 25 বছর (d) 35 বছর
170. কে পার্লামেন্টের সদস্য না হয়েও, পার্লামেন্টে নিজ বক্তব্য পেশ করতে পারেন?
(a) স্পিকার (b) রাষ্ট্রপতি (c) অ্যাটর্নি জেনারেল (d) প্রধান বিচারপতি
171. কলকাতা হাইকোর্ট কোন কেন্দ্রশাসিত অঞ্চলের বিচার করে?
(a) লাক্ষাদ্বীপ (b) দমন ও দিউ (c) পুদুচেরি (d) আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ
172. ভারতের প্রত্যেক ক্যাবিনেট কমিটির সভাপতি হলেন:
(a) প্রধানমন্ত্রী (b) রাষ্ট্রপতি (c) সংশ্লিষ্ট ক্যাবিনেট মন্ত্রী (d) লোকসভার স্পিকার
173. জেলা পরিষদের কার্যকালের মেয়াদ কত বছর?
(a) 2 বছর (b) 4 বছর (c) 5 বছর (d) 6 বছর
174. ভারতের পরিকল্পনা কমিশনের সভাপতি হলেন:
(a) রাষ্ট্রপতি (b) প্রধানমন্ত্রী (c) অর্থমন্ত্রী (d) উপরাষ্ট্রপতি
175. ভারতীয় সংবিধানের কত নম্বর ধারায় সর্বপ্রকার অস্পৃশ্যতার অবলুপ্তি ঘটানো হয়েছে?
(a) 12 (b) 15 (c) 16 (d) 17
176. বেমানান শব্দগুলি বের করুন:
(a) মৌমাছি (b) ছারপোকা (c) প্রজাপতি (d) বোলতা
177. নীচের কোন জোড়াটি অন্যগুলোর থেকে আলাদা?
(a) ভারত-গঙ্গা (b) বাংলাদেশ-পদ্মা (c) শ্রীলঙ্কা-মাহি গঙ্গা (d) জাপান-ফুজিয়ামা
178. পৃথিবীর সঙ্গে সূর্যের যে সম্পর্ক নেপচুনের সঙ্গে একই সম্পর্কযুক্ত:
(a) চাঁদ (b) সূর্য (c) বাতাস (d) মঙ্গল
179. ছাত্রের সঙ্গে শিক্ষকের যে সম্পর্ক একজন কর্মচারীর সঙ্গে একইরূপ সম্পর্ক:
(a) সহকর্মী (b) অফিস ম্যানেজার (c) মালিক (d) পাড়ার বন্ধু
180. একজন মহিলাকে দেখিয়ে সীমা বললেন 'এর ছেলের বাবা আমার মায়ের জামাই'। সীমা ও ওই মহিলার সম্পর্ক কী?
(a) বোন (b) মা (c) ভাইঝি (d) সাথি
181. একজন পুরুষ একজন মহিলাকে বললেন 'তোমার মার স্বামীর বোন আমার মাসি'। ওই মহিলা ও ওই পুরুষের মধ্যে সম্পর্ক কী?
(a) নাতনি (b) কন্যা (c) বোন (d) মাসি
182. নীচের সিরিজে 3 অথবা 4-এর সঙ্গে ক'টি 5 আছে?
3 5 9 5 4 5 5 3 5 8 4 5 6 7 3 5 7 5 5 4 5 2 3 5 1 0
(a) 5 (b) 10 (c) 8 (d) 14
183. রহিম ক্লাসে সপ্তম স্থান পেয়েছে। কিন্তু শেষের দিক থেকে Rank বিচার করলে রহিম 26তম। রহিমের শ্রেণিতে কত জন ছাত্র আছে?
(a) 33 (b) 32 (c) 31 (d) 35
184. একটি ঘড়িতে 4টা 20 মিনিট বাজে। ঘড়িটিকে আয়নার সামনে রেখে দেখলে ক'টা বাজে বলে মনে হবে?
(a) 6টা 40 মিনিট (b) 9টা 20 মিনিট (c) 12টা 20 মিনিট (d) 7টা 40 মিনিট
185. একটি ঘড়ি 24 ঘণ্টায় 15 মিনিট বেশি হয়। এখন দুপুর 12 টা বাজে, 4 AM ঘড়িতে ক'টা বাজবে?
(a) 4.10 AM (b) 4.15 AM (c) 3.50 AM (d) 4.30 AM
186. যদি INDIA = 37 হয় তবে NEPAL = ?
(a) 42 (b) 48 (c) 44 (d) 52
187. লুপ্তাক্ষর নির্ণয় করুন:
3, 7, 16, 35, ?
(a) 70 (b) 75 (c) 74 (d) 68
188. লুপ্তাক্ষর নির্ণয় করুন:
R, U, X, A, D, ?
(a) F (b) G (c) H (d) I
189. ভুল অক্ষরটি বের করুন:
A, D, H, M, T, Z
(a) H (b) M (c) T (d) Z
190. একজন মানুষের সর্বদা দরকার:
(a) দাঁত (b) চোখ (c) হার্ট (d) হাত
191. একটি গাড়ির অবশ্যই দরকার:
(a) খালাসি (b) চাকা (c) বেল্ট (d) মালিক
192. নীচে প্রদত্ত শব্দগুলো পরস্পর সম্পর্কযুক্ত। এইগুলিকে ক্রমানুসারে সাজান:
(i) ঘাস (ii) গাভি (iii) ননী (iv) দুধ
(a) i, ii, iii, iv (b) iii, ii, i, iv (c) i, iii, iv, ii (d) ii, i, iv, iii
193. প্রথম পাঁচটি স্বাভাবিক সংখ্যার বর্গের গড় নির্ণয় করুন:
(a) 11 (b) 25.5 (c) 28 (d) 45
194. যদি $x = \sqrt{15^2 - 12^2}$, তবে $x^2$ = ?
(a) $\sqrt{3}$ (b) $(81)^2$ (c) a (d) 81
195. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের চার গুণ। যদি ওই আয়তক্ষেত্রের পরিসীমা 40 সেমি হয় তবে তার ক্ষেত্রফল কত?
(a) 4 (b) 16 (c) 40 (d) 64
196. একটি থলেতে 25 পয়সা, 10 পয়সা এবং 5 পয়সার মুদ্রা 1 : 2 : 3 অনুপাতে রয়েছে। যদি থলের সমগ্র মুদ্রার মূল্য 30 টাকা হয়, তবে ওই থলেতে 5 পয়সার মুদ্রার সংখ্যা কত?
(a) 50 (b) 100 (c) 150 (d) 200
197. যদি xy + 7y = 84 এবং x + 7 = 3 হয়, তবে y = ?
(a) – 4 (b) 4.9 (c) 8.4 (d) 28
198. যদি কোনও নকশাতে 0.4 ইঞ্চি দূরত্বের অর্থ 6 ফুট দূরত্বের সমান, তবে 76 ফুট দূরত্বে অবস্থিত দু'টি অট্টালিকার দূরত্ব ওই নকশাতে কত হবে?
(a) 3.2 ইঞ্চি (b) 5.1 ইঞ্চি (c) 12.7 ইঞ্চি (d) 30.4 ইঞ্চি
199. যদি 2t + 3t = 4t + 6t – 10 হয়, তবে t = ?
(a) – 1 (b) 0 (c) $1/2$ (d) 2
200. যদি কোনও সংখ্যার $4/5$ অংশের $3/4$ অংশ $1/2$ -এর সমান হয়, তবে সংখ্যাটি কত?
(a) $3/10$ (b) $5/6$ (c) $6/5$ (d) $11/10$

#### উত্তর

1(d), 2(c), 3(b), 4(c), 5(a), 6(b), 7(d), 8(b), 9(d), 10(c), 11(d), 12(a), 13(d), 14(b), 15(c), 16(b), 17(a), 18(a), 19(a), 20(d), 21(c), 22(a), 23(c), 24(c), 25(d), 26(c), 27(b), 28(a), 29(c), 30(b), 31(d), 32(a), 33(c), 34(d), 35(c), 36(c), 37(b), 38(c), 39(d), 40(a), 41(d), 42(a), 43(a), 44(c), 45(d), 46(d), 47(a), 48(c), 49(a), 50(b), 51(a), 52(c), 53(b), 54(d), 55(b), 56(d), 57(c), 58(c), 59(b), 60(c), 61(c), 62(d), 63(a), 64(b), 65(c), 66(c), 67(c), 68(c), 69(a), 70(b), 71(b), 72(d), 73(d), 74(b), 75(a), 76(b), 77(b), 78(c), 79(a), 80(d), 81(c), 82(a), 83(d), 84(b, 85(b), 86(d), 87(c), 88(c), 89(b), 90(a), 91(c), 92(c), 93(b), 94(b), 95(c), 96(d), 97(c), 98(c), 99(a), 100(a), 101(b), 102(a), 103(d), 104(a), 105(d), 106(b), 107(b), 108(a), 109(c), 110(b), 111(b), 112(b), 113(d), 114(b), 115(c), 116(d), 117(b), 118(b), 119(b), 120(d), 121(b), 122(b), 123(a), 124(a), 125(b), 126(a), 127(b), 128(b), 129(c), 130(d), 131(d), 132(b), 133(c), 134(a), 135(d), 136(b), 137(a), 138(a), 139(a), 140(a), 141(d), 142(a), 143(c), 144(c), 145(b), 146(d), 147(b), 148(a), 149(b), 150(a),151(d), 152(d), 153(a), 154(c), 155(b), 156(c), 157(c), 158(d), 159(d), 160(c), 161(c), 162(c), 163(d), 164(a), 165(d), 166(a), 167(d), 168(d), 169(a), 170(c), 171(d), 172(a), 173(c), 174(b), 175(d), 176(b), 177(d), 178(b), 179(c), 180(a), 181(c), 182(b), 183(b), 184(d), 185(a), 186(b), 187(c), 188(b), 189(c), 190(c), 191(b), 192(d), 193(a), 194(d), 195(d), 196(c), 197(d), 198(b), 199(d), 200(b).

#### সমাধান

176(b): অন্য সবগুলো ডানাযুক্ত পতঙ্গ।
177(d): অন্যগুলো সব ওই দেশের প্রধান নদী।
178(b): পৃথিবীর মতো নেপচুনও সূর্যের একটি গ্রহ।
179(c): শিক্ষকের মতো মালিক কর্মচারীদের সব শিখিয়ে নেয়।
180(a): মহিলার ছেলের বাবা অর্থাৎ তার স্বামী। এবং আমার মায়ের জামাই অর্থাৎ জামাইবাবু। সুতরাং, মহিলা ও সীমা দুই বোন।
181(c): বোন।
182(b): 3 5 9 5 4 5 5 3 5 8 4 5 6 7 3 5 7 5 5 4 5 2 3 5 10.
183(b): 6 + 1 + 25 = 32.
184(d): 12টা – 4টা 20 মিনিট = 7টা 40 মিনিট।
185(a): 4 am অর্থাৎ 12 + 4 = 16 ঘণ্টা
24 ঘণ্টায় বাড়ে 15 মিনিট, 1 ঘণ্টায় বাড়ে $\frac{15}{24}$ মিনিট
16 ঘণ্টায় বাড়ে $\frac{15}{24} \times 16 = 10$ মিনিট
4 am + 10 মিনিট = 4.10 am.
186(b): INDIA = (9 + 14 + 4 + 9 + 1) = 37
NEPAL = (14 + 5 + 16 + 1 + 12) = 48.
187(c): $3 \xrightarrow{\times 2 + 1} 7 \xrightarrow{\times 2 + 2} 16 \xrightarrow{\times 2 + 3} 35 \xrightarrow{\times 2 + 4} 74.$
188(b): $R \xrightarrow{+3} U \xrightarrow{+3} X \xrightarrow{+3} A \xrightarrow{+3} D \xrightarrow{+3} G.$
189(c): $A \xrightarrow{+3} D \xrightarrow{+4} H \xrightarrow{+5} M \xrightarrow{+6} S \xrightarrow{+7} Z.$
∴ T-এর পরিবর্তে S হবে।
190(c): হার্ট ছাড়া মানুষের বেঁচে থাকা অসম্ভব।
191(b): চাকা ছাড়া গাড়ির চলা সম্ভব নয়।
193(a): প্রথম 5টি স্বাভাবিক সংখ্যার বর্গের গড় $= \frac{1^2 + 2^2 + 3^2 + 4^2 + 5^2}{5}$
$= \frac{1 + 4 + 9 + 16 + 25}{5} = \frac{55}{5} = 11.$
194(d): $x = \sqrt{15^2 - 12^2} = \sqrt{225 - 144} = \sqrt{81} = 9$

*এরপর তেরোর পাতায়*

## পি এস সি-র মাধ্যমে মিসলেনিয়াস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

30. 1989 সালে পরিকল্পনা কমিশন কার অধীনে দারিদ্র পরিমাপের জন্য expert group তৈরি করে?
(a) লাকডাওয়ালা কমিটি (b) ডানভেকর কমিটি (c) পি ডি ওহ্য কমিটি (d) কোনওটিই নয়
31. ইন্টিগ্রেটেড রুরাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (IRDP) কোন পরিকল্পনায় প্রবর্তিত হয়?
(a) দ্বিতীয় পরিকল্পনা (b) তৃতীয় পরিকল্পনা (c) চতুর্থ পরিকল্পনা (d) পঞ্চম পরিকল্পনা
32. 'নিফটি' শেয়ার সূচকটি নীচের কোন Stock Exchange-এর সঙ্গে জড়িত?
(a) বোম্বাই স্টক এক্সচেঞ্জ (b) কলকাতা স্টক এক্সচেঞ্জ (c) ভারতীয় স্টক এক্সচেঞ্জ (d) মাদ্রাজ স্টক এক্সচেঞ্জ
33. বর্তমানে Repo Rate ও Reverse Repo Rate হল:
(a) 10. 25% ও 5% (b) 7. 25% ও 6.00% (c) 7. 25% ও 6.25% (d) কোনওটিই নয়
34. বাণিজ্যিক ব্যাঙ্কগুলির Base-II Norm মানার কারণ হল:
(a) Risk Management (b) Adoptation of international accounting standard (c) Restriction on bonus payment to bank executives (d) Transparency in disclosure
35. Currency Transaction Tax-কে বলা হয়:
(a) Tobin Tax (b) Indirect Tax (c) Direct Tax (d) কোনওটিই নয়
36. অ্যাডাম স্মিথের লেখা 'Wealth of Nation' বইটি কবে প্রকাশিত হয়েছিল?
(a) 1770 সালে (b) 1976 সালে (c) 1780 সালে (d) 1786 সালে
37. শেষ মৌর্য সম্রাটকে হত্যা করে তাঁর সেনাপতি ও পরামর্শদাতা মগধের সিংহাসন দখল করেন। তিনি কে?
(a) পুষ্যমিত্র শুঙ্গ (b) অগ্নিমিত্র (c) কণিষ্ক (d) বৃহদ্রথ
38. 1905 সালের স্বদেশি আন্দোলন নীচের কোন গোষ্ঠীকে কার্যত প্রভাবিত করেনি?
(a) নারী (b) কৃষক (c) মুসলিম (d) বুদ্ধিজীবী
39. নীচের কে 'Liberator of the Press' নামে পরিচিত ছিলেন?
(a) হেস্টিংস (b) ম্যাকলে (c) মেটকাফে (d) বেন্টিঙ্ক
40. কে বলেছিলেন 'ভারতের একমাত্র আশা তার সাধারণ জনগণ; উচ্চশ্রেণির মানুষ শারীরিক এবং মানসিকভাবে মৃত?'
(a) বাল গঙ্গাধর তিলক (b) মহাত্মা গান্ধী (c) স্বামী বিবেকানন্দ (d) গোপালকৃষ্ণ গোখলে
41. ব্রিটিশ পার্লামেন্ট প্রণীত 1935 খ্রিস্টাব্দে ভারত সরকার আইনকে বলা 'দাসত্বের সনদ' (Charter of Slavery) কে আখ্যা দিয়েছিলেন?
(a) ডাঃ রাজেন্দ্র প্রসাদ (b) বল্লভভাই প্যাটেল (c) জওহরলাল নেহরু (d) মহাত্মা গান্ধী
42. 'কিছু বছর আগে বেশিরভাগ ইংরেজ ভারতীয়দের অসভ্য জাতি বলেই মনে করত'— এই স্বীকারোক্তি কার?
(a) লর্ড মিন্টো (b) লর্ড ডালহৌসি (c) ওয়ারেন হেস্টিংস (d) লর্ড ক্যানিং
43. 'England's Debt to India' —এই বইটি কে লিখেছিলেন?
(a) লর্ড মাউন্টব্যাটেন (b) জওহরলাল নেহরু (c) লালা লাজপত রায় (d) গোপালকৃষ্ণ গোখলে
44. লর্ড ক্যানিং যখন গভর্নর জেনারেল ছিলেন তখন ভারতের ইতিহাসে কোন বিখ্যাত ঘটনাটি ঘটে?
(a) আফগানিস্তানের যুদ্ধ (b) ভারতীয় জাতীয় কংগ্রেসের জন্ম (c) প্রথম বঙ্গবিভাগ (d) সিপাহি বিদ্রোহ 1857
45. 'নববিধান' কে প্রতিষ্ঠা করেন?
(a) বিবেকানন্দ (b) দয়ানন্দ সরস্বতী (c) কেশবচন্দ্র সেন (d) শিবনাথ শাস্ত্রী
46. কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম ভারতীয় উপাচার্য কে ছিলেন?
(a) রাজেন্দ্রলাল মিত্র (b) স্যার গুরুদাস বন্দ্যোপাধ্যায় (c) স্যার আশুতোষ মুখোপাধ্যায় (d) ব্রজেন্দ্রনাথ শীল
47. কোন রাজ্যে 'কসৌলি কসৌলি' অবস্থিত?
(a) রাজস্থান (b) হিমাচল প্রদেশ (c) তামিলনাড়ু (d) মহারাষ্ট্র
48. পাঁচমারি সমুদ্রপৃষ্ঠ থেকে কত উঁচুতে অবস্থিত?
(a) 5,500 ফুট (b) 3,500 ফুট (c) 7,876 ফুট (d) 5,252 ফুট
49. সাবেক কলকাতায় গ্যাসের আলো সরবরাহ করত কোন কোম্পানি?
(a) ওরিয়েন্টাল গ্যাস কোম্পানি (b) ওয়ালফোর্ড কোম্পানি (c) মার্টিন বার্ন কোম্পানি (d) ফেয়ারলি ব্রাদার্স
50. চারমিনার কোথায় অবস্থিত?
(a) নাগপুর (b) আজমির (c) লখনউ (d) হায়দ্রাবাদ
51. 'উধাকামন্ডলম' কোন স্থানের নতুন নাম?
(a) উটি (b) ত্রিবান্দ্রাম (c) কোদাইকানাল (d) তুতিকোরিন
52. 'Land of white orchid'-কাকে বলা হয়?
(a) কালিম্পং (b) দার্জিলিং (c) কোচবিহার (d) কার্শিয়াং
53. ভারতের কোন রাজ্য পূর্বে নেফা (North-East Frontier Agency) নামে পরিচিত ছিল?
(a) নাগাল্যান্ড (b) সিকিম (c) অসম (d) অরুণাচল প্রদেশ
54. 'ক্ষেত্রী' কীসের জন্য বিখ্যাত?
(a) কয়লা (b) তামা (c) গম (d) সোনা
55. ভারতের বৃহত্তম স্লুইস গেট কোন নদীতে অবস্থিত?
(a) গঙ্গা (b) দামোদর (c) তিস্তা (d) ব্রহ্মপুত্র

*এরপর তেরোর পাতায়*

Banglajobguide.blogspot.com T.me/BanglaJobGuide T.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com T.me/BanglaJobGuide T.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

পি এস সি-র মাধ্যমে

## মিসলেনিয়াস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*বারোর পাতার পর*

56. ভারতের কোন শিল্পকে 'সব শিল্পের মূল' (Fundamental of all Industries) বলে?
(a) লৌহ ইস্পাত (b) কৃষিজ শিল্প (c) বনজ সম্পদভিত্তিক শিল্প (d) প্রাণীজ শিল্প
57. K.L.M বিমানসেবা সংস্থা কোন দেশের?
(a) নেদারল্যান্ড (b) অস্ট্রেলিয়া (c) ইংল্যান্ড (d) জার্মানি
58. 'Holy Mountain' বা পবিত্র পর্বত নামে কোনটি পরিচিত?
(a) ফুজিয়ামা (b) কিলিমাঞ্জারো (c) আবু (d) সিয়েরা নেভাদা
59. কৃষি ব্যবস্থা থেকে সমস্ত মধ্যস্বত্বভোগী শ্রেণির অবলুপ্তির সুপারিশ কে করেছিল?
(a) পরিকল্পনা কমিশন (b) অর্থ কমিশন (c) নির্বাচন কমিশন (d) কোনওটিই নয়
60. কে সংসদের কোনও কক্ষের সদস্য না হয়েই ভারতের প্রধানমন্ত্রী হন?
(a) ইন্দিরা গান্ধী (b) রাজীব গান্ধী (c) মোরারজি দেশাই (d) পি ভি নরসীমা রাও
61. লোক আদালতের কোন এক্তিয়ার বা ক্ষমতাটি রয়েছে?
(a) দেওয়ানি এক্তিয়ার (b) ফৌজদারি এক্তিয়ার (c) দেওয়ানি ও ফৌজদারি উভয়ই (d) কোনওটিই নয়
62. 'দেশের স্টিলফ্রেম' কাদের বলে?
(a) আমলা (b) প্রধানমন্ত্রী (c) রাষ্ট্রপতি (d) মুখ্যমন্ত্রী
63. অভিলেখ আদালত (Court of record) হিসেবে কোন আদালত কাজ করে থাকে?
(a) হাইকোর্ট (b) সুপ্রিমকোর্ট (c) হাইকোর্ট ও সুপ্রিমকোর্ট (d) কোনওটিই নয়
64. জেলায় ভূমিরাজস্ব (Land revenue), উপকর (Cess) ও সরকারের অন্যান্য প্রাপ্য আদায় সম্পর্কিত প্রধান দায়িত্বটি কার?
(a) জেলাশাসক (b) মহকুমাশাসক (c) ব্লক উন্নয়ন আধিকারিক (d) অর্থ কমিশন
65. National Skill Development Corporation (NSDC) কবে প্রতিষ্ঠিত হয়?
(a) 2007 (b) 2008 (c) 2009 (d) 2010
66. Rosa Power Project কারা স্থাপন করে?
(a) উত্তরপ্রদেশ সরকার (b) কেন্দ্রীয় সরকার (c) Reliance Power (d) Uranium Corporation of India
67. 25 মে, 2009 কোন দেশ পরমাণু বিস্ফোরণ ঘটায়?
(a) চিন (b) রাশিয়া (c) ইজরায়েল (d) উত্তর কোরিয়া
68. Institute of Chartered Financial Analysts of India University-র চ্যান্সেলর (Chancellor) হিসেবে কে নিযুক্ত হন?
(a) রাজীব মাথুর (b) লোকেশ শর্মা (c) বি এস রাঘবন (d) কে সি শর্মা
69. নতুন ইউ পি এ সরকারে মোট কতজন মহিলা মন্ত্রী রয়েছেন?
(a) নয় জন (b) দশ জন (c) পাঁচ জন (d) বারো জন
70. Slumdog Millionaire কতগুলি ক্ষেত্রে অস্কার পুরস্কার লাভ করে?
(a) আটটি ক্ষেত্রে (b) সাতটি ক্ষেত্রে (c) ছয়টি ক্ষেত্রে (d) পাঁচটি ক্ষেত্রে
71. 'টিম রয়মার' (Tim Roemer) সম্প্রতি কোন দেশের রাষ্ট্রদূত হিসেবে ভারতে নিযুক্ত হন?
(a) রাশিয়া (b) ব্রিটেন (c) ফ্রান্স (d) আমেরিকা
72. 2009 সালে কার রিপোর্টের মূল বিষয় ছিল 'Resharping Economic Geography'?
(a) World Bank (b) WTO (c) WHO (d) UNO
73. সেল (SAIL)-এর বর্তমান চেয়ারম্যান কে?
(a) ও পি ভাট (b) এস কে রঙ্গতা (c) এন পি চোপড়া (d) আই কে গুজরাল
74. ভারতের প্রথম অস্থায়ী বা Acting প্রধানমন্ত্রী ছিলেন:
(a) জওহরলাল নেহরু (b) গুলজারিলাল নন্দ (c) ইন্দিরা গান্ধী (d) রাজীব গান্ধী
75. 'অ্যাওয়াক্স' কোন দেশের রেডার যা ভারত সম্প্রতি লাভ করেছে?
(a) আমেরিকা (b) ইজরায়েল (c) ব্রিটেন (d) ফ্রান্স
76. একটি লম্ব বৃত্তাকার চোঙের ব্যাসার্ধের পরিবর্তন 10% এবং উচ্চতার পরিবর্তন 5% হলে, চোঙটির আয়তনে কত শতাংশ পরিবর্তন হয়?
(a) 27.05% (b) 17.06% (c) 13.08% (d) 22.07%
77. দু'টি লম্ব-বৃত্তাকার চোঙের আয়তনের অনুপাত 75 : 98 এবং উচ্চতার অনুপাত 3 : 2 হলে, চোঙদুটির ব্যাসার্ধের অনুপাত কত?
(a) 5 : 7 (b) 7 : 5 (c) 6 : 7 (d) 7 : 6
78. একটি লম্ব পিরামিডের ভূমি আয়তাকার। আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য 40 সেমি ও প্রস্থ 30 সেমি, পিরামিডটির ঘনফল 3600 ঘনসেমি হলে, পিরামিডটির উচ্চতা কত?
(a) 18 সেমি (b) 6 সেমি (c) 9 সেমি (d) 2 সেমি
79. একটি সুষম লম্ব পিরামিডের ভূমি 8 সেমি বাহুবিশিষ্ট বর্গক্ষেত্র, পিরামিডটির তির্যক উচ্চতা 15 সেমি হলে পিরামিডটির পার্শ্বতলের ক্ষেত্রফল কত?
(a) 240 বর্গসেমি (b) 260 বর্গসেমি (c) 250 বর্গসেমি (d) 280 বর্গসেমি
80. 3 সেমি ব্যাসার্ধ, 4 সেমি উচ্চতা এবং 5 সেমি তির্যক উচ্চতাবিশিষ্ট একটি লম্ব বৃত্তাকার শঙ্কুর ভিতরে সর্বাপেক্ষা বড় যে গোলকটি স্থাপন করা যায়, তার ব্যাসার্ধ কত?
(a) 3 সেমি (b) 1.5 সেমি (c) 2 সেমি (d) 4 সেমি
81. একটি লম্ব প্রিজমের ভূমি হল একটি ত্রিভুজ, যার বাহুগুলির দৈর্ঘ্য 5, 12, 13 সেমি এবং প্রিজমটির ঘনফল 330 ঘনসেমি হলে, প্রিজমের উচ্চতা কত?
(a) 10 সেমি (b) 11 সেমি (c) 12 সেমি (d) 13 সেমি
82. কোনও লম্ব প্রিজমের ভূমি একটি ট্রাপিজিয়াম, যার সমান্তরাল বাহুদুটির দৈর্ঘ্য 8 ফুট ও 12 ফুট। যদি প্রিজমটির উচ্চতা 11 ফুট ও আয়তন 1100 ঘন ফুট হয়, তবে ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদুটির মধ্যে লম্ব দূরত্ব কত?
(a) 10 ফুট (b) 11 ফুট (c) 8 ফুট (d) 12 ফুট

**উত্তর**

1(c), 2(d), 3(b), 4(b), 5(b), 6(b), 7(c), 8(b), 9(c), 10(a), 11(a), 12(a),

পি এস সি-র মাধ্যমে

## মিসলেনিয়াস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

25. মানুষের স্বাভাবিক রক্ত:
(a) প্রশমিত (neutral) (b) আম্লিক (acidic) (c) পরিবর্তনশীল (variable) (d) ক্ষারীয় (alkaline)
26. বিষহীন সাপটি হল:
(a) অজগর (Python) (b) প্রবাল সাপ (Coral Snake) (c) ভাইপার (d) ক্রেট
27. নীচের কোনটি ভাইরাসজনিত রোগ?
(a) ট্রাইপ্যানোসোমিয়াসিস (b) এনকেফেলাইটিস (c) জিয়ারডিয়াসিস (d) ওরিয়েন্টাল ঘা (Oriental Sore)
28. লখনউ চুক্তি (1916) কাদের মধ্যে স্বাক্ষরিত হয়েছিল?
(a) স্বরাজ্য দল ও ভারতীয় কংগ্রেস (b) মুসলিম লিগ ও ভারতসভা (c) ভারতীয় জাতীয় কংগ্রেস ও মুসলিম লিগ (d) হোমরুললিগ ও মুসলিম লিগ
29. কবে জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ড ঘটেছিল?
(a) 15 অগস্ট, 1921 (b) 25 সেপ্টেম্বর, 1925 (c) 13 এপ্রিল, 1919 (d) 21 এপ্রিল, 1922
30. 'স্বরাজ্য দলের' প্রথম সভাপতি কে ছিলেন?
(a) রাজেন্দ্রপ্রসাদ (b) মোতিলাল নেহরু (c) রাজাগোপালাচারি (d) সি আর দাশ
31. কোন উদ্দেশ্যে সাইমন কমিশন গঠন করা হয়েছিল?
(a) প্রশাসনিক সংস্কার (b) ভারতীয় সংবিধানের সংস্কার (c) জেল কোড সংস্কার (d) শিক্ষা সংস্কার
32. গণপরিষদের সভাপতি কে ছিলেন?
(a) রাজেন্দ্র প্রসাদ (b) বি আর আম্বেদকর (c) জওহরলাল নেহরু (d) সি রাজাগোপালাচারি
33. কোন বছর ভারতের রাজধানী কলকাতা থেকে দিল্লিতে স্থানান্তরিত হয়?
(a) 1911 (b) 1931 (c) 1947 (d) 1905
34. ত্রিপুরি অধিবেশনে কংগ্রেস সভাপতি হওয়ার জন্য সুভাষচন্দ্র বসু কাকে পরাজিত করেছিলেন?
(a) রাজেন্দ্রপ্রসাদ (b) পট্টভি সীতারামাইয়া (c) মৌলনা আজাদ (d) জওহরলাল নেহরু
35. তত্ত্ববোধিনী সভার প্রতিষ্ঠাতা ছিলেন:
(a) দেবেন্দ্রনাথ ঠাকুর (b) শিবনাথ শাস্ত্রী (c) রাজা রামমোহন রায় (d) কেশবচন্দ্র সেন
36. এর মধ্যে কোন বইটি স্বামী বিবেকানন্দ রচিত?
(a) কথামালা (b) এ নেশন ইন মেকিং (c) কথামৃত (d) বর্তমান ভারত
37. কে ভার্নাকুলার প্রেস অ্যাক্ট প্রণয়ন করেন?
(a) লর্ড ডালহৌসি (b) লর্ড লিটন (c) লর্ড কার্জন (d) লর্ড ওয়েলেসলি
38. বাহমনি রাজবংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন?
(a) প্রথম মহম্মদ শাহ (b) ফিরোজ শাহ (c) আহম্মদ শাহ (d) আলাউদ্দিন হাসান বাহমান শাহ
39. আলেকজান্ডার পুরুর বিরুদ্ধে কোন নদীর তীরে যুদ্ধ করেছিলেন?
(a) ঝিলাম (b) রবি (c) ইরাবতী (d) সিন্ধু
40. সিন্ধুসভ্যতায় নীচের কোনটি একটি বৃহৎ বন্দর ছিল?
(a) কালিবঙ্গান (b) মেহেরগড় (c) চানহুদাড়ো (d) লোথাল
41. 'কাউন্সিল অব বারভাইস' কে সংগঠিত করেন?
(a) মাধবরাও নারায়ণ (b) সিন্ধিয়া (c) দ্বিতীয় বাজিরাও (d) নানা ফড়নবিশ
42. ভারতে সুফিবাদ প্রবর্তিত হয়:
(a) দ্বাদশ শতকে (b) ত্রয়োদশ শতকে (c) একাদশ শতকে (d) চতুর্দশ শতকে
43. ভারতে পর্তুগিজ শক্তির কেন্দ্র ছিল:
(a) কালিকট (b) গোয়া (c) কোচিন (d) বিজাপুর
44. চন্দ্রগুপ্ত মৌর্যের পর কে সিংহাসনে আরোহণ করেন?
(a) হর্ষ (b) অজাতশত্রু (c) অশোক (d) বিন্দুসার
45. সমুদ্রগুপ্তের দক্ষিণ ভারত নীতি কী ছিল?
(a) দিগ্বিজয় (b) যুদ্ধজয় (c) ধর্মবিজয় (d) কোনওটিই নয়
46. কোন বছর দ্বিতীয় পানিপথের যুদ্ধ সংঘটিত হয়েছিল?
(a) 1605 সালে (b) 1556 সালে (c) 1707 সালে (d) 1757 সালে
47. ইন্ডিকার প্রণেতা কে?
(a) স্টাফো (b) প্লুটার্ক (c) মেগাস্থিনিস (d) হেরোডোটাস
48. জাহাঙ্গিরের সৌধ কোথায় অবস্থিত?
(a) লাহোর (b) দিল্লি (c) শ্রীনগর (d) আগ্রা
49. ভারতে সবচেয়ে ভালো কার্পাস চাষ হয়:
(a) তরাই অঞ্চলে (b) কৃষ্ণ মৃত্তিকায় (c) পলিমাটিতে (d) ল্যাটেরাইট মৃত্তিকায়
50. নর্মদা নদী নীচের কোন স্থানের মধ্য দিয়ে প্রবাহিত হয়েছে?
(a) বরফের নদী দ্বারা পূর্ণ উপত্যকা (b) চ্যুতি দ্বারা সৃষ্ট গ্রস্ত উপত্যকা (c) V-আকৃতির নদী উপত্যকা (d) বদ্বীপ অঞ্চল

13(b), 14(a), 15(b), 16(c), 17(b), 18(c), 19(b), 20(a), 21(c), 22(d), 23(a), 24(a), 25(c), 26(d), 27(c), 28(a), 29(a), 30(a), 31(d), 32(c), 33(c), 34(a), 35(a), 36(b), 37(a), 38(b), 39(c), 40(c), 41(c), 42(c), 43(c), 44(d), 45(c), 46(c), 47(b), 48(b), 49(a), 50(d), 51(a), 52(d), 53(d), 54(b), 55(b), 56(a), 57(a), 58(a), 59(a), 60(d), 61(c), 62(a), 63(c), 64(a), 65(c), 66(c), 67(d), 68(c), 69(a), 70(a), 71(d), 72(a), 73(b), 74(b), 75(b), 76(a), 77(a), 78(c), 79(a), 80(b), 81(b), 82(a).

**এরপর আগামী সংখ্যায়**

*প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ*

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*বারোর পাতার পর*

$x^2 = 9^2 = 81.$

195(d): আয়তক্ষেত্রের প্রস্থ = x সেমি, আয়তক্ষেত্রের দৈর্ঘ্য = 4x সেমি
প্রশ্নানুসারে, $2(x + 4x) = 40$ বা, $x + 4x = 20$ বা, $5x = 20$ বা, $x = 4$
ক্ষেত্রফল = $x \times 4x = 4x^2 = 4 \times 4^2 = 64$ বর্গমিটার।

196(c): থলেতে 25 পয়সা 10 পয়সা ও 5 পয়সার মুদ্রার অনুপাত 1 : 2 : 3
∴ মুদ্রা মূল্যের অনুপাত $= \frac{1}{4} : \frac{2}{10} : \frac{3}{20} = 5 : 4 : 3$
মোট মুদ্রার মূল্য = 30 টাকা
∴ 5 পয়সার মুদ্রা আছে $= 30 \times 20 \times \frac{3}{12} = 150$ টাকা।

197(d): $xy + 7y = 84$ ... (i), $x + 7 = 3$ ... (ii)
বা, $x = -4$, $xy + 7y = 84$ বা, $(-4)y + 7y = 84$
বা, $3y = 84$ ∴ $y = 28$.

198(b): 6 ফুট দূরত্ব হয় = 0.4 ইঞ্চি, 1 ফুট দূরত্ব হয় $= \frac{0.4}{6}$ ইঞ্চি
76 ফুট দূরত্ব হয় $= \frac{0.4}{6} \times 76 = \frac{4}{6} \times \frac{76}{10} = \frac{2}{3} \times \frac{76}{10} = \frac{152}{30} = 5.066 = 5.1.$

199(d): $2t + 3t = 4t + 6t - 10$ বা, $5t = 10t - 10$ বা, $5t = 10$ বা, $t = 2.$

200(b): ধরি সংখ্যাটি = x
প্রশ্নানুসারে, $x \times \frac{4}{5} \times \frac{3}{4} = \frac{1}{2}$ বা, $x = \frac{1}{2} \times \frac{5}{4} \times \frac{4}{3}$, $x = \frac{5}{6}$.

*প্রস্তুত করেছেন: অভিষেক রায়*

51. শাল গাছ হল একটি:
(a) জেরোফাইট উদ্ভিদ (b) চির সবুজ গাছ (c) পর্ণমোচী গাছ (d) কনিফেরাস উদ্ভিদ
52. পশ্চিমবঙ্গের বদ্বীপ অঞ্চলের দক্ষিণ-পূর্ব দিকে:
(a) চ্যুতির সৃষ্টি হচ্ছে (b) ভঙ্গিল পর্বতের সৃষ্টি হচ্ছে (c) জমি উত্থিত হচ্ছে (d) জমির নিমজ্জন ঘটছে
53. ডিসেম্বর 2004-এর সুনামিতে ভারতের বেশ কিছু অঞ্চল ধ্বংসপ্রাপ্ত হয়েছে। এই সুনামির কারণ ছিল:
(a) ভারতীয় প্লেটের নীচে মায়ানমার প্লেটের নিমজ্জন (b) মায়ানমার প্লেটের নীচে ভারতীয় প্লেটের নিমজ্জন (c) হাওয়াইয়ের কাছে প্যাসিফিক প্লেটের নীচে মায়ানমার প্লেটের নিমজ্জন (d) সমুদ্রতলে বসে গিয়ে আন্দামান-নিকোবর দ্বীপপুঞ্জ অঞ্চলে গভীর খাতের সৃষ্টি
54. গ্রিন হাউস গ্যাস নীচের কোন বিকিরণের তাপ শোষণ করে?
(a) সৌর বিকিরণ (b) ইনফ্রারেড (c) অতিবেগুনি রশ্মি (d) a এবং b উভয়ের
55. পশ্চিমবঙ্গে ল্যাটেরাইট মৃত্তিকা দেখা যায়:
(a) জলপাইগুড়িতে (b) দার্জিলিং-এ (c) উত্তর ২৪ পরগনায় (d) বাঁকুড়ায়
56. ভারত-বাংলাদেশের মধ্যে জলবণ্টন সংক্রান্ত বিতর্কের কারণ হল নীচের জলাধার থেকে জল ছাড়ার বৈষম্য:
(a) দুর্গাপুর ব্যারেজ (b) ফারাক্কা ব্যারেজ (c) মাইথন ড্যাম (d) ব্রহ্মপুত্র নদ
57. কবে SAARC প্রতিষ্ঠিত হয়?
(a) 1985 (b) 1983 (c) 1984 (d) 1982
58. নীচের কোন পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালটি ভারতে ভারী ও মৌলিক শিল্পায়নের সঙ্গে সম্পর্কিত?
(a) ষষ্ঠ (b) দ্বিতীয় (c) তৃতীয় (d) চতুর্থ
59. কোন সংস্থা ভারতে কেন্দ্র-রাজ্য আর্থিক সম্পর্কের বিষয়টি তদারকি করে?
(a) অর্থমন্ত্রক (b) অর্থ কমিশন (c) পরিকল্পনা কমিশন (d) সারকারিয়া কমিশন
60. ফিসক্যাল ঘাটতি বলতে বোঝায়:
(a) সরকারি ব্যয় ও কর থেকে অর্জিত আয়ের পার্থক্য (b) রেভিনিউ খাতে সরকারি ব্যয় ও সরকারি আয়ের পার্থক্য (c) সরকারি ভোগব্যয় ও কর থেকে অর্জিত আয়ের পার্থক্য (d) সরকারি ঋণের পরিমাণ
61. প্রথম সাতটি পরিকল্পনায় যে নীতি অনুসৃত হয়েছিল, সেগুলির একটি সাধারণ উদ্দেশ্য ছিল:
(a) রপ্তানি বাড়ানো (b) আমদানি বাড়ানো (c) স্বনির্ভরতা (d) কর্মসংস্থান বৃদ্ধির হারকে সর্বাধিক করা
62. সবুজ বিপ্লবের সফলতম দশকটি হল:
(a) আশির দশক (b) সত্তরের দশক (c) নব্বইয়ের দশক (d) ষাটের দশক
63. নব্বইয়ের দশকে যে ক্ষেত্রে বৃদ্ধির হার ছিল সর্বাধিক:
(a) মাধ্যমিক ক্ষেত্র (b) প্রাইমারি ক্ষেত্র (c) সেবাক্ষেত্র (d) তিনটি ক্ষেত্রেই সমান ছিল
64. বর্তমানে ভারতীয় অর্থনীতি যে সমস্যার সম্মুখীন হয়েছে তা হল:
(a) পরিকাঠামোগত সেবা জোগানের অপ্রতুলতা (b) বেসরকারি উৎপাদন প্রতিষ্ঠানগুলির অদক্ষতা (c) দক্ষ শ্রমিক জোগানের অপ্রতুলতা (d) কোনওটিই নয়
65. ভূমি সংস্কারের মাধ্যমে সরকার:
(a) জমির দামকে নিয়ন্ত্রণ করতে চেয়েছিল (b) যে সব জমির মালিক প্রকৃত কৃষক নন, তাদের জমির মালিকানা খারিজ করতে চেয়েছিল (c) জমি ব্যবহারের বিষয়টি নিয়ন্ত্রণে রাখতে চেয়েছিল (d) জমির দামকে নিয়ন্ত্রণ করতে চেয়েছিল
66. নব্বইয়ের দশকের ভারতীয় শিল্পক্ষেত্রে মন্দা শুরু হয়েছিল:
(a) 1994–1995 থেকে (b) 1995–1996 থেকে (c) 1998–1999 থেকে (d) 1996–1997 থেকে
67. নীচের রাষ্ট্রগুলির মধ্যে কোনটি ASEAN-এর সদস্য নয়?
(a) মালয়েশিয়া (b) ইন্দোনেশিয়া (c) সিঙ্গাপুর (d) গণপ্রজাতান্ত্রিক চিন
68. একটি দেশের 'ব্যালান্স অব পেমেন্টস অ্যাকাউন্ট' যে বিষয়টি নির্দেশ করে:
(a) অন্যান্য দেশ থেকে সেই দেশের গৃহীত ঋণের পরিমাণ (b) সেই দেশের সঙ্গে অন্যান্য দেশের সমগ্র অর্থনৈতিক লেনদেন (c) সেই দেশের অন্যান্য দেশগুলিকে প্রদেয় ঋণের পরিমাণ (d) ওপরের কোনওটিই নয়

*এরপর চোদ্দোর পাতায়*

BanglaJobGuide

Banglajobguide.blogspot.com T.me/BanglaJobGuide T.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com T.me/BanglaJobGuide T.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

পি এস সি-র মাধ্যমে

# মিসলেনিয়াস প্রিলিমিনারি

## পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*তেরোর পাতার পর*

69. ‘প্রুডেন্সিয়াল নর্ম’ কথাটি কোন বিষয়ের সঙ্গে জড়িত?
(a) ব্যাঙ্কিং ক্ষেত্রে সংস্কার (b) বাণিজ্যনীতি (c) কৃষিনীতি (d) শিল্পনীতি

70. কত সালে ভারত সরকার কর্তৃক ‘Structural Adjustment Programme’ গৃহীত হয়?
(a) 1992 (b) 1991 (c) 1990 (d) 1993

71. 3টি গাড়ির বেগের অনুপাত 2 : 3 : 4। গাড়িগুলির সমদূরত্ব অতিক্রম করতে যে সময় নেবে তার অনুপাত:
(a) 3 : 4 : 6 (b) 6 : 4 : 3 (c) 2 : 3 : 4 (d) 4 : 3 : 6

72. কিছু টাকা ব্যাঙ্কে সরল সুদে রাখা হল যা 4 বছরে সুদে আসলে 1240 টাকা হল এবং 10 বছরে সুদে আসলে 1600 টাকা। আসল নির্ণয় করুন।
(a) 1200 টাকা (b) 1000 টাকা (c) 1300 টাকা (d) 1800 টাকা

73. যদি 3টি আমকে 4টির ক্রয়মূল্যে বিক্রয় করা হয় তবে লাভ হয়:
(a) $33\frac{1}{4}\%$ (b) $33\frac{1}{3}\%$ (c) $66\frac{1}{3}\%$ (d) $40\frac{1}{2}\%$

74. $(232)^{33}$ সংখ্যাটির একক স্থানের সংখ্যাটি হল:
(a) 6 (b) 4 (c) 2 (d) 7

75. অনুপের বেতন বরুণের থেকে 30% বেশি, বরুণের বেতন অনুপের থেকে শতকরা কত কম?
(a) 23.07 (b) 21.23 (c) 26.12 (d) 27.03

76. 5 ঘণ্টা অন্তর মুম্বই-এর বিমান ছাড়ে। তথ্যকেন্দ্রে জানতে পারলাম 25 মিনিট আগে বিমানটি চলে গেছে। এখন সময় 10.45 am। তবে পরবর্তী বিমানটি কখন ছাড়বে?
(a) 3.55 pm (b) 2.20 am (c) 3.30 am (d) 3.20 pm

77. 42 সেমি ব্যাসার্ধের একটি গোলাকার তারকে একটি আয়তক্ষেত্রে পরিণত করা হল— যার বাহুর অনুপাত 6 : 5। আয়তক্ষেত্রটির ছোট বাহুর দৈর্ঘ্য (সেমি) কত?
(a) 144 (b) 60 (c) 177 (d) 110

78. একটি সমকোণী ত্রিভুজের B কোণ সমকোণ। AB ও BC বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 24 ও 7 মিমি হলে AC বাহুর দৈর্ঘ্য কত?
(a) 21 (b) 35 (c) 31 (d) 25

79. ঋজু ও ঋভুর বয়সের পার্থক্য 12 বছর। তাদের বয়সের অনুপাত 3 : 5। ঋভুর বয়স কত?
(a) 20 (b) 30 (c) 25 (d) 35

80. সীমন্তিকা 2টি রেডিও প্রতিটি 2000 টাকা করে বিক্রয় করে। একটিতে সে 16% লাভ এবং অন্যটিতে 16% ক্ষতি করল। তাহলে সামগ্রিকভাবে তার শতকরা কত লাভ বা ক্ষতি হল?
(a) 2.56 (b) 3.28 (c) 7.40 (d) 6.02

81. কোনও একটি সংখ্যার 78% এবং 59%-এর মধ্যেকার পার্থক্য 323। ওই সংখ্যার 62% কত?
(a) 1100 (b) 1250 (c) 1054 (d) 1354

82. কোনও একটি শহরের জনসংখ্যা প্রতি বছরে 15% বৃদ্ধিপ্রাপ্ত হয়। যদি 2009-এর শেষে জনসংখ্যা 4000 হয় তবে 2011-এর শেষে জনসংখ্যা ছিল:
(a) 5290 (b) 5390 (c) 5245 (d) 5490

83. 0.88 মিটার লোহা থেকে 14 মিটার দৈর্ঘ্য এবং 4 সেমি ব্যাসবিশিষ্ট কতগুলি দণ্ড পাওয়া যাবে?
(a) 50 (b) 45 (c) 60 (d) 70

84. $879 \times 439 + 879 \times 321 = ?$
(a) 669040 (b) 665040 (c) 668040 (d) 668540

85. একটি সংখ্যার 48% অন্য আর একটি সংখ্যার 60% এর সমান। প্রথম ও দ্বিতীয় সংখ্যার অনুপাত কত?
(a) 4 : 5 (b) 5 : 4 (c) 5 : 6 (d) 6 : 4

86. দু'টি পরপর বিজোড় সংখ্যার গুণফল 6723। বড় সংখ্যাটি কত?
(a) 81 (b) 90 (c) 83 (d) 85

87. 320-এর 60%-এর দুই-পঞ্চমাংশ কত?
(a) 77.8 (b) 76.5 (c) 78.8 (d) 76.8

88. একটি নৌকা স্রোতের অনুকূলে 35 কিমি/ঘণ্টা এবং স্রোতের প্রতিকূলে 17 কিমি/ঘণ্টা বেগে চলতে পারে। স্রোতের গতিবেগ নির্ণয় করুন।
(a) 9 কিমি/ঘণ্টা (b) 2 কিমি/ঘণ্টা (c) 10 কিমি/ঘণ্টা (d) 5 কিমি/ঘণ্টা

89. 5টি সংখ্যার গড় 50। যদি প্রত্যেকটি সংখ্যাকে 2 দিয়ে গুণ করা হয় তবে গড় কত হবে?
(a) 70 (b) 100 (c) 60 (d) 20

90. কোনও বৃত্তের ব্যাসার্ধ 100% বৃদ্ধি পেলে, বৃত্তাকার ক্ষেত্রটির ক্ষেত্রফল বৃদ্ধি পাবে:
(a) 350% (b) 300% (c) 400% (d) 500%

91. যদি 15টি আপেল ও 20টি লেবুর দাম 20টি আপেল ও 15টি লেবুর দামের বেশি হয় তবে নীচের কোন বিবৃতিটি সঠিক?
(a) লেবুর দাম বেশি (b) আপেলের দাম বেশি (c) কোনও সমাধান সম্ভব নয় (d) লেবু ও আপেলের দাম সমান

92. একটি কলেজ ইউনিয়ন নির্বাচনে সাধারণ সম্পাদকের পদে 60% ভোট পেয়ে পূজা সরাসরি প্রতিদ্বন্দ্বিতায় প্রীতিকে 60 ভোটে পরাজিত করে। ওই নির্বাচনে বৈধ মোট ভোটের সংখ্যা হল:
(a) 400 (b) 300 (c) 200 (d) 500

93. বিপাশা তার বাবার কাছে প্রতি মাসের 30 তারিখে 50 টাকা এবং 31 তারিখে 100 টাকা পায় তাহলে 2008 সালে সে তার বাবার কাছ থেকে মোট কত টাকা পাবে?
(a) 1250 (b) 1300 (c) 1000 (d) 1200

94. একটি ক্লাসের 27 জন ছাত্রছাত্রীর মধ্যে 69টি বিস্কুট এমনভাবে ভাগ করে দেওয়া হল যেন প্রত্যেক ছাত্র 2টি এবং প্রত্যেক ছাত্রী 3টি বিস্কুট পায়। ওই ক্লাসে ছাত্রীর সংখ্যা:
(a) 20 (b) 30 (c) 35 (d) 15

95. পিঙ্কুবাবু 4 ঝুড়ি আম কিনে আনলেন। এগুলিতে রয়েছে যথাক্রমে 15, 18, 21 এবং 22টি আম। তিনি এদের মধ্যে একটি ঝুড়ির সমস্ত আম নিজের বাড়ির জন্য রেখে বাকি আমগুলি কাছাকাছি পাঁচ বন্ধুর মধ্যে সমান ভাগে বিলিয়ে দিলেন। তিনি যে ঝুড়িটি নিজের বাড়িতে নিয়ে গেলেন তাতে ক'টি আম ছিল?
(a) 18 (b) 22 (c) 15 (d) 21

96. কোনও সংখ্যার 60%-এর সঙ্গে 50 যোগ করলে সংখ্যাটির সমান হয়। তাহলে সংখ্যাটি কত?
(a) 300 (b) 110 (c) 125 (d) 200

97. 19 জন ছাত্র একটি ক্লাসে পরীক্ষা দিয়েছিল। সব থেকে বেশি 10টি নম্বরের গড় হল 69। আর সবথেকে কম 10টি নম্বরের গড় হল 38। যদি 19টি নম্বরের গড় হয় 54 তাহলে মানের ক্রমানুসারে সাজানো দশম নম্বরটি কত?
(a) 44 (b) 62 (c) 58 (d) 46

98. একটি সংকর ধাতুতে 20% দস্তা, 45% নিকেল এবং অবশিষ্ট অংশ অ্যালুমিনিয়াম আছে। 105 গ্রাম অ্যালুমিনিয়াম বিশিষ্ট এরকম একটি সংকর ধাতুর মোট ভর (গ্রাম-এ) কত?
(a) 200 (b) 170 (c) 300 (d) 250

99. দেওয়াল সংলগ্ন একটি ঘড়িতে সময় দেখাচ্ছে 4 : 25। উল্টো দিকের দেওয়ালে রাখা একটি সমতল দর্পণে প্রতিফলিত হলে ঘড়িটির সময় মনে হবে:
(a) 8 : 25 (b) 8 : 35 (c) 7 : 35 (d) 7: 25

100. তিনটি সংখ্যার মধ্যে প্রথমটি দ্বিতীয়টির 2 গুণ এবং দ্বিতীয়টি তৃতীয়টির 3 গুণ। সংখ্যা তিনটির গড় 10 হলে, বৃহত্তম সংখ্যাটি হল:
(a) 20 (b) 18 (c) 30 (d) 15

### উত্তর

25(d), 26(a), 27(b), 28(c), 29(c), 30(d), 31(b), 32(a), 33(a), 34(b), 35(a), 36(d), 37(b), 38(d), 39(a), 40(d), 41(d), 42(a), 43(b), 44(d), 45(c), 46(b), 47(c), 48(a), 49(b), 50(b), 51(c), 52(d), 53(b), 54(c), 55(d), 56(b), 57(a), 58(b), 59(b), 60(a), 61(c), 62(d), 63(c), 64(a), 65(b), 66(d), 67(d), 68(b), 69(a), 70(b), 71(b), 72(b), 73(b), 74(c), 75(a), 76(d), 77(b), 78(d), 79(b), 80(a), 81(c), 82(a), 83(a), 84(c), 85(b), 86(c), 87(d), 88(a), 89(b), 90(b), 91(d), 92(b), 93(a), 94(d), 95(d), 96(c), 97(a), 98(c), 99(c), 100(b).

### সমাধান

71(b): গতিবেগের অনুপাত 2 : 3 : 4, সময়ের অনুপাত $= \frac{1}{2} : \frac{1}{3} : \frac{1}{4}$

2, 3, 4-এর ল.সা.গু. = 12, $\therefore \frac{12}{2} : \frac{12}{3} : \frac{12}{4} = 6 : 4 : 3.$

72(b): ধরি, আসল = P টাকা এবং বার্ষিক সুদ = 1
$\therefore P + 101 = 1600$ ... (i), $P + 41 = 1240$ ... (ii)
(i) নম্বর সমীকরণকে 2 দ্বারা এবং (ii) নম্বর সমীকরণকে 5 দ্বারা গুণ করে সমীকরণ দু'টি বিয়োগ করে পাই, $(2P + 201) - (5P + 201) = 3200 - 6200$
বা, $3P = 3000$ $\therefore P = 1000.$

73(b): 4টি আমের বিক্রয়মূল্য 1 টাকা
1টি আমের ক্রয়মূল্য $\frac{1}{4}$ টাকা, 3টি আমের ক্রয়মূল্য 1 টাকা
1টি আমের বিক্রয়মূল্য $\frac{1}{3}$ টাকা, লাভ $= \left(\frac{\frac{1}{3}-\frac{1}{4}}{\frac{1}{4}} \times 100\right)\% = \left(\frac{\frac{1}{12}}{\frac{1}{4}} \times 100\right)\%$

$= \left(\frac{1}{12} \times \frac{4}{1} \times 100\right)\% = \frac{100}{3}\% = 33\frac{1}{3}\%.$

74(c): $(2)^{33} = 2.2^{32} = 2.(24)^{8} = 2 \times (16)^{2}$
$\therefore 2 \times 16 = 32$ $\therefore$ একক স্থানের সংখ্যাটি হল 2।

75(a):

| | অনুপ | বরুণ |
|---|---|---|
| | 130 | 100 |
| | 100 | ? |

বরুণের বেতন $= \frac{100 \times 100}{130} = \frac{1000}{13}$

বরুণের বেতন অনুপের থেকে কম $= \left(100 - \frac{100}{13}\right)\% = \left(\frac{1300 - 1000}{13}\right)\%$
$= \frac{300}{13}\% = 23.07\%.$

76(d): পূর্বের বিমান ছাড়ার সময় = (10.45 am – 25 min) = 10.20 am
$\therefore$ পরবর্তী বিমান ছাড়বে (10.20 am + 5 hr) = 3.20 pm.

77(b): গোলাকার তারের পরিসীমা $= 2 \times \frac{22}{7} \times 42 = 264$ সেমি
আয়তক্ষেত্রের বাহুদু'টির দৈর্ঘ্য যথাক্রমে 6a ও 5a সেমি হলে, $2(6a + 5a) = 264$
বা, a = 12 সেমি
$\therefore$ আয়তক্ষেত্রের ছোট বাহুর দৈর্ঘ্য $12 \times 5 = 60$ সেমি।

78(d): $AC = \sqrt{24^2 + 7^2} = 25$ মিমি।

79(b): ধরি, ঋজুর বর্তমান বয়স = 3x বছর, ঋভুর বর্তমান বয়স = 5x বছর
প্রশ্নানুসারে, $5x - 3x = 12 : x = 6$ $\therefore$ ঋভুর বয়স $= 5 \times 6 = 30$ বছর।

80(a): ক্ষতি $= \frac{16 \times 16}{100} = 2.56\%.$

81(c): ধরি, সংখ্যাটি = x
প্রশ্নানুসারে, $\frac{78x}{100} - \frac{59x}{100} = 323$ বা, $\frac{19x}{100} = 323$
বা, $x = \frac{323 \times 100}{19} = 1700$ $\therefore 1700 \times 62\% = 1700 \times \frac{62}{100} = 1054.$

82(a): $P = Po\left(I + \frac{R}{100}\right)^{T} = 4000\left(I + \frac{15}{100}\right)^{2}$
$= 4000\left(I + \frac{3}{20}\right)^{2} = 4000 \times \left(\frac{23}{20}\right)^{2} = 4000 \times \frac{23}{20} \times \frac{23}{20} = 5290$
$\therefore$ নির্ণেয় জনসংখ্যা = 5290 জন।

83(a): প্রতিটি দণ্ডের আয়তন $= \pi r^2 h$
r = 4 সেমি = 0.04 মিটার, ব্যাসার্ধ $= \frac{r}{2} = 0.02$ মিটার
$\therefore$ দণ্ডের আয়তন $= \pi \times (0.02)^2 \times 14 = 0.0176$ মিটার
0.88 মিটার লোহা থেকে দণ্ড পাওয়া যাবে $= \frac{0.88}{0.0176} = 50$টি।

84(c): $879 \times 439 \times 879 \times 321 = 879(439 + 321) = 879 \times 760$
$= 668040.$

85(b): ধরি, সংখ্যা দু'টি হল x ও y
প্রশ্নানুসারে, $x \times \frac{48}{100} = y \times \frac{60}{100}$
বা, $4x = 5y$ বা, $\frac{x}{y} = \frac{5}{4}$ $\therefore x : y = 5 : 4.$

86(c): ধরি, দু'টি পরপর বিজোড় সংখ্যা হল x এবং x + 2
প্রশ্নানুসারে, $x \times (x + 2) = 6723$
বা, $x^2 + 2x - 6723 = 0$ বা, $(x + 83)(x - 81) = 0$ $\therefore x \neq -83, x = 81$
$\therefore$ বড় সংখ্যাটি হল (81 + 2) = 83.

87(d): $320 \times \frac{60}{100} \times \frac{2}{5} = 320 \times \frac{3}{5} \times \frac{2}{5} = 76.8.$

88(a): যদি নৌকার বেগ x কিমি/ঘণ্টা এবং স্রোতের বেগ y কিমি/ঘণ্টা হয় তবে, স্রোতের অনুকূলে নৌকার বেগ = (x + y) কিমি/ঘণ্টা এবং স্রোতের প্রতিকূলে নৌকার বেগ = (x – y) কিমি/ঘণ্টা।
প্রশ্নানুসারে, $x + y = 35$ ... (i), $x - y = 17$ ... (ii)
(i) নম্বর ও (ii) সমীকরণটি বিয়োগ করে পাই, x = 26, y = 7
$\therefore$ স্রোতের বেগ = 9 কিমি/ঘণ্টা।

89(b): যদি প্রতিটি সংখ্যাকে 2 দ্বারা গুণ করা হয় তবে নতুন সংখ্যার গড়কেও 2 দ্বারা গুণ করতে হবে। $\therefore$ নতুন গড় $= 2 \times 50 = 100.$

90(b): ব্যাসার্ধ = r একক হলে, ক্ষেত্রফল $= \pi r^2$ বর্গএকক
$\therefore$ বৃদ্ধি পাওয়ার পর ব্যাসার্ধ $= r + r \times \frac{100}{100} = r + r = 2r$ একক
ব্যাসার্ধ বৃদ্ধি পাওয়ার পর বৃত্তটির ক্ষেত্রফল $= \pi(2r)^2 = 4\pi r^2$ বর্গএকক
$\therefore$ ক্ষেত্রফল বৃদ্ধি পেয়েছে $= \frac{4\pi r^2 - \pi r^2}{\pi r^2} \times 100\% = \frac{3\pi r^2}{\pi r^2} \times 100\% = 300\%.$

91(d): ধরি, প্রতিটি আপেলের দাম = x টাকা
প্রতিটি লেবুর দাম = y টাকা $\therefore 15x + 20y = 20x + 15y$
বা, $15x - 20x = 15y - 20y$ বা, $5x = 5y$ বা, $x = y$
$\therefore$ লেবু ও আপেলের দাম সমান।

92(b): পূজা মোট ভোটের 60% ভোট পেয়ে জয়লাভ করেছে
$\therefore$ বাকি 40% ভোট পেয়েছে প্রীতি
পূজা প্রীতি অপেক্ষা (60 – 40)% = 20% ভোট বেশি পেয়েছে
প্রশ্নানুসারে, 20% ভোট = 60টি ভোট, 100% ভোট $= 60 \times \frac{100}{20} = 300$ ভোট
$\therefore$ ওই নির্বাচনে মোট বৈধ ভোটের সংখ্যা হল 300।

93(a): ফেব্রুয়ারি ছাড়া প্রতি মাসের দিনসংখ্যা 30 হওয়ায় সে পায় $= 11 \times 50$ = 550 টাকা
প্রতি বছরে 7 মাসের দিনসংখ্যা 31 হওয়ায় সে পায় $= 7 \times 100 = 700$ টাকা
$\therefore$ মোট পায় = (550 + 700) টাকা = 1250 টাকা।

94(d): ধরি, ক্লাসে ছাত্রীর সংখ্যা = x জন
$\therefore$ ছাত্রসংখ্যা = (27 – x) জন
প্রশ্নানুসারে, $2(27 - x) + 3x = 69$ বা, $54 - 2x + 3x = 69$
বা, $-2x + 3x = 69 - 54$ বা, x = 15.

95(d): 15 + 18 + 22 = 55, 5 দ্বারা বিভাজ্য
$\therefore$ তিনি 21টি আম বাড়ি নিয়ে গেলেন।

96(c): ধরি, সংখ্যাটি হল x
প্রশ্নানুসারে, $x = \left(x \times \frac{60}{100}\right) + 50$ বা, $x = \frac{6x}{10} + 50$ বা, $x = \frac{6x + 500}{10}$
বা, $10x = 6x + 500$ বা, $4x = 500$ বা, $x = \frac{500}{4} = 125.$

97(a): 19টি নম্বরের সমষ্টি $= 19 \times 54 = 1026$
সবথেকে বেশি 10টি নম্বরের সমষ্টি $= 10 \times 69 = 690$
সবথেকে কম 10টি নম্বরের সমষ্টি $= 10 \times 38 = 380$
$\therefore$ 20টি নম্বরের সমষ্টি = 690 + 380 = 1070
$\therefore$ দশম নম্বরটি হল = 1070 – 1026 = 44.

98(c): ধরি, সংকর ধাতুর মোট ভর x গ্রাম
অ্যালুমিনিয়াম আছে $= \{100 - (20 + 45)\}\% = (100 - 65)\% = 35\%$
প্রশ্নানুসারে, $x \times \left(\frac{35}{100}\right) = 105$ বা, $x = 105 \times \left(\frac{100}{35}\right) = 300$
$\therefore$ সংকর ধাতুটির ভর 300 গ্রাম।

99(c): কোনও ঘড়ির সময়ে প্রতিবিম্ব সময় জানতে গেলে প্রতিক্ষেত্রে 11: 60 থেকে বিয়োগ করতে হয়
$\therefore$ নির্ণেয় সময় হবে (11 : 60 – 4 : 25) = 7 : 35.

100(b): ধরি, তৃতীয় সংখ্যা = x
দ্বিতীয় সংখ্যা = 3x, প্রথম সংখ্যা $= 3x \times 2 = 6x$
প্রশ্নানুসারে, $6x + 3x + x = 3 \times 10$ বা, $10x = 30$ বা, $x = 3$
$\therefore$ বৃহত্তম সংখ্যাটি হল, $6 \times 3 = 18.$

*প্রস্তুত করেছেন: **ধীমান ঘোষ***

Banglajobguide.blogspot.com T.me/BanglaJobGuide T.me/BangoSongbad

## শিপিং কর্পোরেশনে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার

*প্রথম পাতার পর*

ওয়েলফেয়ারে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ বা এম এম এস বা পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা। অথবা হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ বা এম এম এস অথবা পার্সোনেল ম্যানেজমেন্টে স্নাতকোত্তর ডিগ্রি।

**ম্যানেজমেন্ট:** ১৭টি। শিক্ষাগত যোগ্যতা: এম বি এ অথবা বিজনেস ম্যানেজমেন্টে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ম্যানেজমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা।

**ল:** ৫টি। শিক্ষাগত যোগ্যতা: বার কাউন্সিল অব ইন্ডিয়া কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান থেকে আইনে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি। কোম্পানি সেক্রেটারিশিপের যোগ্যতা থাকলে অগ্রাধিকার।

**সিভিল:** ৩টি। শিক্ষাগত যোগ্যতা: সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক।

সব ক্ষেত্রেই অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

**বয়স:** ১-১২-২০১৯ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৫০,০০০-১,৬০,০০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.shipindia.com দরখাস্তের শেষ তারিখ ২৪ ফেব্রুয়ারি। দরখাস্তের সময় প্রার্থীর ফটো, সই, বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্র, কাজের অভিজ্ঞতার প্রমাণপত্র, প্রযোজ্য ক্ষেত্রে দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট স্ক্যান করে আপলোড করতে হবে।

দরখাস্তের পদ্ধতি ও ফি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কলকাতা ডিস্ট্রিক্ট টি বি কন্ট্রোল সোসাইটিতে চাকরি

ল্যাবরেটরি টেকনিশিয়ান, টিউবারক্যুলোসিস হেলথ ভিজিটর এবং মেডিক্যাল অফিসার পদে ১১ জনকে নেবে কলকাতা ডিস্ট্রিক্ট টি বি কন্ট্রোল সোসাইটি। চুক্তিতে নিয়োগ হবে কলকাতা পুরসভার অন্তর্গত বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্রে। প্রার্থীকে অবশ্যই এই রাজ্যের স্থায়ী বাসিন্দা হতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: KDTCS/RECRUITMENT/01/2020-21. কলকাতা পুরসভা এলাকায় বসবাসকারী প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ৩ ফেব্রুয়ারি। ইন্টারভিউ নেওয়া হবে এই ঠিকানায়: CTO Office, Tangra Chest Clinic, 15/1, Gobindo Khatick Road, Kolkata-700 046.

বিস্তারিত তথ্যের জন্য আগ্রহীরা দেখুন এই ওয়েবসাইট: www.kmcgov.in

## এম এস এম ই টুল রুমে চাকরি

আপার ডিভিশন ক্লার্ক, টেকনিশিয়ান বি, স্টেনো টাইপিস্ট-সহ বিভিন্ন পদে কিছু কর্মী নেবে কলকাতার এম এস এম ই টুল রুম (সেন্ট্রাল টুল রুম অ্যান্ড ট্রেনিং সেন্টার)। প্রাথমিকভাবে পাঁচ বছরের চুক্তিতে নিয়োগ হবে। নিয়োগ হবে এই সব পদে: ম্যানেজার (হিট ট্রিটমেন্ট), অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ডিজাইন), জুনিয়র টুল ডিজাইনার, জুনিয়র স্টোর কিপার, টুল ডিজাইনার, সেলস অফিসার, টেকনিশিয়ান বি, স্টেনো টাইপিস্ট এবং আপার ডিভিশন ক্লার্ক। প্রার্থীর সম্পূর্ণ জীবনপঞ্জি, সম্প্রতি তোলা পাসপোর্ট মাপের ফটো এবং প্রয়োজনীয় নথিপত্রের প্রত্যয়িত নকল-সহ আবেদন করতে হবে। আবেদনপত্র ৯ ফেব্রুয়ারির মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The General Manager, Central Tool Room & Training Centre, Bon Hooghly Industrial Area, Kolkata-700 108. আগ্রহী প্রার্থীরা বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.msmetool roomkolkata.com

## কলকাতার গভর্নমেন্ট অব ইন্ডিয়া প্রেসে অ্যাপ্রেন্টিস

২৫ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে গভর্নমেন্ট অব ইন্ডিয়া প্রেস। ট্রেনিং শুরু হবে এপ্রিলে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে।

আসনসংখ্যার বিন্যাস: বুক বাইন্ডার: ১৩টি, অফসেট মেশিন মাইন্ডার: ৮টি, মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স: ১টি, ইলেক্ট্রিশিয়ান: ১টি, প্লেট মেকিং: ২টি।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী এবং আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.dop.nic.in

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র স্পিড পোস্ট বা রেজিস্টার্ড পোস্টের মাধ্যমে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Manager, Govt. of India Press, 1, Temple Street, Kolkata-700 072. অথবা সরাসরি উপরোক্ত ঠিকানায় রাখা ড্রপবক্সে আবেদনপত্র জমা দিতে পারেন। আবেদনপত্র পৌঁছনোর শেষ তারিখ ১৫ ফেব্রুয়ারি।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## সেন্ট্রাল টিচার এলিজিবিলিটি টেস্ট ৫ জুলাই

*প্রথম পাতার পর*

সমতুল। সেইসঙ্গে ২ বছরের ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন (ডি এল এড) বা ৪ বছরের ব্যাচেলর অব এলিমেন্টারি এডুকেশন (বি এল এড) বা ২ বছরের ডিপ্লোমা ইন এডুকেশন (স্পেশ্যাল এডুকেশন)। অথবা মোট অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক এবং এন সি টি ই রেগুলেশনস, ২০০২ অনুসারে ২ বছরের ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন। অথবা গ্র্যাজুয়েট এবং ২ বছরের ব্যাচেলর অব এডুকেশন (বি এড)।

**ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণির শিক্ষকপদের প্রার্থীদের ক্ষেত্রে:** গ্র্যাজুয়েট এবং সেইসঙ্গে এলিমেন্টারি এডুকেশনে ২ বছরের ডিপ্লোমা (ডি এল এড)। অথবা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ গ্র্যাজুয়েট এবং সেইসঙ্গে ১ বছরের বি এড বা স্পেশ্যাল এডুকেশনে বি এড ডিগ্রি। অথবা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল। সেইসঙ্গে এলিমেন্টারি এডুকেশনের ৪ বছরের ব্যাচেলর ডিগ্রি (বি এল এড) অথবা বি এ (এড) বা বি এসসি (এড)। অথবা মোট অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ গ্র্যাজুয়েট এবং এন সি টি ই রেগুলেশনস, ২০০২ অনুসারে ১ বছরের বি এড ডিগ্রি।

সবক্ষেত্রেই বি এড বা ডি এল এড বা বি এ (এড) বা বি এসসি (এড)-এর ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদন করতে পারেন। তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীরা ৫ শতাংশ ছাড় পাবেন।

সবক্ষেত্রেই স্পেশ্যাল এডুকেশনের শিক্ষক-শিক্ষণ কোর্স রিহ্যাবিলিটেশন কাউন্সিল অব ইন্ডিয়া (আর সি আই) এবং সাধারণ শিক্ষক-শিক্ষণ কোর্স এন সি টি ই কর্তৃক স্বীকৃত হতে হবে।

সি টি ই টি-তে বসার জন্য বয়সের কোনও বিধিনিষেধ নেই। তবে এই পরীক্ষায় সফলরা স্কুলে চাকরির জন্য আবেদন করলে সংশ্লিষ্ট স্কুলের নিয়মকানুন মানতে হবে।

**পরীক্ষার ধরনধারন:** সি-টেট পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। দু'টি পত্রের পরীক্ষা। যাঁরা প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিক্ষকতা করতে চান তাঁরা প্রথম পত্রের এবং যাঁরা ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত শিক্ষকতার জন্য বিবেচিত হতে চান তাঁরা দ্বিতীয় পত্রের উত্তর করবেন। যাঁরা উভয়স্তরের জন্যই বিবেচিত হতে চান তাঁদের দু'টি পত্রেরই উত্তর দিতে হবে।

পরীক্ষা ৫ জুলাই (রবিবার)। প্রথম পত্রের পরীক্ষা সকাল সাড়ে ৯টা থেকে, দ্বিতীয় পত্রের পরীক্ষা দুপুর ২টো থেকে। প্রতি পত্রের জন্য সময় আড়াই ঘণ্টা। পশ্চিমবঙ্গের প্রার্থীদের পরীক্ষাকেন্দ্র দুর্গাপুর (সিটি কোড ২১১) ও কলকাতা (সিটি কোড ২১২)।

পেপার ওয়ানে থাকবে চাইল্ড ডেভেলপমেন্ট অ্যান্ড পেডাগজি, ল্যাঙ্গুয়েজ-১, ল্যাঙ্গুয়েজ-২, ম্যাথমেটিক্স, এনভায়রনমেন্টাল স্টাডিজ। প্রতিটি বিভাগে ১৫টি করে প্রশ্ন থাকবে। প্রতি প্রশ্নের মান ২ নম্বর। মোট ১৫০ নম্বরের পরীক্ষা। পেপার টুয়ে থাকবে চাইল্ড ডেভেলপমেন্ট অ্যান্ড পেডাগজি, ল্যাঙ্গুয়েজ-১, ল্যাঙ্গুয়েজ-২ (প্রতিটি বিভাগে ১৫টি করে প্রশ্ন, প্রশ্নের মান ২ নম্বর) এবং ম্যাথমেটিক্স ও সায়েন্স টিচারের ক্ষেত্রে ম্যাথমেটিক্স অ্যান্ড সায়েন্স (৬০টি প্রশ্ন, ৬০ নম্বর) অথবা সোশ্যাল স্টাডিজ বা সোশ্যাল সায়েন্স টিচারের ক্ষেত্রে সোশ্যাল স্টাডিজ ও সোশ্যাল সায়েন্স (৪০টি প্রশ্ন, ৬০ নম্বর)। পরীক্ষার বিশদ সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে: www.ctet.nic.in

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ctet.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২৪ ফেব্রুয়ারি পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (জে পি জি ফর্ম্যাটে ১০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) ও সই (জে পি জি ফর্ম্যাটে ৩ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি জমা দেওয়া যাবে অনলাইন-অফলাইন, দু'পদ্ধতিতেই। একটি পেপারের পরীক্ষা দিতে চাইলে ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০০ টাকা) এবং দু'টি পেপারের পরীক্ষা দিতে চাইলে ১,২০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৬০০ টাকা)। জি এস টি অতিরিক্ত। অফলাইনের ক্ষেত্রে ই-চালানের মাধ্যমে ফি জমা দিতে হবে সিন্ডিকেট ব্যাঙ্ক বা কানাড়া ব্যাঙ্কের যে-কোনও শাখায়। চালানের প্রিন্ট আউট পাবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। এ ছাড়া ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের সাহায্যে অনলাইন মাধ্যমেও ফি জমা দিতে পারেন।

ফি জমা দিয়ে যথাযথ ভাবে পূরণ করা অনলাইন দরখাস্ত সাবমিট করার পর কনফার্মেশন পেজ-এর এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নিতে হবে। এটি নিজের কাছে রেখে দেবেন। কোথাও পাঠাতে হবে না। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কটন কর্পোরেশনে চাকরি

*প্রথম পাতার পর*

**কমার্শিয়াল এক্সিকিউটিভ:** ২০টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিকভাবে অনগ্রসর ২)। পোস্ট কোড ১৯: **জুনিয়র অ্যাসিস্ট্যান্ট (জেনারেল):** ১৪টি (সাধারণ ৮, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। পোস্ট কোড ২০: **জুনিয়র অ্যাসিস্ট্যান্ট (অ্যাকাউন্টস):** ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** উপরোক্ত তিনটি পদের ক্ষেত্রে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) এগ্রিকালচারে বি এসসি ডিগ্রি।

**বয়স:** ১-১০-২০১৯ তারিখে ১৮ বছরের বেশি হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**বেতনক্রম:** ম্যানেজমেন্ট ট্রেনি পদের ক্ষেত্রে ৩০,০০০-১,২০,০০০ টাকা। জুনিয়র কমার্শিয়াল এক্সিকিউটিভ ও জুনিয়র অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ২২,০০০-৯০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। মোট নম্বর ১২০। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.cotcorp.org.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৭ জানুয়ারি।

ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ২৫০ টাকা)। এস বি আই পেমেন্ট গেটওয়ের সহযোগিতায় অনলাইনে ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ত্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে অনলাইনে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার পর এস বি আই ই-রিসিপ্ট ও রেজিস্ট্রেশন স্লিপের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। ফোন নম্বর: (০২২) ৬১৩০-৬২১৯।

## কলকাতা দূরদর্শনে চাকরি

*প্রথম পাতার পর*

বাংলা মাধ্যমে মাধ্যমিক পরীক্ষা দিয়ে থাকলে, অডিও-ভিস্যুয়াল মাধ্যমে কাজের অভিজ্ঞতা থাকলে, অ্যাডোব প্রিমিয়ার প্রো, এফ সি পি, অ্যাভিড মিডিয়া কম্পোজার ও কম্পিউটার গ্রাফিক্স বিষয়ে জ্ঞান থাকলে এবং স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক বিষয়ে জ্ঞান থাকলে অগ্রাধিকার। বয়স: ২৫-১-২০২০ তারিখে ২৫ থেকে ৫০ বছরের মধ্যে হতে হবে।

**সহকারী বার্তা সম্পাদক:** স্নাতক, সঙ্গে জার্নালিজমে ডিগ্রি বা ডিপ্লোমা। এর পাশাপাশি নিউজ ব্রডকাস্টিংয়ে বা কোনও নিউজ অর্গানাইজেশনে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বাংলা মাধ্যমে মাধ্যমিক পরীক্ষা দিয়ে থাকলে, জাতীয় ও আন্তর্জাতিক বিষয়ে জ্ঞান থাকলে অগ্রাধিকার। বয়স: ২৫-১-২০২০ তারিখে ২৫ থেকে ৫০ বছরের মধ্যে হতে হবে।

**অ্যাসিস্ট্যান্ট ওয়েবসাইট এডিটর:** শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে জার্নালিজম বা মাস কমিউনিকেশনে ডিগ্রি বা ডিপ্লোমা। সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে, সংবাদ মাধ্যমের আধুনিক পরিচালন পদ্ধতি সম্পর্কে জ্ঞান বা দক্ষতা থাকলে এবং স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক বিষয়ে জ্ঞান থাকলে অগ্রাধিকার। বয়স: ২৫-১-২০২০ তারিখে ২১ থেকে ৫০ বছরের মধ্যে হতে হবে।

**কম্পিউটার গ্রাফিক্স অপারেটর:** শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে কম্পিউটার অ্যাপ্লিকেশনে সার্টিফিকেট কোর্স পাশ। সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ২৫-১-২০২০ তারিখে ২১ থেকে ৫০ বছরের মধ্যে হতে হবে।

নথিপত্র যাচাইয়ের পর প্রার্থীদের স্কিল টেস্টের জন্য ডাকা হবে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.doordarshan.gov.in/ddbangla/circular দরখাস্ত পূরণ করবেন যথাযথ ভাবে। দরখাস্তের নির্দিষ্ট স্থানে প্রার্থীর এক কপি পাসপোর্ট মাপের ফটো সেঁটে দেবেন।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত-ভরা খামের উপর যে-পদের জন্য আবেদন করছেন তার নাম লিখে দেবেন। দরখাস্ত ২৫ ফেব্রুয়ারির মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Head of News, Regional News Unit, Doordarshan Kendra, 18/3, Uday Sankar Sarani, Kolkata-700 095.

আগ্রহীরা খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## আর্মিতে শতাধিক ইঞ্জিনিয়ার

*প্রথম পাতার পর*

ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল (মেকাট্রনিক্স) ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিং। ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্সের ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল (ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার) ইঞ্জিনিয়ারিং, পাওয়ার সিস্টেম ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং। কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার টেকনোলজি/ইনফর্মেশন টেকনোলজি/এম এসসি (কম্পিউটার সায়েন্স)-এর ক্ষেত্রে কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং। ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকম/ টেলিকমিউনিকেশন/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন/স্যাটেলাইট কমিউনিকেশনের ক্ষেত্রে ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং। ইলেক্ট্রনিক্স/অপ্টো ইলেক্ট্রনিক্স/ফাইবার অপটিক্স/ মাইক্রো ইলেক্ট্রনিক্স অ্যান্ড মাইক্রোওয়েভের ক্ষেত্রে পাওয়ার ইলেক্ট্রনিক্স অ্যান্ড ড্রাইভস। আর্কিটেকচার/বিল্ডিং কনস্ট্রাকশন টেকনোলজির ক্ষেত্রে আর্কিটেকচার ইঞ্জিনিয়ারিং। অ্যারোনটিক্যাল/ ব্যালিস্টিক্স/ অ্যাভিওনিক্স/ অ্যারোস্পেসের ক্ষেত্রে অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং।

যাঁরা ফাইনাল ইয়ারের পরীক্ষা দিতে চলেছেন বা দিয়েছেন তাঁরাও আবেদনের যোগ্য। সেক্ষেত্রে ট্রেনিং শুরুর ১২ সপ্তাহের মধ্যে ডিগ্রি সার্টিফিকেট দাখিল করতে হবে।

**বয়স:** ১-১০-২০২০ তারিখে ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েটদের ক্ষেত্রে ২০ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-১০-১৯৯৩ থেকে ১-১০-২০০০-এর মধ্যে।

প্রাথমিকভাবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে দু'পর্যায়ের পরীক্ষার মাধ্যমে। প্রার্থী বাছাই করবে সার্ভিস সিলেকশন বোর্ড। সিলেকশন সেন্টারগুলি হল: এলাহাবাদ, ভোপাল, বেঙ্গালুরু ও কাপুরথালা। সিলেকশন সেন্টারে প্রথম পর্যায়ের পরীক্ষায় সফল হলে তবেই বাকি টেস্টগুলি দেওয়া যাবে। অন্যথায় সেদিনই ফেরত পাঠানো হবে। পরীক্ষায় থাকবে সাইকোলজিক্যাল টেস্ট, গ্রুপ টেস্ট এবং ইন্টারভিউ। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন।

৪৯ সপ্তাহের ট্রেনিং। ট্রেনিং হবে চেন্নাইয়ের অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে। ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড: প্রতি মাসে ৫৬,১০০ টাকা। ট্রেনিংয়ে সফল হলে লেফটেন্যান্ট র‍্যাঙ্কে নিয়োগ। তখন বেতনক্রম: ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। সঙ্গে মিলিটারি সার্ভিস পে ১৫,৫০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২০ ফেব্রুয়ারি পর্যন্ত। যথাযথভাবে দরখাস্ত পূরণ করে 'Submit' করবেন। রোল নম্বর-সহ পূরণ করা দরখাস্তের দু'কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট (পি ডি এফ ফর্ম্যাটে) নিয়ে নেবেন। এর মধ্যে একটি প্রিন্ট আউটের নির্দিষ্ট জায়গায় সই করে এক কপি পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো সেঁটে দেবেন। এটি সিলেকশন সেন্টারে ইন্টারভিউয়ের সময় সঙ্গে নিয়ে যেতে হবে। সঙ্গে প্রয়োজনীয় যাবতীয় মূল নথিপত্র ও তার এক কপি স্বপ্রত্যয়িত নকল নিয়ে যাবেন। অপর প্রিন্ট আউটটি নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হতে পারে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

Banglajobguide

